আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

# আইডিআরএ-এর নির্দেশনাবলী

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

# আইডিআরএ-এর নির্দেশনাবলী

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# আইডিআরএ-এর নির্দেশনাবলী


সম্পাদক
ড. এম. মোশাররফ হোসেন এফসিএ
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

প্রথম প্রকাশ
১ মার্চ ২০২০ (জাতীয় বীমা দিবস)

প্রকাশক
আইডিআরএ

প্রচ্ছদ ও গ্রাফিক্স ডিজাইন
চঞ্চল হোসেন

অক্ষরবিন্যাস
মুহাম্মদ মাসুম হোসেন

মুদ্রণ
কুইক প্রিন্ট
সিদ্দিক ম্যানশন, ১৯৩/২ ফকিরাপুল, ঢাকা।

মূল্য: ১২০০ টাকা

# বঙ্গবন্ধু ও বীমা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, স্বাধীনতা যুদ্ধের সর্বাধিনায়ক, স্বাধীন বাংলাদেশের স্থপতি, একজন দার্শনিক, রাজনীতিবিদই ছিলেন না, তিনি আমাদের বীমা শিল্পের উচ্চ পর্যায়ের একজন বীমা ব্যক্তিত্বও ছিলেন। তিনি ১৯৬০ সালের ১ মার্চ তৎকালীন আলফা ইন্স্যুরেন্স এর বাংলাদেশ অঞ্চলের প্রধান হিসেবে যোগদান করেছিলেন। সে সময়ে রাষ্ট্রীয়ভাবে রাজনীতি নিষিদ্ধ থাকায় তিনি রাজনীতির চাকা সচল রাখার স্বার্থে বিচক্ষণতা ও দূরদর্শিতার সাথে বেছে নিয়েছিলেন বীমা শিল্পকে। এর ফলে তিনি বীমা কোম্পানীর কাজের পাশাপাশি দেশের আপামর জনসাধারণকে সংঘবদ্ধ ও একত্রিত করে রেখেছিলেন এবং নিরবে নিভৃতে মানুষের অধিকার প্রতিষ্ঠার আন্দোলন চালিয়ে গেছেন।

বাংলাদেশ নামক রাস্ট্রটির প্রতিষ্ঠাতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি বীমা শিল্পে চাকরি করা সত্ত্বেও নেপথ্যে যে শুধুমাত্র মানুষের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনই করেছেন তা নয়, তৎকালীন সময়কার বীমা ব্যক্তিত্ব খোদা বকশ্, গোলাম মাওলা, গাজী গোলাম মোস্তফা, শামছুল আলম, পোষ্টার নূরুল ইসলামসহ বীমা শিল্পের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের সাথেও ছিল তাঁর নিবিড় সম্পর্ক। এতে প্রতীয়মান হয় যে, বঙ্গবন্ধু বীমা শিল্পকে হাতিয়ার হিসেবে ব্যবহার করেছেন পাকিস্তানী হানাদারদের বিরুদ্ধে পুরো দেশবাসীকে সংঘবদ্ধ রাখতে, তাঁর রাজনৈতিক পরিকল্পনা বাস্তবায়ন করতে এবং এ দেশের মানুষের অধিকার আদায় করতে। অর্থাৎ বীমা শিল্পে বঙ্গবন্ধুর চাকরি এবং আন্দোলন অঙ্গাঅঙ্গিভাবে জড়িত। সেই হিসেবে বীমা শিল্পকে 'প্রাতিষ্ঠানিক মুক্তিযোদ্ধা' হিসেবে আখ্যায়িত করা হলে জাতির পিতার অন্তর্নিহিত ইচ্ছাকেই সম্মান করা হবে।

# ভূমিকা

বীমা একটি আংকিক তথা গানিতিক ও জটিল বিষয়। পাশাপাশি বীমা যেহেতু স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদী ঝুঁকি নিয়ে কাজ করে  সেহেতু একটি বীমা কোম্পানী পরিচালনায় বিদ্যমান আইন, বিধি-বিধান এবং কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সার্কুলার তথা নির্দেশনাসমূহ মেনে চললেই কেবলমাত্র বীমা গ্রাহকদের স্বার্থ যথাযথভাবে সংরক্ষণ করা সম্ভব। বর্তমান সরকার বিশ্ব দরবারে বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসেবে দাঁড় করিয়েছে যার হাজারো নির্দশনের একটি নির্দশন  বীমাখাত। কেননা বর্তমান সরকারই এ খাতের সুশাসনের জন্য ১৯৩৮ সালের পুরাতন বীমা আইনকে ঢেলে সাজিয়ে বীমা আইন, ২০১০ প্রবর্তন করে এবং তা পরিপালন নিশ্চিত করার জন্য একই সনে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন পাশপূর্বক কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করে। পাশাপাশি প্রবর্তন করা হয় বীমার  নানা বিষয়ে অতীব প্রয়োজনীয় বেশকিছু বিধি এবং প্রবিধান।

উক্ত আইন, বিধি ও প্রবিধানের আলোকে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সময়ে সময়ে বীমাখাতে শৃংঙ্খলা আনয়ন তথা উন্নয়নের জন্য সার্কুলার জারি করে। কিন্তু সেগুলো বিক্ষিপ্ত আকারে থাকায় কম্প্লায়েন্স নিশ্চিত করা কঠিন হয়। এ বইটিতে উক্ত সার্কুলারসমূহ সাল ও তারিখ অনুযায়ী বিন্যস্ত করে তুলে ধরা হলো, যাতে বীমাকারী নির্দেশনাগুলোকে যথাযথভাবে নিশ্চিত করতে পারে।

বইটি সম্পাদনার গুরুদায়িত্ব পালন করেছেন ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ, সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

-বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# সূচি


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ম খন্ড | Dos & Don'ts for Insurers | ১৩ |
| | Life | ১৪ |
| | Non-Life | ২৩ |
| ২য় খন্ড | সার্কুলার | ৩৮ |
| ৩য় খন্ড | পত্র মারফত নির্দেশনা | ১১২ |
| ৪র্থ খন্ড | CRC সংক্রান্ত সার্কুলার | ২৬৬ |
| ৫ম খন্ড | জাতীয় বীমা নীতি ২০১৪ | ৫৩৫ |

# ১ম খন্ড

# Dos & Don'ts for Insurers

## Dos for Life

| নং | রেফারেন্স | করণীয় |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ গেজেট প্রজ্ঞাপন- এস.আর ও নং-৩৪৯ আইন/২০১৫ | পুনঃবীমাসংক্রান্ত চুক্তির একটি অনুলিপি চুক্তি স্বাক্ষরের অনধিক ১ মাসের মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। |
| ০২ | বাংলাদেশ গেজেট প্রজ্ঞাপন- এস.আর ও নং-৩৪৯ আইন/২০১৫ | পুনঃবীমাসংক্রান্ত চুক্তি সংশ্লিষ্ট পরিসংখ্যান বাৎসরিক হিসাবের সাথে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। |
| ০৩ | আইডিআরএ স্মারক নং- ৫৩.০৩.০০০০. ০১৯.৬৭.১৮-৫৪ ১৩/৯/২০১৮ | Uniform KYC profile form ব্যবহার করতে হবে। |
| ০৪ | বীমা আইন, ২০১০ ধারা ৩০ | বিধান মোতাবেক একচ্যুয়ারি কর্তৃক প্রস্তুতকৃত লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর আর্থিক অবস্থা সম্বলিত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে। |
| ০৫ | বীঃ উঃ নিঃ কঃ ৫৩.০৩.০০০০.৭৫.২২. ১৪.১৮.১৮৪ ২১/৭/২০১৯ | বীমা প্রতিষ্ঠানের মুখ্য নির্বাহী কর্মকর্তার ছুটির বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। |
| ০৬ | আইডিআরএ এর নির্দেশনা | বীমাকারীর চেয়ারম্যান, পরিচালক, পরামর্শক, প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়ের সকল কর্মকর্তার তালিকা কোম্পানীর নিজস্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। |
| ০৭ | ধারা ৩১ | প্রত্যেক বীমাকারী তৎকৃত বাংলাদেশে লেনদেনকৃত বীমা ব্যবসাসংক্রান্ত সকল পলিসি এবং দাবির বিষয়ে প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে একটি রেজিস্টার সংরক্ষণ করিবে। |
| ০৮ | ধারা ৫৭ | বীমা পলিসিগ্রাহক নিজ জীবনের উপর পলিসি গ্রহণকালে বা পলিসি মেয়াদপূর্তি (পরিপক্ক হওয়ার) পূর্বে যে কোন সময় তাহার মৃত্যুতে পলিসি দ্বারা নিশ্চিত অর্থ গ্রহণের জন্য এক বা একাধিক ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন । |
| ০৯ | ধারা ৪৩ | প্রত্যেক বীমাকারী প্রবিধান দ্বারা নির্ধারিত পরিমাণ ও পদ্ধতিতে উহার বীমা ব্যবসার জন্য সলভেন্সি মার্জিন সংরক্ষণ করিবে। |

| | | |
|---|---|---|
| ১০ | ধারা ৬৭ | লাইফ ইনসিওরেন্স ব্যবসার জন্য নিবন্ধিত প্রত্যেক বীমাকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় ক্ষেত্রে একজন একচ্যুয়ারি নিয়োগ করিবে। |
| ১১ | ৫৩.০৩০০০.০৫১.৪৫.০২৬. ১৯.১৩৮, ২৪/১২/২০১৯ | বীমাকারীর কোম্পানীর রেজিস্ট্রেশন নবায়নের সময় বাংলাদেশ ইনসিওরেন্স এসোসিয়েশনের সদস্যপদ গ্রহণের হালনাগাদ প্রত্যয়নপত্র আবশ্যিকভাবে দাখিল করতে হবে। |
| ১২ | বাংলাদেশ গেজেট প্রজ্ঞাপন- এস.আর ও নং-২৮৮ আইন/২০১৬ | বীমা কোম্পানীর উদ্যোক্তা পরিচালক পদের যোগ্যতা হিসেবে কমপক্ষে ২% শেয়ার ধারণ করিতে হইবে। |
| ১৩ | কর্তৃপক্ষের নির্দেশনা | প্রতিটি জীবন বীমা কোম্পানীকে দ্বি- বার্ষিক ভাবে ক্রেডিট রেটিং সম্পন্ন করতে হবে। |
| ১৪ | বীঃ উঃ নিঃ কঃ/লাইফ/৪২৭০/২০১৪-৭২, ২৬/৫/২০১৪ | মুখ্য নির্বাহী কর্মকর্তা যেকোন কারণে কোম্পানী থেকে পদত্যাগ করলে, উক্ত পদত্যাগপত্রের অনুলিপি পদত্যাগকৃত মুখ্য নির্বাহী কর্তকর্তার নিজ দায়িত্বে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। |
| ১৫ | স্মারক নং ৫৩.০৩.০০০০.০০৯.১৮.০১৪.১৮.১২৩, ৩১/৫/২০১৮ | বেসরকারী বীমা কোম্পানীসমূহের পরিচালক বোর্ড/ পর্ষদ সভায় যোগদানের জন্য সর্বোচ্চ ৮,০০০ (আট হাজার) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। |
| ১৬ | বীঃ উঃ নিঃ/জিএডি/১৭০৩/২০১৭-৯৩৮ | কোম্পানী কর্তৃক সকল লেনদেন করার ক্ষেত্রে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা বা তদুর্ধ্ব অর্থ ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| ১৭ | ধারা ৭২ | বীমা দাবীদার কর্তৃক দাবী প্রদানের সমর্থিত সকল কাগজপত্র দাখিলের ৯০ (নব্বই) দিনের মধ্যে দাবি পরিশোধ করতে হবে এবং ব্যর্থ হলে নির্ধারিত হারে সুদ প্রদান করতে হবে। |
| ১৮ | ধারা ৩৪ | বীমা ব্যবসা কার্যক্রম সম্পর্কে প্রত্যেক বীমাকারী প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি উহার শেয়ারগ্রহীতা কিংবা পলিসি গ্রহীতাদের নিকট পেশ করার অব্যবহিত পরেই কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে। |
| ১৯ | ধারা ১১ | বীমাকারীকে কোন বৎসরের নিবন্ধন নবায়নের দরখাস্ত পূর্ববর্তী বৎসরের ৩০ শে নভেম্বরের পূর্বে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে |

| | | |
|---|---|---|
| | | হবে এবং আবেদনের সাথে নির্ধারিত ফি প্রদান করতে হবে। |
| ২০ | লাইসেন্স ফি এর বিধিমালা, ২০১২ | লাইফ বীমাকারী কর্তৃক শাখা ও কার্যালয় স্থাপনের জন্য নিম্ন লিখিত হারে লাইসেন্স ফি প্রদান করতে হবে।<br>- বিভাগীয় সদরে ১০ হাজার টাকা।<br>- জেলা সদরে ৫ হাজার টাকা।<br>- অন্যান্য ক্ষেত্রে ১ হাজার টাকা। |
| ২১ | আইডিআরএ স্মারক নং-৫৩.০৩.০০০০. ০৭১.২৭.০২১.১৯-১২৬, ১৮/৮/২০১৯ | আইডিআরএ ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত বিলবোর্ড প্রতিটি জেলা, উপজেলা কার্যালয়ের সামনে এবং মহাসড়কের দৃশ্যমান জায়গায় স্থাপনের নির্দেশনা পালন করতে হবে। |
| ২২ | আইডিআরএ স্মারক নং-৫৩.০৩.০০০০. ০৭১.২৭.০২১.১৯-১৭৩, ৩০/১০/২০১৯ | বীমা কোম্পানীসমূহের পলিসি পত্র/কভার নোটে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানা সম্বলিত সীল সংযুক্তকরণ করতে হবে। |
| ২৩ | আইডিআরএ স্মারক নং-৫৩.০৩.০০০০. ০১৭.১৬.০০৭.১৮-৭৬, ১৮/৩/২০১৮ | বীমা কর্পোরেশন/ লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের সকল বীমা চুক্তিপত্র দ্বিভাষীকরণ (Bilingual) এবং সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন করতে হবে। শুধুমাত্র বিদেশের সাথে যোগাযোগের জন্য ইংরেজি ভাষা ব্যবহার করতে হবে। |
| ২৪ | বাংলাদেশ গেজেট এস আর ও নংঃ ৩৬০ আইন/২০১৯ | বিনিয়োগযোগ্য তহবিলের ৩০% সরকারী খাতে বিনিয়োগ করতে হবে।<br>অবশিষ্ট ৭০% সরকার অনুমোদিত নিম্নলিখিত খাতে বিনিয়োগ করা যাবে। |

| ক্রমিক নম্বর | বিনিয়োগ খাত | সম্পদের নির্ধারিত সর্বোচ্চ হার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৪ .০১ | বাংলাদেশ সরকারের গ্যারান্টিযুক্ত ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য ইস্যুকৃত বন্ড এবং অন্যান্য বন্ডঃ স্বতন্ত্র খ্যাতনামা ও বাংলাদেশে অনুমোদিত রেটিং সংস্থা কর্তৃক "AA" অথবা | উভয় বন্ডে সম্পদের পরিমাণ ১৫%। |

| | | |
|---|---|---|
| | সমমানের নিম্নে নহে এরূপ রেটিং প্রাপ্ত বন্ড। | |
| ২৪ .০২ | ডিবেঞ্চার বা সিকিউরিটিজ ঃ<br>(ক) সরকারের অনুমোদনক্রমে, কোন সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত ডিবেঞ্চার বা অন্যান্য সিকিউরিটিজ।<br>(খ) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন ডিবেঞ্চার। | (ক) কোন কোম্পানীর ডিবেঞ্চারে মোট বিনিয়োগের পরিমাণ লাইফ বীমাকারীর সম্পদের ৫%।<br>(খ) ডিবেঞ্চারে মোট বিনিয়োগ লাইফ বীমাকারীর সম্পদের ১০%। |
| ২৪ .০৩ | অগ্রাধিকার বা সাধারণ শেয়ারঃ<br>বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত এবং যে কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানীর অগ্রাধিকার বা সাধারণ শেয়ার।<br>তবে শর্ত থাকে যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক 'Z' ক্যাটাগরিভুক্ত শেয়ারে বিনিয়োগ করা যাইবে না। | কোন কোম্পানীতে বিনিয়োগের অগ্রাধিকার শেয়ার বা সাধারণ শেয়ার যে কোন সময় উক্ত কোম্পনীর পরিশোধিত মূলধনের ১০% বা লাইফ বীমাকারীর সম্পদের ৫%।<br>তবে শর্ত থাকে যে, সাধারণ শেয়ার বা অগ্রাধিকার শেয়ার বা অগ্রাধিকার শেয়ার বা উভয় প্রকারের মোট বিনিয়োগ লাইফ বীমাকারীর সম্পদের ২৫%। |
| ২৪ .০৪ | স্থাবর সম্পত্তি ঃ<br>(ক) সিটি কর্পোরেশন এলাকায় বা কোনো পৌরসভায় অবস্থিত দায়হীন এবং নিষ্কন্টক স্থাবর সম্পত্তি।<br>(খ) প্রথম বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি যা আবাসিক, দাপ্তরিক বা দোকান হিসাবে ব্যবহৃত বা লিজকৃত সম্পত্তি।<br>তবে শর্ত থাকে যে, লিজকৃত সম্পত্তি হইলে লিজের মেয়াদ অন্যূন ৩০ (ত্রিশ) বৎসর এবং উক্ত সম্পত্তির মূল্য লিজকৃত সম্পত্তির মূল্যের ৫০% হইতে হইবে। | (ক) বিনিয়োগকৃত অর্থ লাইফ বীমাকারীর সম্পদের ২০%।<br>(খ) সম্পত্তি আবাসিক কাজে ব্যবহৃত হইলে লাইফ বীমাকারীর সম্পদের ২% এবং সম্পত্তি দাপ্তরিক বা দোকান হিসাবে ব্যবহারের জন্য ভাড়া প্রদান করা হইলে লাইফ বীমাকারীর সম্পদের ৫%।<br>তবে শর্ত থাকে যে, দফা (ক) এবং (খ) এ বর্ণিত উভয় প্রকার সম্পত্তিতে মোট বিনিয়োগ লাইফ বীমাকারীর সম্পদের |

| | | |
|---|---|---|
| | | ২০%। |
| ২৪ .০৫ | তফসিলী ব্যাংক এ আমানতঃ<br>বাংলাদেশে অনুমোদিত রেটিং সংস্থা কর্তৃক 'A' অথবা সমমান বা শ্রেষ্ঠতর তফসিলী ব্যাংক এ আমানত গচ্ছিত রাখা। | কোন লাইফ বীমাকারীর সম্পদের ৬০% আমানত তফসিলী ব্যাংক এ গচ্ছিত স্থায়ী আমানত বা চলতি আমানত বা আংশিক স্থায়ী বা আংশিক চলতি আমানত এর পরিমাণ লাইফ বীমাকারীর সম্পদের ১০%। |
| ২৪ .০৬ | মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ডঃ<br>বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত বা নিয়ন্ত্রিত মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ডে বিনিয়োগ। | মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ডে বিনিয়োগ লাইফ বীমাকারীর সম্পদের ২০%। |
| ২৪ .০৭ | আর্থিক প্রতিষ্ঠানসমূহে স্থায়ী আমানতঃ<br>সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত আর্থিক প্রতিষ্ঠানসমূহে স্থায়ী আমানতে বিনিয়োগ করা যাইবে।<br>তবে শর্ত থাকে যে, বাংলাদেশে অনুমোদিত রেটিং সংস্থা কর্তৃক 'A' বা সমমানের বা শ্রেষ্ঠতর আর্থিক প্রতিষ্ঠানে আমানত গচ্ছিত রাখিতে পারিবে। | আর্থিক প্রতিষ্ঠানসমূহে স্থায়ী আমানতে বিনিয়োগ লাইফ বীমাকারীর সম্পদের ১০% ।<br>তবে শর্ত থাকে যে, কোন একটি আর্থিক প্রতিষ্ঠানে স্থায়ী আমানত হিসাবে বীমাকারীর মোট সম্পদের ২%। |
| ২৪ .০৮ | সাবসিডিয়ারি কোম্পানীতে বিনিয়োগ ঃ<br>কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এবং তদকর্তৃক আরোপিত শর্ত সাপেক্ষে সাবসিডিয়ারি বা অধীনস্থ কোম্পানীতে বিনিয়োগ করিতে হইবে। | লাইফ বীমাকারীর মোট সম্পদের ১০%। |
| ২৪ .০৯ | অন্যান্য প্রকারের সম্পদে বিনিয়োগ ঃ<br>কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এবং আরোপিত শর্ত সাপেক্ষে অনুমোদিত অন্যান্য প্রকার সম্পদেও বিনিয়োগ করিতে পারিবে। | বীমাকারীর মোট সম্পদের ৫%। |
| ২৫. | বীঃ উঃ নিঃ কঃ/ জিএডি/১০০৩/২০১১-৫৫৫ | বীমা এজেন্ট লাইসেন্স প্রাপ্তির আবেদনের সাথে বীমা এজেন্টের ব্যাংক একাউন্ট, |

| | | |
|---|---|---|
| | | জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি, ইটিন নম্বর (যদি থাকে) দাখিল করতে হবে। |
| ২৬. | জিএডি ১০০৩/২০১১-৫৫৪, ২৪/০৪/২০১৪ | Directors Report (পরিচালক মন্ডলীর প্রতিবেদন) এ কোম্পানীর গাড়ীর সংখ্যা ও মোট মূল্যের Disclosure থাকতে হবে। |

# Don’ts for Life

| নং | রেফারেন্স | বর্জণীয় |
|---|---|---|
| ০১ | ধারা ৭৫ | যুগপৎভাবে একই শ্রেণীর একাধিক বীমাকারী বা বীমাকারী ও ব্যাংক কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হওয়া যাবে না। |
| ০২ | ধারা ৭৬ | পরিচালকের সংখ্যা ২০ (বিশ) জন এর অধিক হইবে না। সেই ক্ষেত্রে ১২ জন উদ্যোক্তা পরিচালক ও জনগণের অংশের শেয়ারগ্রহীতা ৬ জন শেয়ারগ্রহীতা পরিচালক এবং ২ জন নিরপেক্ষ পরিচালক । |
| ০৩ | ধারা ৮১ | সর্বোচ্চ ০২ জন উপদেষ্টা নিয়োগ করা যাবে এবং উক্তরূপ নিয়োগ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে হইবে না। |
| ০৪ | প্রবিধান | এককালীন ০৩ বছরের অধিক সময়ের জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ চুক্তি করা যাবে না। |
| ০৫ | প্রবিধান | একই পরিবার থেকে ২ (দুই) জনের অধিক পরিচালক হতে পারবে না। |
| ০৬ | বীঃ উঃ নিঃ কঃ / জি এ ডি/ ১০০৩ (৩) ২০১১-১২৬৩ ৬/৮/২০১২ | কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা ব্যতিত অন্য কোন কর্মকর্তা আই.ডি.আর.এ -এর সাথে পত্র যোগাযোগ করতে পারবেন না। |
| ০৭ | সার্কুলার নং জি এ ডি ১১/২০১২ | বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক কর্তৃপক্ষের পুর্বানুমতি ব্যতিত জমি, দালানসহ অন্যান্য স্থাবর সম্পত্তি বিক্রয়/হস্তান্তর/দান করা যাবে না। |
| ০৮ | আইডিআরএ এর নির্দেশনা | পর্ষদ চেয়ারম্যান ও মুখ্য নির্বাহী কর্মকর্তার জন্য কোম্পানীর অর্থে সর্বোচ্চ ৮৫ (পঁচাশি) লক্ষ টাকার মোটরযান ক্রয় করা যাবে। পুলের জন্য সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকার মোটরযান ক্রয় |

| | | |
|---|---|---|
| | | করা যাবে এবং পুলে সর্বোচ্চ ৪টির বেশি গাড়ি রাখা যাবে না। |
| ০৯ | আইডিআরএ এর নির্দেশনা | গ্রাহকের পলিসির মেয়াদ পূর্ণ হলে পলিসির টাকা ব্যাংক একাউন্টের মাধ্যমে গ্রাহকের একাউন্টে ট্রান্সফার বা স্থানান্তর করতে হবে। |
| ১০ | ধারা ৮০ | কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কোন ব্যক্তিকে বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তারূপে নিয়োগ করা যাইবে না। এই আইনের অধীনে অনুমোদিত কোন মুখ্য নির্বাহী কর্মকর্তাকে কর্তৃপক্ষের পুর্বানুমতি ব্যতিত অপসারণ, চাকুরিচ্যুত বা বরখাস্ত করা যাবে না। |
| ১১ | ধারা ৭৮ | কোন ব্যক্তি বীমাকারীর চাকুরিতে উপদেষ্টা, নিরীক্ষক, পরামর্শক বা অন্য কোন লাভজনক পদে নিয়োজিত থাকিলে তিনি উক্ত বীমাকারীর পরিচালক হইবার বা থাকিবার যোগ্য হইবেন না। |
| ১২ | ধারা ৭৭ | বীমাকারীর পরিচালনা পর্ষদের সদস্য ব্যতিত অন্য কেহ পরিচালকের দায়িত্ব পালন করিবেন না। তবে শর্ত থাকে যে, কোন পরিচালক ৩ মাসের অধিক সময়ের জন্য বাংলাদেশের বাহিরে অবস্থান করিলে কর্তৃপক্ষকে পূর্ব অবহিতকরণপূর্বক পরিচালক হওয়ার যোগ্যতাসম্পন্ন কোন ব্যক্তিকে তাহার স্থলে পরিচালক হিসাবে কাজ করার জন্য মনোনীত করিতে পারিবেন। আরো শর্ত থাকে যে, অনুরূপ কোন মনোনীত পরিচালক কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ৬ মাসের অধিক পরিচালকরূপে দায়িত্ব পালন করিবেন না। |
| ১৩ | ধারা ৫৮ | কোন ব্যক্তি বাংলাদেশে বীমা ব্যবসা অর্জন বা সংগ্রহের উদ্দেশ্যে বীমা এজেন্ট বা এজেন্ট নিয়োগকারী বা ব্রোকার ব্যতিত অন্য কাহাকেও কমিশন বা অন্য কোন নামে কোন পারিশ্রমিক বা পারিতোষিক পরিশোধ করিবে না বা প্রদান করার জন্য কোন চুক্তি করিবে না। |
| ১৪ | ধারা ৪৭ | কোন বীমাকারী এই আইন প্রবর্তনের পর তাহার ব্যবসা পরিচালনার্থে ম্যানেজিং এজেন্ট নিয়োগ করিবে না। |
| ১৫ | বাংলাদেশ গেজেট এস.আর ও নং ২৮৮-আইন/২০১৬ | কোন ব্যক্তি বা তাহার পরিবারের সদস্যবৃন্দ এককভাবে বা যৌথভাবে বা কোন কোম্পানী কোন বীমাকারীর শতকরা ১০ (দশ) ভাগের অতিরিক্ত শেয়ার ধারণ করিতে পারিবে না। |

| | | |
|---|---|---|
| ১৬ | সার্কুলার জিএডি ১০/২০১২ | বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কোন দালান/ ভূমি/ক্রয়/বিক্রয়/ভবন নির্মাণ করা যাবে না। |
| ১৭ | সার্কুলার নং-লাইফ ৬/২০১৩ | একচ্যুয়ারি কর্তৃক প্রত্যায়িত এবং কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত কোন বীমাকারী লাইফ ইন্স্যুরেন্স পরিকল্প বাজারজাত করতে পারবে না। |
| ১৮ | জিএডি ১০০৩(৩)/২০১১-২১৬ ০৬/০২/২০১৪ | নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীদের পূর্ববর্তী কোম্পানীর অব্যাহতিপত্র ছাড়া কোন ক্রমেই যোগদান করতে দেয়া যাবে না। |
| ১৯ | প্রধান কার্যালয়ের পুলে ৪টির বেশী মোটরযান রাখা যাবে না। | |
| ২০ | জিএডি ১০০৩/২০১১-১০৮৬ ৩১/০৮/২০১৪ | কোম্পানীর তহবিল থেকে কর্মকর্তা/ কর্মচারীদের আয়কর পরিশোধ করা যাবে না। |
| ২১ | জিএডি সার্কুলার ১২/২০১৪ ০৭/১২/২০১৪ | ৭২ ঘন্টার প্রশিক্ষণ ছাড়া এজেন্ট লাইসেন্সের জন্য আবেদন করা যাবে না। |
| ২২ | সার্কুলার নং লাইফ ০৭/২০১৪ ৩১/১২/২০১৪ ধারা ৫(৪) | লাইফ বীমাকারী স্বতন্ত্রভাবে (Standalone) নন-লাইফ সংশ্লিষ্ট কোন বীমা ব্যবসার চুক্তি যথাঃ কোন ব্যক্তির দুর্ঘটনাজনিত মৃত্যু বা মৃত্যু ব্যতিত দুর্ঘটনা, রোগ বা অক্ষমতাজনিত ক্ষতি ইত্যাদি করতে পারবে না। |

# Dos for Non-Life

| নং | রেফারেন্স | করণীয় |
|---|---|---|
| ০১ | ধারা ৫(৩) | মানব জীবনের উপর বীমা চুক্তি ব্যতীত অন্য সকল শ্রেণীর বীমা চুক্তি করতে হবে । |
| ০২ | ধারা ১১(২) | কোন বছরের নিবন্ধন নবায়নের জন্য বীমাকারী বা বীমা কোম্পানী পূর্ববর্তী বছরের ৩০শে নভেম্বরের পূর্বে কর্তৃপক্ষের নিকট সরকার কর্তৃক নির্ধারিত ফি-সহ আবেদন করতে হবে। |
| ০৩ | ধারা ১৪(২) | শাখা অফিস প্রতিষ্ঠার লাইসেন্সের জন্য বীমাকারীকে প্রবিধান দ্বারা নির্ধারিত ফরমে এবং বিধি দ্বারা নির্ধারিত ফি প্রদান স্বাপেক্ষে কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে। |
| ০৪ | ধারা ১৭ | সেন্ট্রাল রেটিং কমিটির নির্ধারিত প্রিমিয়াম রেট সকল নন-লাইফ বীমাকারী বা বীমা কোম্পানী অবশ্যই মেনে চলতে হবে। |
| ০৫ | ধারা ১৮(৩) | বীমাঝুঁকি গ্রহণের পূর্বে নির্ধারিত পদ্ধতিতে প্রিমিয়াম সংগ্রহ করতে হবে। |
| ০৬ | ধারা ২০ | পুনঃবীমা করার জন্য নির্ধারিত নিয়ম-কানুন অনুসরণ করে বিদেশে পুনঃবীমা করতে হবে। |
| ০৭ | ধারা ২৬ | প্রতি শ্রেণীর বীমা ব্যবসার প্রেক্ষিতে সকল প্রাপ্তী ও প্রদান (Receipt & Payment) এর পৃথক পৃথক হিসাব সংরক্ষণ করতে হবে এবং বীমা ব্যবসায়ের উপ-শ্রেণীর, একক বা যৌথভাবে ব্যবসায়ের হিসাবও সংরক্ষণ করতে হবে। |
| ০৮ | ধারা ২৭ | বীমাকারীকে বাংলাদেশে লেনদেন করা প্রতিটি বীমা ব্যবসার ক্ষেত্রে প্রত্যেক বছরের সমাপ্তিতে নিম্নলিখিত বিবরণী প্রস্তুত করতে হবে। যথাঃ-<br>ক) বিধি-বিধান অনুসরণ করে নির্ধারিত ছকে উদ্বৃত্তপত্র (Balance Sheet) প্রস্তুত করা;<br>খ) বিধি-বিধানের ছক মোতাবেক লাভ এবং লোকসান |

| | | |
|---|---|---|
| | | হিসাব প্রস্তুত করা;<br>গ) শ্রেণী অনুসারে ব্যবসায়ের আয়-ব্যায়ের হিসাব নির্ধারিত ফর্মে সংরক্ষণ করতে হবে;<br>ঘ) বীমা ব্যবসায়ের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিগণের নাম ও পরিচিতি সম্বলিত একটি বিবরণী এবং ব্যবসায়ের কার্যক্রম সম্পর্কিত সমস্ত তথ্য উল্লেখ করে একটি প্রতিবেদন তৈরী করতে হবে। |
| ০৯ | ধারা ৩১ | বীমা ব্যবসায়ের ক্ষেত্রে প্রতিটি বীমাকারী সকল পলিসি এবং দাবির রেজিস্টার সংরক্ষণ করতে হবে। |
| ১০ | ধারা ৩২ | (১) ধারা ২৭ অনুসারে নিরীক্ষিত হিসাব এবং ব্যালেন্স শীট প্রিন্ট করা এবং এর চারটি অনুলিপি হিসাব বর্ষ শেষ হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে কর্তৃপক্ষের কাছে রিটার্ন হিসাবে জমা দিতে হবে।<br>(২) ৪ (চার) কপির মধ্যে ১ (এক) অনুলিপি কোম্পানীর চেয়ারম্যান, ২ (দুই) জন পরিচালক এবং সংস্থার মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।<br>(৩) কর্তৃপক্ষ কোন বার্ষিক প্রতিবেদন গ্রহণ করবে না যদি তা কোন তালিকাভুক্ত নিরীক্ষক দ্বারা নিরীক্ষিত না হয়। |
| ১১ | ধারা ৩৪ | বীমা ব্যবসা কার্যক্রম সম্পর্কে প্রত্যেক বীমাকারী বা বীমা কোম্পানী প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি উহার শেয়ারগ্রহীতা বা পলিসি গ্রহীতাদের নিকট পেশ করার অব্যবহিত পরেই কর্তৃপক্ষের নিকট দাখিল করবে। |
| ১২ | ধারা ৩৫ | বীমাকারী বা বীমা কোম্পানী প্রতিটি সাধারণ সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে |

| | | |
|---|---|---|
| | | বীমাকারীর বা বীমা কোম্পানীর কার্যবিবরণী (Minutes Book) এর মধ্যে অন্তর্ভুক্ত করে তার একটি সত্যায়িত কপি কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। |
| ১৩ | ধারা ৪০ | বীমাকারী কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত রিটার্ন অথবা রিটার্নের একটি সত্য এবং সঠিক সার-সংক্ষেপ অথবা প্রকৃত বিবরণী প্রচারের জন্য প্রকাশ করতে পারবে। |
| ১৪ | ধারা ৪১ | (১) প্রত্যেক বীমাকারী বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও স্থানে সম্পদ বিনিয়োগ এবং রক্ষণাবেক্ষণ করবে এবং কর্তৃপক্ষের নিকট এ জাতীয় বিনিয়োগ নিয়ন্ত্রণ করার ক্ষমতা থাকবে।<br>তবে শর্ত থাকে যে, কোন বীমা কোম্পানী, ফার্ম বা অন্য ব্যবসায়িক প্রতিষ্ঠানের মূলধনের প্রথম ইস্যুতে কোন বিনিয়োগ অনুমোদিত হবে না যেখানে বীমাকারীর বা বীমা কোম্পানীর পরিচালক বা পরিচালকের পরিবারের কোন সদস্যের স্বার্থ সংশ্লিষ্ট অর্থাৎ মালিক, অংশীদার, পরিচালক, ব্যবস্থাপনা এজেন্ট।<br>(২) প্রত্যেক বীমাকারী প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উপ-ধারা (১) এ উল্লেখিত বিনিয়োগের রিটার্ন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। |
| ১৫ | ধারা ৪৩ | (১) প্রত্যেকটি বীমাকারীর বা বীমা কোম্পানীর বীমা ব্যবসায়ের ক্ষেত্রে প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সলভেন্সি মার্জিন সংরক্ষণ করতে হবে।<br>(৬) নন-লাইফ বীমাকারী বা বীমা কোম্পানী কর্তৃপক্ষের নিকট বিধি-বিধানে যেভাবে বর্ণিত আছে সেভাবেই অনুমোদিত অডিটর (বহিঃ নিরীক্ষা) কর্তৃক সলভেন্সি মার্জিনের একটি সত্যায়িত বিবরণী দাখিল করতে হবে। |
| ১৬ | ধারা ৬১(৪) | বীমাকারী উপ-ধারা (২) এর অধীনে বীমা এজেন্টের মৃত্যু হইলে উত্তরাধিকারী বা মনোনীত ব্যক্তিকে পারস্পরিক সম্মতিতে এক বা একাধিক কিস্তিতে প্রদেয় কমিশন প্রদান |

| | | |
|---|---|---|
| | | করবে এবং অন্যান্য ক্ষেত্রে একইভাবে অর্থ প্রদান করা যাবে। |
| ১৭ | ধারা ৬৫(২) | প্রত্যেক বীমাকারী বা বীমা কোম্পানী প্রতি বছর ১ মার্চের পূর্বে পূর্ববর্তী পঞ্জিকা বর্ষে কোন ব্যক্তিকে ন্যূনতম আয়করযোগ্য আয়সীমার অতিরিক্ত কমিশন বা অন্য কোন প্রকারে তাহার প্রদত্ত পারিশ্রমিক সম্পর্কিত একটি বিবরণী নির্ধারিত ছকে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। |
| ১৮ | ধারা ৭২ (১ ও ২) | বীমাকারী কর্তৃক ইস্যু করা পলিসির মেয়াদান্তে অর্থ প্রাপ্য হয় এবং বীমাগ্রহীতা দাবীর বিপরীতে সম্পূর্ণ কাগজপত্র জমা দিয়ে থাকে, বীমাকারী বা বীমা কোম্পানী যদি ৯০ (নব্বই) দিনের মধ্যে বীমা দাবী পরিশোধে ব্যর্থ হয় তবে যার ভিত্তিতে অর্থ প্রদান প্রাপ্য হয় বা দাবীদার সমস্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করে তাহলে উপ-ধারা (২) এ উল্লিখিত সুদের পরিমাণ প্রচলিত ব্যাংক রেটের অতিরিক্ত শতকরা ৫ (পাঁচ) ভাগ হারে মাসিক ভিত্তিতে হিসাব করতে হবে। |
| ১৯ | ধারা ৭৯ | কোন বীমাকারীর বা বীমা কোম্পানীর সংঘবিধিতে যাহা কিছু থাকুক না কেন, বীমাকারী পরিচালকগণের মধ্যে থেকে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান নির্বাচিত হবে, তবে শর্ত থাকে যে একজন বীমাকারীর বা বীমা কোম্পানীর একাধিক ভাইস চেয়ারম্যান থাকতে পারবেনা। |
| ২০ | ধারা ৮০ | (১) কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কোন ব্যক্তিকে বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগ দেওয়া যাবে না।<br>(২) উপ-ধারা (১) অনুযায়ী অনুমোদিত কোন মুখ্য নির্বাহী কর্মকর্তা তথা সিইওকে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত অপসারণ, চাকুরিচ্যূত বা বরখাস্ত করা যাবে না। |

| | | |
|---|---|---|
| | | (৩) বীমাকারী বা বীমা কোম্পানী তাদের মুখ্য নির্বাহী কর্মকর্তার চাকুরির মেয়াদ শেষ হওয়ার বা অন্য কোনভাবে চাকুরি থেকে অপসারিত হওয়ার ১৫ দিন আগেই লিখিতভাবে নোটিশের মাধ্যমে কর্তৃপক্ষকে জানিয়ে দিতে হবে।<br>(৪) বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার পদ একাধারে ০৩ (তিন) মাসের অধিক সময়ের জন্য শূন্য রাখা যাইবে না।<br><br>তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অপরিহার্য পরিস্থিতি বিবেচনায় উক্ত সময়সীমা আরো ৩ (তিন) মাস বর্ধিত করতে পারবে।<br><br>(৫) উপ-ধারা (৪) এ নির্ধারিত সময়ের মধ্যে কোন বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার পদ পূরণ করা না হলে কর্তৃপক্ষ কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালনের জন্য একজন প্রশাসক নিয়োগ করতে পারবে এবং কর্তৃপক্ষ যেরূপ নির্ধারণ করবে কোম্পানী তদনুযায়ী উক্ত প্রশাসকের বেতন ও অন্যান্য সুবিধাদির যাবতীয় ব্যয় নির্বাহ করবে। |
| ২১ | ধারা ১২৪ | (১) বীমাকারী বা ব্রোকার কোনও ব্যক্তিকে বীমা এজেন্ট হিসাবে নিয়োগ দিলে বীমাকারী বা ব্রোকার কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বীমা এজেন্ট হিসাবে এই জাতীয় সকল নিয়োগ ও নিবন্ধনের একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে।<br>(২) প্রত্যেক বীমাকারী বা ব্রোকার উপ-ধারা (১) এর অধীনে রক্ষিত রেজিস্টারের একটি অনুলিপি |

| | | |
|---|---|---|
| | | প্রতি বৎসর কর্তৃপক্ষের কাছে প্রেরণ করবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে তালিকায় যে কোন সংযোজন বা বিয়োজনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করবে। |
| ২২ | সিডিউল -১ | (২১) ন্যূনতম ৪০ (চল্লিশ) কোটি টাকা যার মধ্যে ৬০% (ষাট) শতাংশ উদ্যোক্তাগণ দ্বারা প্রদত্ত হবে এবং অবশিষ্ট ৪০% (চল্লিশ) শতাংশ জনসাধারণ কর্তৃক প্রদানার্থে উন্মুক্ত থাকবে।<br>(২৩) ২ (দুই) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বীমা আইন -২০১০ শুরুর আগে নিবন্ধিত কোম্পানীগুলোর ক্ষেত্রে এই আইনটি শুরু হওয়ার পর থেকে এই জাতীয় প্রয়োজনীয় পরিমাণ ৩ (তিন) বছরের মধ্যে কোন কোম্পানীর আবশ্যকীয় জামানত জমা করতে হবে। |
| ২৩ | আইডিআরএ সার্কুলার নং-নন-লাইফ ৬৪/২০১৯ | ক. উদ্দেশ্য অনুসারে ব্যাংক একাউন্টগুলি নিম্নরূপে রক্ষণাবেক্ষণ করতে হবে ঃ |

| | | উদ্দেশ্য | ব্যাং হিসাব সংখ্যা |
|---|---|---|---|
| | | ১. প্রিমিয়াম কালেকশন | ৩ (তিন) টি পৃথক ব্যাংকে ৩ (তিন) টি ব্যাংক হিসাব। |
| | | ২) মূলধন অর্থ রক্ষণাবেক্ষণ | ১টি ব্যাংক হিসাব |
| | | ৩) অন্যান্য আয় এবং শাখা অফিসগুলোর কমিশন ফেরত জমা দেওয়া | ১ টি ব্যাংক হিসাব |
| | | ৪) দাবীর অর্থ প্রদান | ১টি ব্যাংক হিসাব |
| | | ৫) পরিচালনা ব্যয় | ১টি ব্যাংক হিসাব |

| | | | |
|---|---|---|---|
| | | ৬) শাখা অফিসসমূহের খরচাদি | প্রতিটি শাখার জন্য ১ (এক) টি ব্যাংক একাউন্ট ক্রস চেক/বিএফটিএন এর মাধ্যমে সিরিয়াল নং-১ এর অধীন বর্ণিত কেন্দ্রীয় প্রিমিয়াম সংগ্রহের একাউন্ট থেকে তহবিল জমা/স্থানান্তর সাপেক্ষে |
| | | খ) বীমা দাবি, কমিশন এবং বেতন ক্রসড চেকের মাধ্যমে প্রদান করা। | |
| | | গ) সমস্ত লেনদেন ক্রস চেকের মাধ্যমে করতে হবে, তবে দাপ্তরিক বিশেষ কাজের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা নগদ এবং পরিচালনা পর্ষদের সভার সম্মানী এবং এ সংক্রান্ত অন্যান্য ব্যয় নগদে করা যাবে। | |
| | | ঘ) আইপিও, রাইট শেয়ারের টাকা জমা করার জন্য ব্যাংক একাউন্ট খোলার বিষয়ে তথ্য এবং রাইট শেয়ার ইস্যু করার অর্থ এবং লভ্যাংশ প্রদানের জন্য সময়মতো কর্তৃপক্ষকে | |

| | | | |
|---|---|---|---|
| | | অবহিত করতে হবে। কর্তৃপক্ষের পূর্ব অনুমোদনের পর যে কোন উদ্দেশ্যে এ ব্যাংক একাউন্ট খোলা যাবে। | |
| ২৪ | আইডিআরএ সার্কুলার নং- নন-লাইফ ৬৫/২০১৯ | ১) বীমা পলিসির বিপরীতে স্ট্যাম্প শুল্ক জমা দেওয়ার চালানে বীমাকারীর নাম, ঠিকানা, পলিসি নম্বর/ নম্বর সম্পর্কিত তথ্য স্ট্যাম্প শুল্ক প্রদান বিধি, ২০০২ এর বিধি ৩ (২) এর বিধান মেনে সঠিক ও স্পষ্টভাবে লিখতে হবে।<br>২) প্রতিটি বীমা পলিসির বিপরীতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার বেশি পরিশোধযোগ্য স্ট্যাম্প শুল্ক পৃথক চালানের মাধ্যমে জমা দিতে হবে। | |
| ২৫ | Circular No. Gen 26(3)/2011<br>৩০/১১/২০১১ | কোয়ার্টার শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে পরিচালকগণের নামে লিখিত ব্যবসার বিবরণী IDRA বরাবর জমা দিতে হবে। | |
| ২৬ | নন-লাইফ ৩৩/২০১২ | ষান্মাসিক ভিত্তিতে তালিকাভুক্ত সার্ভেয়ার কোম্পানীর তালিকা IDRA বরাবর প্রেরণ করতে হবে। | |
| ২৭ | সার্কুলার নং জিএডি ২০১৩/২০১৬<br>১৪/০৬/২০১৬ | ষান্মাসিক ভিত্তিতে উর্ধ্বতনসহ সকল কর্মকর্তার বিদেশ ভ্রমণের তথ্য IDRA বরাবর প্রেরণ করতে হবে। | |
| ২৮ | সার্কুলার নং নন-লাইফ ৭৫/২০২০<br>১০/০২/২০২০ | নন-লাইফ বীমা কোম্পানীসমূহে ব্যবসা আহরণের জন্য নিয়োজিত উন্নয়ন কর্মকর্তাগণকে কমিশনের ভিত্তিতে বীমা এজেন্ট হিসেবে পদায়ন করতে হবে। | |
| ২৯ | আইডিআরএ সার্কুলার নং- নন- | কান্ট্রি লিমিট অতিক্রম করলে দেশী অথবা বিদেশী পুনঃবীমাকারীর নিকট হতে প্রিমিয়াম হার ও শর্তাবলী | |

| | | |
|---|---|---|
| | লাইফ ৭০/২০১৯ | সংগ্রহ করা যাবে, তবে তা অবশ্যই কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক ভেটিং করাতে হবে। |
| ৩০ | আইডিআরএ সার্কুলার নং- নন-লাইফ ৩৪/২০১২ | শুধুমাত্র বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্সধারী এজেন্টকে ৫% অগ্রিম কর কর্তন করে ১৪.২৫% কমিশন দেয়া যাবে। |
| ৩১ | আইডিআরএ সার্কুলার নং- জেন-২৬/২০১১ | যে কোন বীমাপত্র ইস্যু করার পূর্বেই প্রদেয় মোট প্রিমিয়াম ডিডি/ পে-অর্ডার/ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে প্রদান করতে হবে। |

# Don’ts for Non-Life

| ক্রমিক নং | রেফারেন্স | বর্জনীয় |
|---|---|---|
| ০১ | ধারা ৫(৩, ৪ ও ৫) | নন-লাইফ বীমাকারী মানব জীবনের উপর বীমা করতে পারে না। কিন্তু মানব জীবনের দুর্ঘটনাজনিত বীমা চুক্তি করতে পারে, এই বীমাচুক্তির মেয়াদ সর্বোচ্চ ১ (এক) বৎসর। কোন ব্যক্তির দুর্ঘটনাজনিত মৃত্যু বা মৃত্যু ব্যতিত দুর্ঘটনা এবং রোগ বা অক্ষমতাজনিত ক্ষতির জন্য অর্থ পরিশোধের শর্ত সম্বলিত চুক্তি সম্পাদন ও পরিপালনই নন-লাইফ বীমা চুক্তি হিসাবে গণ্য হবে। |
| ০২ | ধারা ১৭ | নন-লাইফ বীমাকারী ট্যারিফ বহির্ভূত বীমা ব্যবসা অবলিখন করার জন্য অনুমোদিত নয়। |
| ০৩ | ধারা ১৮(২) | কোন বীমাকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে এই আইন বলবৎ হওয়ার তারিখ কিংবা তৎপরবর্তী কোন সময়ে নন-লাইফ ইন্স্যুরেন্স এর ব্যবসা সংশ্লিষ্ট কোন বকেয়া প্রিমিয়াম অবলোপন করতে পারবে না। |
| ০৪ | ধারা ১৮(৩) | বীমাকারী নন-লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা সংক্রান্ত কোন বীমা ঝুঁকি গ্রহণ করবে না যদি না বীমাকারী প্রদেয় প্রিমিয়াম বা বিধি দ্বারা নির্ধারিতভাবে প্রদেয় প্রিমিয়ামের অংশবিশেষ পাইয়া থাকে কিংবা নির্ধারিত ঐরূপ পদ্ধতি বা সময়ের মধ্যে এরূপ ব্যক্তি দ্বারা প্রদেয় প্রিমিয়াম পরিশোধের নিশ্চয়তা প্রদান করা হইয়া থাকে। |
| ০৫ | ধারা ৪২ | কোন বীমাকারী যে কোন সাবসিডিয়ারি কোম্পানীর শেয়ার প্রবিধান দ্বারা নির্ধারিত পরিমাণের অতিরিক্ত ধারণ করবে না। |
| ০৬ | ধারা ৪৪ | ১) কোন বীমাকারী বা বীমা কোম্পানী উহার নিজের শেয়ার জামানতের বিপরীতে কোন অগ্রিম, ঋণ বা |

| | | |
|---|---|---|
| | | আর্থিক সুবিধা প্রদান করবে না;<br>২) কোন বীমাকারী বা বীমা কোম্পানী উহার পরিচালক, ব্যবস্থাপক, নিরীক্ষক বা বীমা কোম্পানীর কর্মকর্তা বা তাদের পরিবারের কোন সদস্যকে কোনরূপ ঋণ, সাময়িক অগ্রিম, সম্পত্তি বন্ধক বা ব্যাক্তিগত জামানতের বিপরীতে বা অন্যভাবে কোন ঋণ প্রদান করবে না;<br>৩) কোন বীমাকারী বা বীমা কোম্পানী তার পরিচালনা পর্ষদের অনুমতি এবং কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কোন পরিচালক, ব্যবস্থাপক, নিরীক্ষক বা কর্মকর্তা অনুরূপ মালিক, অংশীদার, পরিচালক, ব্যবস্থাপক বা ব্যবস্থাপনা এজেন্ট হিসাবে স্বার্থ সংশ্লিষ্ট কোন স্বার্থ বা কোম্পানীকে কোন ঋণ বা সাময়িক অগ্রিম প্রদান করবে না।<br>৪) উপ-ধারা (২) এ উল্লেখিত কোন ঋণ বা অগ্রিম প্রদান বিবেচনার জন্য অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট ঋণগ্রহণকারী পরিচালক ভোটদান বা অন্য কোন কার্যপ্রণালীতে অংশগ্রহণ করতে পারবে না। |
| ০৭ | ধারা ৪৭ | কোন বীমাকারী বা বীমা কোম্পানী তাহার ব্যবসা পরিচলনার স্বার্থে ম্যানেজিং এজেন্ট নিয়োগ করতে পারবে না। |
| ০৮ | ধারা ৫৮(১ ও ৫) | ১) কোন ব্যক্তি ব্যবসা সংগ্রহের উদ্দেশ্যে বীমা এজেন্ট বা এজেন্ট নিয়োগকারী অথবা ব্রোকার ব্যতিত অন্য কাহাকেও কমিশন বা অন্যকোন নামে কোন পারিশ্রমিক বা পারিতোষিক পরিশোধ করবে না বা প্রদান করার জন্য চুক্তি করবে না।<br>৫) কোন বীমা এজেন্টকে তাহার মাধ্যমে ব্যবসা সংগ্রহ |

| | | |
|---|---|---|
| | | হয়নি এমন কোন পলিসির জন্য কমিশন বা অন্য কোন প্রকার পারিশ্রমিক বা কোন প্রকার অর্থ প্রদান করা যাবে না কিংবা প্রদান করার চুক্তি করা যাবে না। |
| ০৯ | ধারা ৫৯(৩) | কোন ব্যক্তি কোন বীমা এজেন্টকে তার মাধ্যমে কার্যকর যে কোন নন-লাইফ বীমা পলিসির ক্ষেত্রে নির্ধারিত হারের অধিক কমিশন বা পারিশ্রমিক বা অন্য কোন প্রকার পারিশ্রমিক বাবদ অর্থ পরিশোধ বা পরিশোধের চুক্তি করতে পারবে না। |
| ১০ | ধারা ৬০ | কোন ব্যক্তি বাংলাদেশে সম্পত্তি সংক্রান্ত কোন প্রকারের ঝুঁকির ব্যাপারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে কোন বীমা গ্রহণ বা নবায়ন বা অব্যাহত রাখার জন্য প্রণোদন করতে কমিশন অথবা তাহার অংশ বিশেষের অথবা পলিসিতে প্রদর্শিত প্রিমিয়ামের কোন রেয়াত প্রদান করবে না বা প্রদানের প্রস্তাব করতে পারবে না অথবা গ্রাহক বা যে ব্যক্তি পলিসি গ্রহণ, নবায়ন বা সচল রাখবেন তিনি বীমাকারী কর্তৃক প্রকাশিত বিবরণপত্র কিংবা তালিকা অনুসারে স্বীকৃত রেয়াত ভিন্ন অন্যকোন রেয়াত গ্রহণ করতে পারবে না। |
| ১১ | ধারা ৬৩ | কোন বীমাকারী বা বীমা কোম্পানী কর্তৃক বাংলাদেশে লেনদেনকৃত কোন শ্রেণীর নন-লাইফ বীমা ব্যবসায় কোন পঞ্জিকা বৎসরে ব্যবসা সংগ্রহের খরচ কিংবা পারিশ্রমিকসহ ব্যবস্থাপনা ব্যয় হিসাবে নির্দেশিত সীমার অতিরিক্ত অর্থ ব্যয় করবে না এবং এরূপ ব্যয়সীমা নির্দেশনায় বীমাকারীর আকার বা বয়স বিবেচনা করতে হবে। |
| ১২ | ধারা ৭৪(২) | নন-লাইফ বীমা সংক্রান্ত বীমাকারীর কোন বীমা এজেন্ট, জরীপকারী এবং বীমা-ব্রোকার কোন নন-লাইফ বীমা সংক্রান্ত বীমা কোম্পানীর পরিচালক হবেন না বা থাকা যাবে না। |
| ১৩ | ধারা ৭৫ | আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন বীমাকারী বা বীমা কোম্পানীর পরিচালক একই শ্রেণীর বীমা ব্যবসা করার জন্য নিবন্ধনকৃত অন্য কোন বীমাকারীর বা বীমা কোম্পানীর অথবা ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হতে পারবে না। |

| | | |
|---|---|---|
| ১৪ | ধারা ৭৬ | বীমাকারীর বা বীমা কোম্পানীর পরিচালকের সংখ্যা ২০ (বিশ) জনের অধিক হবেনা। সেক্ষেত্রে ১২ (বার) জন উদ্যেক্তা পরিচালক, ৬ (ছয়) জন জনগণের অংশের শেয়ার গ্রহীতা পরিচালক এবং ২ (দুই) জন নিরপেক্ষ পরিচালক থাকবে। |
| ১৫ | ধারা ৭৭ | বীমাকারীর বা বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদের সদস্য ব্যতীত অন্য কেউ পরিচালকের দায়িত্ব পালন করতে পারবেনা। শর্ত থাকে যে, কোন পরিচালক ৩ (তিন) মাসের অধিক সময়ের জন্য বাংলাদেশের বাহিরে অবস্থান করলে কর্তৃপক্ষকে পূর্বে অবহিতকরণপূর্বক পরিচালক হওয়ার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে তার স্থলে পরিচালক হিসাবে কাজ করার জন্য মনোনীত করতে পারবেন। তবে শর্ত থাকে যে, অনুরূপ কোন মনোনীত পরিচালক কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত ৬ (ছয়) মাসের অধিক পরিচালকরূপে দায়িত্ব পালন করতে পারবে না। |
| ১৬ | ধারা ৭৮ | কোন ব্যক্তি বীমাকারীর বা বীমা কোম্পানীর চাকুরিতে উপদেষ্টা, পরামর্শক, নিরীক্ষক বা অন্য কোন লাভজনক পদে নিয়োজিত থাকলে তিনি বীমা কোম্পানীর পরিচালক হওয়ার বা থাকার যোগ্য হবেন না। |
| ১৭ | Circular No. Gen 26(3)/2011 ৩০/১১/২০১১ | পরিচালকগণের নামে লিখিত ব্যবসা কোম্পানীর মোট ব্যবসার ২৫% এর বেশী হবে না। |
| ১৮ | জিএডি-১১/২০১২ ২৭/০৯/২০১২ | বীমা কোম্পানী বা তার সাবসিডিয়ারি কর্তৃক কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত স্থাবর সম্পত্তি ক্রয়-বিক্রয় করা যাবে না। |
| ১৯ | সার্কুলার নং নন-লাইফ | কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক বীমাগ্রহীতার পক্ষে প্রিমিয়াম প্রদান করে কভার নোট/ পলিসি/ সার্টিফিকেট ইস্যু করা যাবে না। |

| | | |
|---|---|---|
| | ৬৮/২০১৯<br>০৮/০৯/২০১৯ | |
| ২০ | সার্কুলার নং নন-লাইফ ৭৫/২০২০<br>১০/০২/২০২০ | বেতন-ভাতা খাতে বাৎসরিক ভিত্তিতে নীট প্রিমিয়ামের উপর ১০% এর বেশী ব্যয় করা যাবে না। |
| ২১ | জিএডি ১০০৩(৩)/২০১১-২১৬<br>০৬/০২/২০১৪ | নিয়োগকৃত কর্মকর্তা/ কর্মচারীদের পূর্ববর্তী কোম্পানীর অব্যাহতিপত্র ছাড়া কোনক্রমেই যোগদান করতে দেয়া যাবে না। |
| ২২ | জিএডি ১০০৩/২০১১-৫৫৪<br>২৪/০৪/২০১৪ | প্রধান কার্যালয়ের পুলে ৪টির বেশী মোটরযান রাখা যাবে না। |
| ২৩ | জিএডি ১০০৩/২০১১-১০৮৬<br>৩১/০৮/২০১৪ | কোম্পানীর তহবিল থেকে কর্মকর্তা/ কর্মচারীদের আয়কর পরিশোধ করা যাবে না। |
| ২৪ | জিএডি সার্কুলার ১২/২০১৪<br>৭/১২/২০১৪ | ৭২ ঘন্টার প্রশিক্ষণ ছাড়া এজেন্ট লাইসেন্সের জন্য আবেদন করা যাবে না। |
| ২৫ | আইডিআরএ | নন-লাইফ বীমাপত্র বাতিল/নট ইউজড এর ক্ষেত্রে বীমা |

| | | |
|---|---|---|
| | সার্কুলার নং-নন-লাইফ ৭০/২০১৯ | আইন ২০১০ এর ১৮(৪) ধারা অনুযায়ী বাতিলযোগ্য বীমাপত্রের ফেরতযোগ্য অর্থ ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে। কোন অবস্থাতেই উক্ত অর্থ নগদে প্রদান করা যাবে না। |
| ২৬ | আইডিআরএ সার্কুলার নং-নন-লাইফ ৭১/২০১৯, ৭২/২০১৯ এবং ৭৩/২০১৯ | সকল নন-লাইফ বীমা কোম্পানীসমূহকে BGMEA/BKMEA & BTMA এর অগ্নি এবং নৌ বীমাপত্র ইস্যুর সময় উল্লিখিত সার্কুলারসমূহে নির্ধারিত প্রিমিয়াম রেট অনুযায়ী বীমাপত্র ইস্যু করতে হবে। কোন অবস্থাতেই এর বাহিরে প্রিমিয়াম রেট দিয়ে বীমাপত্র ইস্যু করা যাবে না এবং এক্ষেত্রে ১০% ট্যারিফ ডিসকাউন্ট প্রদান করা যাবে না। |
| ২৭ | আইডিআরএ সার্কুলার নং-জেন-২৯/২০১১ | (১) ইস্যুকৃত বীমা পত্রের প্রদেয় প্রিমিয়াম ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশি হলে অবশ্যই একাউন্ট পেয়ী চেক/ পে-অর্ডারের মাধ্যমে নিতে হবে। কোন অবস্থাতেই নগদ গ্রহণ করা যাবে না।<br>(২) যে কোন ধরণের রিফান্ডের চেক অবশ্যই একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে জমা প্রদান করতে হবে। কোন অবস্থাতেই নগদ টাকা গ্রহণ করা যাবে না। |
| ২৮ | আইডিআরএ সার্কুলার নং-নন-লাইফ-৩৭/২০১৩ | সকল নন-লাইফ বীমাকারীর বা বীমা কোম্পানীর সার্ভেয়ার কোম্পানীসমূহের জন্য নির্ধারিত জরীপ মাশুল ও অন্যান্য খরচাদি কোন অবস্থাতেই সার্কুলারে উল্লেখিত সীমার বাইবে প্রদান করা যাবে না। |

# ২য় খন্ড
# সার্কুলার

| ক্রঃ নং | বিষয় | | তারিখ | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| | **২০১১** | | | |
| ১ | বীমা আইন, ২০১০ এর আওতায় কর ব্যতিত সকল ফি যেমন- প্রশাসনিক ফি, ফার্ম ও কোম্পানীসমূহের রেজিষ্ট্রেশন ফি, রেজিঃ নবায়ন ফি, দন্ড, জরিমানা, বাজেয়াপ্তকরণ ফি ইত্যাদি সরকারি ট্রেজারীর পরিবর্তে কর্তৃপক্ষের নামে চেকের মাধ্যমে পরিশোধ করার বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে | জিএডি সার্কুলার নং-০২-৪৩ | ৭/২/১১ | ৪৫ |
| ২ | বীমা আইন, ২০১০ এর আওতায় কর ব্যতিত সকল ফি যেমন- প্রশাসনিক ফি, ফার্ম ও কোম্পানীসমূহের রেজিষ্ট্রেশন ফি, রেজিঃ নবায়ন ফি, দন্ড, জরিমানা, বাজেয়াপ্তকরণ ফি ইত্যাদি সরকারি ট্রেজারীর পরিবর্তে কর্তৃপক্ষের নামে চেকের মাধ্যমে পরিশোধ করার বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে | জিএডি সার্কুলার নং-০৩-১৮ | ২৮/২/১১ | ৪৬ |
| ৩ | Prohibition for writing the business of the Chairman, Directors & their families | Gen-25 /2011 | 11/9/11 | ৪৭ |
| ৪ | Prohibition for writing the business of the Chairman, Directors & their families | Gen-26 /2011 | 15/9/11 | ৪৮ |
| ৫ | Bank Accounts | Gen-27/2011 | 28/9/11 | ৪৯ |
| ৬ | যুগপৎভাবে একই শ্রেণীর একাধিক বীমাকারীর বা বীমাকারী ও ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হওয়ার ক্ষেত্রে বিধি-নিষেধ | জিএডি সার্কুলার নং- ৪ | ২/১০/১১ | ৫৩ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | Corrigendum to Circular No. 27 | Gen-28/2011 | 9/10/11 | ৫৪ |
| ৮ | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ২৮-০৯-২০১১ ইং তারিখে রীট পিটিশন নং ৮১৭৩ of 2011 সংক্রান্ত | Gen-24(A)/2011 | ১৬/১০/১১ | ৫৪ |
| ৯ | Corrigendum to Circular No. Gen-28/2011 dated 09 October 2011 | Gen-28(A)/2011 | 16/10/11 | ৫৫ |
| ১০ | বীমা ব্যবসায়ের নিবন্ধন নবায়ন প্রসঙ্গে | জিএডি সার্কুলার নং-৫ | ১৯/১০/১১ | ৫৫ |
| ১১ | Regarding Circular No. 25 & 26 | Gen-26(A)/2011 | 31/10/11 | ৫৬ |
| ১২ | Premium above Tk. 5,000/- be received by DD/PO etc, Refund Premium, Claim must be paid by A/C payee cheque | Gen-29/2011 | 24/11/11 | ৫৭ |
| ১৩ | Prohibition for writing the business of the Chairman, Directors & their families | Gen-26 (B)/2011 | 30/11/11 | ৫৮ |
| ১৪ | সকল বীমা প্রতিষ্ঠানের ৩১ ডিসেম্বর ২০১১ ইং তারিখ পর্যন্ত ব্যবসার হিসাব সমাপ্ত করে কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন দাখিল প্রসঙ্গে | জিএডি-০১/২০১১ | ৫/১২/১১ | ৬০ |
| | | **২০১২** | | |
| ১৫ | দুই স্তরের Employer of Agent, একচ্যুয়ারিয়াল বিভাগ, কমিশন সমন্বয়, A/C payee cheque এর মাধ্যমে প্রদান | লাইফ-০২/২০১২ | ১১/১/১২ | ৬১ |
| ১৬ | Commission Adjustment, Bank Statement, all registers | Gen-30/2012 | 15/1/12 | ৬২ |
| ১৭ | যুগপৎ ভাবে একই শ্রেণীর একাধিক বীমাকারীর বা বীমাকারী ও ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হওয়ার ক্ষেত্রে বিধি-নিষেধ সম্পর্কিত | জিএডি সার্কুলার নং ৪ (খ) | ২৬/১/১২ | ৬৩ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | FA, UM, BM এবং তাদের সুযোগ সুবিধার শর্ত | লাইফ-০৩/২০১২ | ৩১/১/১২ | ৬৪ |
| ১৯ | Re-insurance Statement | Gen-31/2012 | 6/3/12 | ৬৬ |
| ২০ | Commission Schedule | লাইফ ৩ (খ) /২০১২ | 15/3/12 | ৬৭ |
| ২১ | নন-লাইফ বীমাকারীর জন্য কমিশন ব্যয়ের সীমা | নন-লাইফ ৩২/২০১২ | ১/৪/১২ | ৭১ |
| ২২ | বীমা এজেন্ট লাইসেন্স প্রাপ্তির আবেদনের সাথে বীমা এজেন্টের নামে ব্যাংক একাউন্ট, জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি, টিন নম্বর (যদি থাকে) দাখিল প্রসঙ্গে | জিএডি ০৬/২০১২ | ১২/৪/১২ | ৭২ |
| ২৩ | নন-লাইফ বীমাকারীর জন্য কমিশন ব্যয়ের সীমা | নন-লাইফ ৩২ (ক)/২০১২ | ১২/৪/১২ | ৭৩ |
| ২৪ | ১৬০ ধারার আলোকে বীমা আইন, ১৯৩৮ এর বিধি বা প্রবিধান বলবৎ থাকা এবং Accounting Guidelines | লাইফ-০৪/২০১২ | ১১/৬/১২ | ৭৪ |
| ২৫ | কোম্পানীতে নিয়োজিত উপদেষ্টাদের তালিকা কর্তৃপক্ষের নিকট প্রেরণ প্রসঙ্গে | জিএডি-০৭/২০১২ | ১৫/৭/১২ | ৭৯ |
| ২৬. | বীমা কোম্পানী/কর্পোরেশনসমূহ কর্তৃক কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কোন দালান/ ভূমি ক্রয়/ আহরণ/ নির্মাণ না করা প্রসঙ্গে | জিএডি-১০/২০১২ | ২৪/৭/১২ | ৮০ |
| ২৭ | নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের ২০১০, ২০১১ এবং ২০১২ (৩০ জুন পর্যন্ত) সালের তালিকাভুক্ত সার্ভেয়ার কোম্পানীর নামসহ সংযুক্ত ছক অনুযায়ী তথ্যাদি প্রদান প্রসঙ্গে | নন-লাইফ-৩৩/২০১২ | ২২/৮/১২ | ৮১ |
| ২৮ | বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত জমি, দালানসহ অন্যান্য স্থাবর সম্পত্তি বিক্রয়/ হস্তান্তর/ দান না করা প্রসঙ্গে | জিএডি-১১/২০১২ | ২৭/৯/১২ | ৮৩ |

| | | | | |
|---|---|---|---|---|
| **২০১৩** | | | | |
| ২৯ | জরিপ মাশুল ও অন্যান্য খরচাদি পুনঃনির্ধারণ প্রসঙ্গে | নন-লাইফ-৩৭/২০১৩ | ২৪/১০/১৩ | ৮৪ |
| ৩০ | লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর বীমা পরিকল্প চালু করা প্রসঙ্গে | লাইফ-০৬/২০১৩ | ২৩/১২/১৩ | ৮৭ |
| **২০১৪** | | | | |
| ৩১ | বীমা পলিসির আওতায় উত্থাপিত দাবীসমূহ দ্রুত নিষ্পত্তি প্রসঙ্গে (R&SD) | স্মারক নং : বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-৭৭ | ৯/১/১৪ | ৮৮ |
| ৩২ | বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সদস্য পদ প্রসঙ্গে | স্মারক নং : বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-২১৫ | ৬/২/১৪ | ৮৯ |
| ৩৩ | বীমা শিল্পে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগ ও অব্যাহতি প্রসঙ্গে | স্মারক নং : বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-২১৬ | ৬/২/১৪ | ৯০ |
| ৩৪ | বিলাসবহুল যানবাহনে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে | স্মারক নং : বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৫৫৪ | ২৪/৪/১৪ | ৯১ |
| ৩৫ | সার্কুলার | স্মারক নং বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-১০৮৬ | ৩১/৮/১৪ | ৯২ |
| ৩৬ | বীমা শিল্পের মানব সম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টেদের প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে | জিএডি সার্কুলার-১২/২০১৪ | ৭ /১২/১৪ | ৯৩ |
| ৩৭ | বীমা শিল্পের মানব সম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টেদের প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে | স্মারক নং : বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৫)/২০১১-১৬৭৬ | ২৯/১২/১৪ | ৯৪ |
| ৩৮ | বীমা আইন, ২০১০ এর ৫(৪) ধারার প্রতি সকল লাইফ ইন্স্যুরেন্স বীমাকারীর দৃষ্টি আকর্ষণ প্রসঙ্গে | লাইফ-০৭/২০১৪ | ৩১/১২/১৪ | ৯৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **২০১৫** | | |
| ৩৯ | বীমা কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/ নবায়ন/ অপসারণ প্রসঙ্গে | জিএডি ১৩/২০১৫ | ১৫/২/১৫ | ৯৫ |
| ৪০ | বীমা পলিসির আওতায় সম্পদ ও যানবাহনের ঝুঁকি গ্রহণ প্রসঙ্গে (R&SD) | জিএডি- ০৮/২০১৫ | ১৬/৩/১৫ | ৯৬ |
| | | **২০১৬** | | |
| ৪১ | সকল বীমা কোম্পানী/ কর্পোরেশন এর চেয়ারম্যান, উপদেষ্টা, কনসালটেন্ট এবং কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে | জিএডি- ১৩/২০১৬ | ১৪/৬/১৬ | ৯৭ |
| | | **২০১৭** | | |
| ৪২ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েবসাইট এর URL পরিবর্তন | স্মারক নং : বীঃউঃনিঃকঃ/জিএডি/১৭০৭/২০১৭-১৭৪৩ | ৯/৭/১৭ | ৯৯ |
| ৪৩ | অফিস আদেশ | স্মারক নং ৫৩.০২.০০০০.০০৯.১১.০০৩.১৭.০৩ | ২৭/৯/১৭ | ৯৯ |
| | | **২০১৮** | | |
| ৪৪ | বেসরকারি বীমা কোম্পানীসমূহের পরিচালনা পর্ষদ/বোর্ড সভায় যোগদানের জন্য পরিচালকদের সম্মানী ভাতার সর্বোচ্চ সীমা পুণঃনির্ধারণ প্রসঙ্গে | স্মারক নং : ৫৩.০৩.০০০০.০০৯.১৮.০১৪.১৮.১২৩ | ৩১/৫/১৮ | ১০০ |
| | | **২০১৯** | | |
| ৪৫ | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত সাইনবোর্ড প্রতিটি শাখা কার্যালয়ের সামনে স্থাপনের নির্দেশনা প্রসঙ্গে। | জিএডি- ১/২০১৯ | ২২/৫/১৯ | ১০১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৬ | নন-লাইফ বীমা কোম্পানীসমূহের আর্থিক ব্যবস্থাপনা প্রসঙ্গে | নন-লাইফ ৬৪/২০১৯ | ২/৭/১৯ | ১০২ |
| ৪৭ | নন-লাইফ বীমা কোম্পানীসমূহের পলিসির স্ট্যাম্প শুল্ক আদায় প্রসঙ্গে | নন-লাইফ ৬৫/২০১৯ | ৪/৭/১৯ | ১০৩ |
| ৪৮ | বীমাকারীর কার্যালয়ে কলসেন্টার স্থাপন প্রসঙ্গে | জিএডি-২/২০১৯ | ১৮/৭/১৯ | ১০৪ |
| ৪৯ | বীমা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তার ছুটির বিষয়টি কর্তৃপক্ষকে অবহিতকরণ সংক্রান্ত | জিএডি-৪/২০১৯ | ২১/৭/১৯ | ১০৫ |
| ৫০ | বীমা শিল্পে দক্ষ মানবসম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদের প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রদান প্রসঙ্গে | জিএডি-৩/২০১৯ | ২১/৭/১৯ | ১০৫ |
| ৫১ | ৩১ জুলাই ২০১৯ তারিখের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল কার্যালয়/শাখা কার্যালয় কর্তৃক ইস্যুকৃত সর্বশেষ কভার নোট/ পলিসি নম্বর/ সার্টিফিকেট/ এনডোর্সমেন্ট/ এডেন্ডাম প্রেরণ | নন-লাইফ ৬৬/২০১৯ | ২৪/৭/১৯ | ১০৮ |
| ৫২ | নন-লাইফ বীমা কোম্পানীর আর্থিক ব্যবস্থাপনা প্রসঙ্গে | নন-লাইফ ৬৮/২০১৯ | ৮/৯/১৯ | ১০৯ |
| ৫৩ | Open Cover Note স্থগিত প্রসঙ্গে | নন-লাইফ ৬৯/২০১৯ | ৮/৯/১৯ | ১১০ |
| | | **২০২০** | | |
| ৫৪ | ডেভলাপমেন্ট অফিসারদেরকে এজেন্ট হিসেবে পদায়ণ ও বেতন-ভাতার সীমা | নন-লাইফ ৭৫/২০২০ | ১০/২/২০ | ১১১ |

স্মারক নং- আইডিআরএ/জিএডি **সার্কুলার নং-০২-৪৩** তারিখ ঃ ২৫/১০/১৪১৭ বং / ০৭ ফেব্রুয়ারী ২০১১ খ্রিঃ

সকল বীমা প্রতিষ্ঠানের
মুখ্য নির্বাহী /প্রধান জরীপকারী
----------------------------
ঢাকা।

## জিএডি সার্কুলার নং-০২-৪৩

**বিষয়ঃ বীমা আইন, ২০১০ এর আওতায় কর ব্যতীত সকল ফি যেমন প্রশাসনিক ফি, ফার্ম ও কোম্পানীসমূহের রেজিষ্ট্রেশন ফি, রেজিঃ নবায়ন ফি, দন্ড, জরিমানা, বাজেয়াপ্তকরণ ফি ইত্যাদি সরকারি ট্রেজারীর পরিবর্তে কর্তৃপক্ষের নামে চেকের মাধ্যমে পরিশোধ করার বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে।**

আপনারা অবহিত আছেন যে, অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গত ২৬/০১/২০১১ খ্রিঃ তারিখের ৫৩.০০৫.০১১.০০.০০.০০৯. ২০০৮-২৭৬ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ" গঠন করা হয়েছে।

এমতাবস্থায়, সকল বীমা প্রতিষ্ঠানকে এখন থেকে বীমা আইন, ২০১০ এর আওতায় কর ব্যতীত সকল ফি যেমন প্রশাসনিক ফি, ফার্ম ও কোম্পানীসমূহের রেজিষ্ট্রেশন ফি, রেজিঃ নবায়ন ফি, দন্ড, জরিমানা, বাজেয়াপ্তকরণ ফি ইত্যাদি সরকারি ট্রেজারীর পরিবর্তে "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ" এর নামে চেকের মাধ্যমে পরিশোধ করার জন্য আদিষ্ট হয়ে নির্দেশ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

**মোঃ মিজানুর রহমান**
উপ-বীমা নিয়ন্ত্রক

স্মারক নং- আইডিআরএ/জিএডি **সার্কুলার নং-০৩-১৮** তারিখ ঃ ১৬/১১/১৪১৭ বং / ২৮ ফেব্রুয়ারী ২০১১ খ্রিঃ

সকল বীমা প্রতিষ্ঠানের
মুখ্য নির্বাহী
ও বীমা জরিপকারী প্রতিষ্ঠানের প্রধান জরীপকারী
-------------------------------------
ঢাকা।

## জিএডি সার্কুলার নং-০২-৪৩

**বিষয়ঃ বীমা আইন, ২০১০ এর আওতায় কর ব্যতীত সকল ফি যেমন প্রশাসনিক ফি, ফার্ম ও কোম্পানীসমূহের রেজিষ্ট্রেশন ফি, রেজিঃ নবায়ন ফি, দন্ড, জরিমানা, বাজেয়াপ্তকরণ ফি ইত্যাদি সরকারি ট্রেজারীর পরিবর্তে কর্তৃপক্ষের নামে চেকের মাধ্যমে পরিশোধ করার বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ নং-আইডিআরএ/জিএডি সার্কুলার নং-০২, তারিখ-২৫/১০/১৪১৭বাং /০৭/০২/২০১১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি সকল লাইফ ও নন-লাইফ বীমাকারী প্রতিষ্ঠান, সকল জরিপকারী প্রতিষ্ঠান, সকল বীমা এজেন্ট ও এমপ্লয়ার অব এজেন্টগণ এর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে সকল বীমা প্রতিষ্ঠানকে বীমা আইন, ২০১০ এর আওতায় কর ব্যতীত সকল ফি যেমন প্রশাসনিক ফি, ফার্ম ও কোম্পানীসমূহের রেজিষ্ট্রেশন ফি, রেজিঃ নবায়ন ফি, দন্ড, জরিমানা, বাজেয়াপ্তকরণ ফি, ইত্যাদি সরকারি ট্রেজারীর পরিবর্তে "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ" এর নামে চেকের মাধ্যমে পরিশোধ করার জন্য নির্দেশ দেয়া হয়। সকল ব্রোকার, বীমা এজেন্ট, বীমা জরিপকারী কর্তৃক ফি জমা দেয়ার ক্ষেত্রেও উক্ত নির্দেশ প্রযোজ্য। এতদসত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ" এর নামে ফি পরিশোধের পরিবর্তে পূর্বের ন্যায় ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফি জমা দেয়া হচ্ছে যা বর্ণিত সার্কুলারে প্রদত্ত নির্দেশের লংঘন। এ সার্কুলার প্রাপ্তির পর থেকে উক্ত ফি সমূহ "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ" এর নামে অবশ্যই পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে পরিশোধ করার জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো। কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্দেশের পূর্বে অর্থাৎ ৭/২/২০১১খ্রিঃ এর পূর্বে সরকারি কোষাগারে ফি জমা দেয়া হলে কেবল মাত্র উপর্যুক্ত প্রমাণাদি দাখিল সাপেক্ষে তা গ্রহণ করা হবে। এছাড়া উক্ত তারিখের পর সরকারি কোষাগারে জমা প্রদান করা কোন ফি গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

**মোঃ মিজানুর রহমান**
উপ-বীমা নিয়ন্ত্রক

No. IDRA/GAD/**1003/2011-696** Date: 11th September 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh.

## Circular No. Gen-25 /2011

In the overall interest of the Insurance industry, to protect the interest of the policy holder/shareholder and in public interest and as a long term policy strategy IDRA has decided to place strict prohibition on the companies with effect from September 18, 2011 from writing the business of the directors, their spouses, children, parents, brothers, sisters and all other persons dependent on them and any other persons/bodies in which directors have direct or indirect business interest.

However, any policies /cover notes issued on or before 17-09-2011 will remain valid until their next renewal and expiry date except open covers which will be subject to this prohibition.

IDRA firmly believes that the decisions taken are indispensable for increased discipline and uniformity in market practice which apart from creating a level playing field for all would substantially improve the financial strength of the companies and their claim paying abilities.

All concerned are, therefore, advised and directed to fully comply with the above mentioned decisions of the IDRA. Any deviations will attract severe consequences under the relevant sections of Insurance Act 2010 and Insurance Development & Regulatory Authority Act 2010.

**M. Shefaque Ahmed, Actuary**
Chairman

No. IDRA/GAD/**1003/2011-716** Date: 15th September 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh.

## Circular No. Gen-26 /2011

In reference to our circular no Gen-25/2011 dated 11-09-2011 this is to inform all concerned that the same will be effective from 1st November, 2011 instead of 18th September, 2011 subject to the following stipulations:-

1) Companies will immediately inform IDRA in writing details of all policies /cover notes and endorsements issued to their directors, their spouses, children, parents, brothers, sisters and all other persons dependent on them and any other persons/bodies in which directors have direct or indirect business interest along with the photocopies of the demand draft/pay order for the full premium amount payable to the company as per attached format.

2) Premiums for such policies to be paid only by Demand Drafts /Pay Orders of full premium amount payable to the company before issuing a cover note/policy and to be deposited into the companies' accounts within the next 2 (two) working days.

3) Any claims arising under such policies to be brought to the notice of IDRA within the next 2 (two) working days after submission of the claim stating the policy details, nature, cause, name of the surveyor(s) and an estimate of the claim amount with settlement thereof being subject to prior approval of IDRA.

**M. Shefaque Ahmed, Actuary**
Chairman

| Name of the policyholder | Policy number with date | Type of policy | Insured amount | Risks covered | Premium rate/s charge | Demand draft/pay order number | Total Premium amount |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

No. IDRA/GAD/**1003/2011-** Date: 28th September 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh.

## Circular No. Gen-27/2011

You are advised to furnish the information as per the enclosed preform part 1, part 2 and part 3 (From May 2011 to August 2011) by October 9, 2011. Information as per part 3 for subsequent months starting from September 2011 must be furnished by 15th of the following month.

All Bank accounts in the name of the company and any other account(s) number used in connection with company's business but not in the company's name, if any, must be furnished according to the format provided. In future, information relating to any account(s) closed or new account(s) opened must be furnished to IDRA within five working days including the information relating to any accounts opened but subsequently closed from May 2011 to September 2011.

Concealment or any wrong information will be treated as deviation from law and therefore will attract penalties under the relevant section of Insurance Act 2010 and Insurance Development & Regulatory Authority Act 2010.

**Naba Gopal Banik**
Member

Information related to Head Office (Part: 1)

1. Name of the Insurance Company : ................................................
2. Address of the Registered Office : ..................................................
3. Address of the Head Office : .........................................................
4. Starting Date of Insurance Business : (DD/MM/YY) - - /- - /- -

and information furnished on : (DD/MM/YY) - - /- - /- -

5. Total Number of Branch Office including Principal Branch :

**Table 1: Bank Account information for Head Office only**

| Name of the Bank with branch address | Account number/Type of Account/Date opened /Date closed | |
|---|---|---|
| 1) | a)<br>b)<br>c) | d)<br>e)<br>f) |
| 2) | a)<br>b)<br>c) | d)<br>e)<br>f) |
| 3) | a)<br>b)<br>c) | d)<br>e)<br>f) |
| 4) | a)<br>b)<br>c) | d)<br>e)<br>f) |

Note: mention Collection Account as (C), Disbursement Account as (D); (C/H)=> Collection Account at Head Office, (D/H)=> Disbursement Account at Head Office

**Required Information of Insurance Company's Principal Branch/Branch Office (Part:2)**

Information furnished on: __/__/__ (DD/MM/YY)

Name of the Company:

Branch Name: Opening date of the branch office: Area:

License no: Branch address : Name of the incharge:

License issue date: Contact no. of the incharge:

**Table 2: Bank account information for Principal branch /Branch Office**

| Name of the Bank with branch address | Account number/Type of account/Date opened /Date closed |
|---|---|
| 1) | a)<br>b)<br>c) |
| 2) | a)<br>b)<br>c) |
| 3) | a)<br>b)<br>c) |
| 4) | a)<br>b)<br>c) |

Note : mention Collection Account as (C), Disbursement Account as (D); Principal Branch as (P), Branch Office as (B); (C/P)=> Collection Account at Principal Branch, (D/P)=>Disbursement Account at Principal Branch, (C/B)=> Collection Account at Branch Office and (D/B)=> Disbursement Account at Branch Office.

## Required Information of Insurance Company's Principal Branch/ Branch Office (Part:3)

Month/Year:

**Table 3 : Class of Business and particulars**

(Use one or more pages for each month)

| Class of business | No. of cover note issued | Cover note serial no. (From To...) | No. of cover notes cancelled & their serial no. | No. of addendum issued | No. of policy issued directly | No. of cover note converted to policy | No. of cover note issued including CCP | Serial no. of the issued policy (From To.... | No. of policy cancelled & their serial no. | No. of endorsement issued | Total premium written | Total stamp duty paid | Total vat paid | Total amount of premium refunded |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Marine | | | | | | | | | | | | | | |
| Fire | | | | | | | | | | | | | | |
| Motor | | | | | | | | | | | | | | |
| Misc. | | | | | | | | | | | | | | |

স্মারক নং- আইডিআরএ/জিএডি/১০০৩/২০১১-৭৭৫ তারিখ ঃ ১৭ আশ্বিন, ১৪১৮ বং
০২ অক্টোবর ২০১১ খ্রিঃ

চেয়ারম্যান
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল বীমা কোম্পানী/ কর্পোরেশন

## জিএডি সার্কুলার নং- ৪

**বিষয়ঃ যুগপৎভাবে একই শ্রেণীর একাধিক বীমাকারীর বা বীমাকারী ও ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হওয়ার ক্ষেত্রে বিধি-নিষেধ।**

উপর্যুক্ত বিষয়ে নিম্নে বর্ণিত বীমা আইন ২০১০ এর ধারা ৭৫ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করা হলোঃ

"আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন বীমাকারীর পরিচালক একই শ্রেণীর বীমা ব্যবসার জন্য নিবন্ধীকৃত অন্য কোন বীমাকারীর বা কোন ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হইতে পারিবেন না।

ব্যাখ্যা- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে "ব্যাংক কোম্পানী" বলিতে ব্যাংক আইন, ১৯৯১ এ সংজ্ঞায়িত ব্যাংক কোম্পানী এবং "আর্থিক প্রতিষ্ঠান" বলিতে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এ সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাইবে।"

বীমাখাতে শৃঙ্খলা ও স্বচ্ছতা নিশ্চিত করার নিমিত্তে উক্ত ধারা কঠোরভাবে পরিপালন করার জন্য নির্দেশ দেয়া হলো।

একই সাথে উক্ত ধারার ব্যত্যয় ঘটিয়ে আপনাদের প্রতিষ্ঠানে কোন পরিচালক বহাল আছেন কিনা তা আগামী ১৬/১০/২০১১ ইং তারিখের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করতে নির্দেশ দেয়া হলো।

**মোঃ ফজলুল করিম**
সদস্য

No. IDRA/GAD/**1003/2011-** Date: 09th October 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh

## Circular No. Gen-28/2011

### Corrigendum to Circular No. Gen-27/2011 dated 28th September 2011

Please refer to our circular no. Gen-27/2011, dated 28th September 2011. Considering the difficulties being faced by many insurers in furnishing information the time limit of submission of information has been extended from 09th October 2011 to 23rd October 2011.

Please also note that the part-3 of the proforma enclosed along with circular no. Gen-27/2011 has been modified and you are advised to furnish information according to the modified proforma which is available in our website (www.idra.org.bd).

**Naba Gopal Banik**
Member

No. IDRA/GAD/**1003/2011-** তারিখ ঃ ১৬ই অক্টোবর ২০১১

সাধারণ বীমা কর্পোরেশন এবং
সকল নন-লাইফ বীমা কোম্পানী

## Circular No. Gen-24(A)/2011

মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ২৮-০৯-২০১১ ইং তারিখে রীট পিটিশন নং 8173 of 2011 সংক্রান্ত অত্র কার্যালয়ের সার্কুলার নং ২৪/২০১১ তারিখ ১৮-০৮-২০১১ (মেমো নং IDRA/GAD/1003/2011-666) এর কার্যকারিতা ৩ (তিন) মাসের জন্য স্থগিত করিয়াছেন।
ইহা সকলের অবগতির জন্য জানানো হইল।

**নব গোপাল বণিক**
সদস্য

No. IDRA/GAD/**1003/2001-** Date: 16th October 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh

## Circular No. Gen-28(A)/2011

### Corrigendum to Circular No. Gen-28/2011 dated 09th October 2011

Please refer to our circular no. Gen-28/2011 dated 09th October 2011. Considering the difficulties being faced by many insurers in furnishing information the time limit of submission of information is further extended **from 23rd October 2011 to 30th November 2011.**

**Naba Gopal Banik**
Member

স্মারক নং আইডিআরএ/জিএডি/**১০০৩/২০১১-৮২৯** তারিখ ঃ ০৪ কার্তিক, ১৪১৮ বং / ১৯ অক্টোবর ২০১১ খ্রিঃ

মুখ্য নির্বাহী
সকল লাইফ ও নন লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

## জিএডি সার্কুলার নং-৫

বিষয়ঃ বীমা ব্যবসায়ের নিবন্ধন নবায়ন প্রসঙ্গে।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সমস্ত কোম্পানীকে বীমাকারী হিসেবে বীমা ব্যবসার নিবন্ধন ৩১/১০/২০১১ পর্যন্ত নবায়ন করা হয়, উহার মেয়াদ ৩১/১২/২০১১ পর্যন্ত বর্ধিত করা হল।

**নব গোপাল বণিক**
সদস্য

No. IDRA/GAD/**1003/2001-884** Date: 31st October 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh

## Circular No. Gen-26(A)/2011

In reference to our Circular No. Gen-25/2011 dated 11-09-2011 and Gen-26/2011 dated 15-09-2011, this is to inform all concerned that the same will be effective from 1st December, 2011 instead of 1st November, 2011. All other conditions as mentioned in the above circulars will remain same.

**Naba Gopal Banik**
Member

No. IDRA/GAD/**1003/2011-961(8)** Date: 24th November 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh

## Circular No. Gen-29/2011

In the overall interest of the industry, insuring community and as a part of long term policy strategy all concerned are advise to strictly abide by the folowing instructions with effect from 1st December 2011:-

1) Any premium above Tk. 5,000/- must be received by demand draft/s or pay order/s or credit advice/s or electronic fund transfer/s or account payee cheque/s (Insurance documents to be issued only after encashment of the cheque) only. Full premium must be received by the company before issuing any cover notes, policies, endorsements or any other insurance instruments. Demand Draft or pay order or cheque number and date shall have to be mentioned in the money receipt.

2) Any refund of premium, irrespective of amount, must be paid by account payee cheque payable only to the client concerned.

3) Any payment of claim, irrespective of amount, must be paid by account payee cheque bearing the name of the concerned parties only.

**M. Shefaque Ahmed, Actuary**
Chairman

No. IDRA/GAD/**1003/2011-972** Date: 30th November 2011

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh

## Circular No. Gen-26 (B)/2011

In reference to Circular No Gen-25/2011 dated 11th September, Circular No. Gen-26/2011 dated 15th September and Circular No. Gen-26(A)/2011 dated 31st October, 2011 for ease and convenience of all concerned IDRA has resolved as follows:-

1) Companies will be able to write the business of their respective directors (as defined in circular no. Gen-25/2011 & Circular No. Gen-26/2011) up to 31st December, 2011 subject to the stipulations as set out in Circular no. Gen-26/2011 but statement as per attached new format no. 1 to be furnished by 10th January 2012.
2) From 1st January, 2012 Companies will be able to write the business of their respective directors (as defined in Circular No. Gen-25/2011 & Circular No. Gen-26/2011) upto 25% of the total business of a company written during each quarter i.e. directors business written in each quarter shall not exceed 25% of the total business of a company, written during a quarter subject to submission of business returns by the companies to IDRA for each quarter, as per enclosed format no. 2 within fifteenth day of the preceeding quarter.

The directors business written (upto 25%) shall be subject to stipulations stated in the circular no. Gen-26/2011 dated 15th September 2011. Companies will also furnish monthly return to IDRA within 10th of the following month in respect of directors business not exceeding 25% using new format no.1.

In view of likely fluctuation in the volume of directors quarterly business the overall limit of 25% will relate to the total volume of directors annual business.

**M. Shefaque Ahmed, Actuary**
Chairman

Format-1

(To be furnished monthly within 10th of the following month)

Date:

| Col. 1 | Col. 2 | Col. 3 | Col. 4 | Col. 5 | Col. 6 | Col. 7 | Col. 8 | Col. 9 | Col. 10 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Name of the Policyholder | Policy Holder's Relationship with the Directors | Cover note/Policy/ Endorsement Number and Date | Class of Business | Insured Amount | Risks Covered | Reinsured Amount | Premium Rate/s Charged | Total Premium Amount | Demand Draft/Pay Order Number |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

Note: Demand draft or pay order number and date shall have to be mentioned in the money receipt.

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-(১)

তারিখ ঃ ২১ অগ্রহায়ণ, ১৪১৮ বং / ০৫ ডিসেম্বর, ২০১১ খ্রিঃ

মুখ্য নির্বাহী
সকল জীবন বীমা কোম্পানী/ কর্পোরেশন

## সার্কুলার নং লাইফ-০১/২০১১

**বিষয় ঃ সকল জীবন বীমা প্রতিষ্ঠানের ৩১ ডিসেম্বর ২০১১ ইং তারিখ পর্যন্ত ব্যবসার হিসাব সমাপন করে কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। ৩১ ডিসেম্বর ২০১১ ইং তারিখ পর্যন্ত সকল জীবন বীমা প্রতিষ্ঠানের ব্যবসার পূর্বক হিসাব সমাপন করে প্রতিবেদন তৈরী করে আগামী ১৫ জানুয়ারী ২০১২ ইং তারিখের মধ্যে চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবরে দাখিল করার জন্য জীবন বীমা কর্পোরেশনসহ সকল জীবন বীমা প্রতিষ্ঠানকে বীমা আইন, ২০১০ এর ৪৯ ধারার ক্ষমতাবলে নির্দেশনা প্রদান করা হলো। উক্ত তারিখে প্রতিবেদন দাখিলে ব্যর্থ হলে বীমা আইন অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া ২০১১ সালে প্রদর্শিত ১ম বর্ষ ব্যবসার বিপরীতে ব্যাংক জমা অবশ্যই ৩১ শে ডিসেম্বর ২০১১ ইং তারিখের মধ্যে হবে। পরবর্তী বৎসর অর্থাৎ ২০১২ সালের কোন ব্যাংক জমা প্রদর্শিত হলে তা কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষার সময় প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বীমা আইনের বিধান অনুযায়ী আইনগত ব্যবস্থা প্রয়োগ করা হবে।

এমতাবস্থায়, আগামী ১৫ জানুয়ারী ২০১২ইং তারিখের মধ্যে আপনাদের কোম্পানীর ৩১ ডিসেম্বর ২০১১ ইং তারিখ পর্যন্ত ব্যবসার হিসাব সমাপন করে কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**মোঃ নূরুল ইসলাম মোল্লা**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০[illegible]/২০১২-১১২ তারিখ ঃ ২৮ পৌষ, ১৪১৮ বং / ১১ জানুয়ারী ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/ কর্পোরেশন

## সার্কুলার নং লাইফ-০২/২০১২

দেশের জীবন বীমা খাত একটি সম্ভাবনাময় খাত। দেশের অর্থনৈতিক উন্নয়নে বীমা খাত যথেষ্ট ভূমিকা রাখতে পারে। এ খাতের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠিকে আর্থিক নিরাপত্তা প্রদান করা সম্ভব। জনগণের স্বার্থে জীবন বীমা প্রতিষ্ঠানগুলোকে স্বচ্ছ এবং সুশৃঙ্খলভাবে পরিচালনার লক্ষ্যে গত ২২ ডিসেম্বর ২০১১ ইং তারিখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে জীবন বীমা প্রতিষ্ঠানসমূহের মুখ্য নির্বাহীদের এক মতবিনিময় সভায় বীমা আইনের বিধানের আলোকে নিম্নবর্ণিত বিষয়গুলি সম্বন্ধে ঐকমত্য হয়, যা ২০১২ সালে পর্যায়ক্রমে কার্যকর হবেঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | কার্যকর হওয়ার সময় |
|---|---|---|
| ১। | নিয়োগকর্তার (Employer of Agent) পুরো ইউনিটের প্রতিনিধির স্তর দুই এর অধিক হবে না। | ১ ফেব্রুয়ারী ২০১২ |
| ২। | প্রত্যেক জীবন বীমা প্রতিষ্ঠানের একচ্যুয়ারিয়াল বিভাগ করা বাধ্যতামূলক এবং একচ্যুয়ারি বিজ্ঞানে অধ্যয়নরত ন্যূনতম একটি অংশে (Part) উত্তীর্ণ এবং একচ্যুয়ারিয়াল কাজে ধারণা সম্পন্ন ছাত্র/ছাত্রীকে উক্ত বিভাগের দায়িত্ব প্রদান করতে হবে। দায়িত্ব প্রাপ্ত উক্ত ছাত্র /ছাত্রীর একচ্যুয়ারিয়াল বিষয়ে অধ্যয়নের সত্যতা যাচাইয়ের জন্য তাকে ৬ (ছয়) মাস অন্তর তাদের পরীক্ষা পাশের অগ্রগতির রিপোর্ট IDRA'র অফিসে প্রদান করতে হবে। | ৩০ মার্চ ২০১২ এর মধ্যে |
| ৩। | প্রিমিয়ামের সাথে কোন ধরনের খরচ/প্রাপ্য/দাবী /কমিশন ইত্যাদি সমন্বয় করা যাবে না। | ১লা এপ্রিল ২০১২ |
| ৪। | বেতন ও ভাতা/ কমিশন/রিলিজ/অন্যান্য প্রণোদনা Account payee চেকের মাধ্যমে কেবল মাত্র সংশ্লিষ্ট প্রতিনিধি/প্রতিনিধি নিয়োগকারী ব্যক্তিকে প্রদেয় হবে। | ১লা জুন ২০১২ |

উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্তে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষ কর্তৃক বীমা আইনের বিধান অনুযায়ী কঠোরভাবে মনিটরিং করা হবে।

অতএব, জীবন বীমা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট সকল মুখ্য নির্বাহীগণকে নির্ধারিত সময় সূচী অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

No. IDRA/GAD/**1003/2012-** Date: 15th January 2012

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh

## Circular No. Gen-30/2012

In the overall interest of the industry, insuring community, improved control system, as a part of long term policy strategy, to eliminate the existing malpractices and obviation of the existing laws & rules in connections with payment of commission against premium, all concerned are advised to strictly abide by the following instructions with effect from 01st March 2012:

1) Under no circumstances premium against a policy/cover note or any other insurance instrument should be accepted after adjustment with commission or any other amount lawfully due against the premium. However, the commissions, if any, for each case must be payable by account payee cheque only bearing the name of licensed agent or licensed broker.

2) Monthly bank statement of all the bank accounts (collection and disbursement) of respective branch office, principal office and head office of insurance company must be kept in a manner easily understandable and accessible for the audit /inspection purposes. All monthly bank account statements should clearly identify the premium inflow and the commission outflow, if any, in each case.

3) All Registers (Premium, Cover Note, Bank, Petty Cash, Commission etc.) must be maintained in a manner that the auditors shall get the required information and documents ready for completion of their audit /inspection and /or investigation.

**M. Shefaque Ahmed, Actuary**
Chairman

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-১৯৮

তারিখ ঃ ১৩ মাঘ, ১৪১৮ বং
২৬ জানুয়ারী ২০১২ খ্রিঃ

চেয়ারম্যান
.............................

## জিএডি সার্কুলার নং ৪ (খ)

**বিষয়ঃ যুগপৎভাবে একই শ্রেণীর একাধিক বীমাকারীর বা বীমাকারী ও ব্যাংক কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হওয়ার ক্ষেত্রে বিধি-নিষেধ সম্পর্কিত।**

সূত্র: বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৭৭৫, তারিখঃ ০২/১০/২০১১ খ্রিঃ

প্রিয় মহোদয়,
উপর্যুক্ত বিষয় ও সূত্রের ধারাবাহিকতায় জানানো যাচ্ছে যে, আপনার বীমা কোম্পানীর এক বা একাধিক পরিচালক/ পরিচালকগণ কোন ব্যাংক কোম্পানী বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানে যুগপৎভাবে পরিচালক পদে বহাল আছেন বিধায় উহা বীমা আইন-২০১০ এর ৭৫ ধারার পরিপন্থি।

এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানের যে পরিচালক/ পরিচালকগণ বীমা আইন-২০১০ এর ৭৫ ধারার ব্যত্যয় ঘটিয়ে অন্য ব্যাংক কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানে যুগপৎ ভাবে পরিচালক পদে বহাল আছেন, তাঁকে/ তাঁদেরকে উক্ত আইনের ধারা মেনে আগামী ২৯ ফেব্রুয়ারী ২০১২ খ্রিঃ তারিখের মধ্যে যুগপৎ পরিচালক পদ পরিত্যাগের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত তথ্যাদি কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। অন্যথায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এককভাবে বীমা আইন ২০১০ এর ৫০, ১৩৪ ও অন্যান্য প্রয়োগযোগ্য ধারার বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-২১৮ তারিখ ঃ ১৮ মাঘ, ১৪১৮ বং / ৩১ জানুয়ারী ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/কর্পোরেশন

## সার্কুলার নং লাইফ-০৩/২০১২

দেশের জীবন বীমা খাত একটি সম্ভাবনাময় খাত। দেশের অর্থনৈতিক উন্নয়নে বীমা খাত যথেষ্ট ভূমিকা রাখতে পারে। এ খাতের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠিকে আর্থিক নিরাপত্তা প্রদান করা সম্ভব। পলিসি হোল্ডারদের স্বার্থে জীবন বীমা প্রতিষ্ঠান গুলোকে স্বচ্ছ এবং সুশৃঙ্খলভাবে পরিচালনার লক্ষ্যে গত ২৫ জানুয়ারী ২০১২ ইং তারিখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে জীবন বীমা প্রতিষ্ঠান সমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাগণের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জীবন বীমা খাতে কমিশন ও কমিশনভিত্তিক জনবলের স্তরের অভিন্ন পদবী নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি গত ৩০/০১/১২ ইং তারিখে কর্তৃপক্ষের সাথে অনুষ্ঠিত সভায় তাদের সুপারিশমালা পেশ করেন। উক্ত সুপারিশ মালার ভিত্তিতে ৩১/০১/২০১২ ইং তারিখে কর্তৃপক্ষের সাথে সকল জীবন বীমা প্রতিষ্ঠানসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাগণের অনুষ্ঠিত সভায় কমিশন ও কমিশনভিত্তিক জনবলের স্তরের অভিন্ন পদবী বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তবলী গৃহীত হয় যা ১ ফেব্রুয়ারী ২০১২ ইং অথবা তৎপরবর্তী তারিখে চালুকৃত পলিসির বেলায় কার্যকর হবেঃ

কমিশন ভিত্তিক জনবলের স্তরের অভিন্ন পদবী ঃ

ক) Financial Associate (বীমা এজেন্ট)

খ) Unit Manager

গ) Branch Manager

(এজেন্ট নিয়োগকারী)

Financial Associate, Unit Manager ও Branch Manager-দের সর্বোচ্চ কমিশনের হার এতদসংগে সংযুক্ত করা হলো। তাছাড়া Persistency, Number of Policies Sold, Amount of Premium, Percent of Retention etc. এর উপর ভিত্তি করে Financial Associate, Unit Manager ও Branch Manager-দের গ্রুপ বীমা, স্বাস্থ্য বীমা পেনশন সুবিধাসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা থাকবে। পরবর্তীতে এ ব্যাপারে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক বিস্তারিত ব্যাখ্যা সম্বলিত Guidelines প্রদান করা হবে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

LIFE INSURANCE COMMISSION SCHEDULE (effective from 01 February 2012)
FOR INDIVIDUAL LIFE INSURANCE POLICIES OTHR THAN TERM POLICIES

| Policy Term (Year) | Financial Associate's maximum basic commission as % of Premium | | |
|---|---|---|---|
| | 1st Policy Year | 2nd Policy Year | 3rd Policy Year and onwards |
| 1 | 2 | - | - |
| 2 | 4 | 2 | - |
| 3 | 6 | 5 | 5 |
| 4 | 8 | 5 | 5 |
| 5 | 10 | 10 | 5 |
| 6 | 12 | 10 | 5 |
| 7 | 14 | 10 | 5 |
| 8 | 16 | 10 | 5 |
| 9 | 18 | 10 | 5 |
| 10-11 | 20 | 10 | 5 |
| 12-14 | 25 | 10 | 5 |
| 15-19 | 32 | 10 | 5 |
| 20 & Above | 35 | 10 | 5 |

FOR INDIVIDUAL ACCIDENT & HEALTH INSURANCE POLICIES

| Type of Policy | Financial Associate's maximum basic commission as % of Premium | | |
|---|---|---|---|
| | 1st Policy Year | 2nd Policy Year | 3rd Policy Year and onwards |
| Individual A&H | 30 | 10 | 5 |

FOR INDIVIDUAL TERM INSURANCE POLICIES

| Type of Policy | Premium paying period | Financial Associate's maximum basic commission as % of Premium | | |
|---|---|---|---|---|
| | | 1st Policy Year | 2nd Policy Year | 3rd Policy Year and onwards |
| Term Insurance Polciy | All Periods | 15 | 10 | 5 |

INDIVIDUAL LIFE SINGLE PERMIUM POLICIES

| Policy Term (Year) | Financial Associate's maximum basic commission as % of Premium |
|---|---|
| 1-3 | 2 |
| 4-6 | 3 |
| 7-9 | 4 |
| 10-15 | 5 |
| 16 & Above | 6 |

COMMISSION FOR EMPLOYER OF AGENTS

| Employer of Agent | Maximum commission as % of 1st year commission earned by Financial Associates |
|---|---|
| Unit Manager | 25 |
| Branch Manager | 15 |

Note: Above rates shall apply to policies underwritten and issued on 1st February 2012 and onwards.

No. IDRA/GAD/**1003/2011-363 (1-9)** Date: 06th March, 2012

Sadharan Bima Corporation and
All Non-Life Insurance Companies
Bangladesh

## Circular No. Gen-31/2012

To enable IDRA to have a transparent picture of the country's Re-insurance scenario all Non-Life Insurance Companies are directed to submit to the Authority copies of all quarterly Re-insurance statements (cession/bordereaux) submitted to the Re-insurers, including any supplementary, preferably in compact disk (non- writable CD) simultaneously with immediate effect.

All NonLife Insurance Companies are also directed to submit summary of all Re-Insurance treaty arrangement with the Re-insurers for the year 2011-2012 and quarterly Re-Insurance statements (bordereaux) for the 1st and 2nd quarters of 2011-2012 to Authority by 22nd March, 2012.

Henceforth all Non-Life insurance Companies shall submit summary of their Re-insurance arrangement/ treaty with their respective Re-insurer at the beginning of every Re-insurance year.

**Naba Gopal Banik**
Member

স্মারক নং- বীঃউঃনিঃকুঃ/জিএডি **১০০৩/২০১১-৩৯৬ (১-২৪)** তারিখ ঃ ০১ চৈত্র ১৪১৮ বং / ১৫ মার্চ ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

## সার্কুলার নং লাইফ-০৩ (খ)/২০১২

জীবন বীমা খাতে কমিশন ও কমিশনভিত্তিক জনবলের স্তরের অভিন্ন পদবী ও অন্যান্য বিষয়ে সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির সাথে গত ১৩ মার্চ ২০১২ ইং তারিখ সকল জীবন বীমা প্রতিষ্ঠানের অনুষ্ঠিত এক সভায় উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনার প্রেক্ষিতে কমিটির দাখিলকৃত সুপারিশমালা বিবেচনায় নিয়ে এতদসংগে সংযুক্ত 'Commission Schedule' ও ৫টি অতিরিক্ত সুপারভাইজরি পদবির বিষয়ে সার্কুলার 'লাইফ-০৩(খ)/২০১২' জারি করা হলো, যা ০১/০৩/২০১২ইং তারিখ হতে সার্কুলার 'লাইফ-০৩(ক)/২০১২' এর স্থলাভিষিক্ত হবে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

# LIFE INSURANCE COMMISSION AND COMPENSATION SCHEDULE

(Effective from 01 March 2012)

Further Revised on 13 March 2012

A. FINANCIAL ASSOCIATE'S (FA) MAXIMUM BASIC COMMISSION AS % OF PREMIUM

1. For individual life insurance policies other than term policies:

| Premium payment term (year) | 1st Policy year | 2nd Policy year | 3rd Policy year and onwards |
|---|---|---|---|
| 1 | 2 | 0 | 0 |
| 2 | 4 | 2 | 0 |
| 3 | 6 | 2 | 2 |
| 4 | 8 | 5 | 2 |
| 5 | 10 | 5 | 2 |
| 6 | 12 | 5 | 5 |
| 7 | 14 | 10 | 5 |
| 8 | 16 | 10 | 5 |
| 9 | 18 | 10 | 5 |
| 10-11 | 22 | 10 | 5 |
| 12-14 | 25 | 10 | 5 |
| 15-19 | 32 | 10 | 5 |
| 20 & above | 35 | 10 | 5 |

1. (a) For encouraging renewal collection, 1% special bonus would be payable to each Unit Manager (UM) and Branch Manager (BM) against collected renewal premium for a maximum period of first 3 years renewal for each policy but not exceeding the premium payment term for those who would qualify for special commission fulfilling the condition specified in serial number B2. This will be effective from the policies issued during 2011.
2. For individual Accident & Health (A&H) and Term/ Supplementary contracts /Rider attached to life insurance Policy commission will be same as life insurance policy to which the Supplementary Contract/Rider is attached.
3. For individual Accident & Health (A&H) and Term Life Insurance Policies (Stand-alone):

| Type of Policy | 1st Policy year | 2nd Policy year | 3rd Policy year and onwards |
|---|---|---|---|
| Individual A&H | 30 | 10 | 5 |
| Term Insurance | 25 | 10 | 5 |

4. For Individual Life Single Premium Policies:

| Premium payment term (Year) | Basic Commission |
|---|---|
| 1-3 | 2 |
| 4-6 | 3 |
| 7-9 | 4 |
| 10 & Above | 4.5 |

B. MAXIMUM COMMISSION FOR EMPLOYER OF AGENTS AS % OF FIRST YEAR COMMISSION EARNED BY FINANCIAL ASSOCIATE:

| Employer of Agent | Regular Basic Commission | Special Commission (*sl. no. B2) | Total Commission |
|---|---|---|---|
| Unit Manager | 25 | 5 | 30 |
| Branch Manager | 15 | 10 | 25 |

1. Active Financial Associate (FA) and Employer of Agents (UM and BM) shall mean the following.
    a. Active Financial Associate (FA) is an agent who sells a minimum of 11 new policies in a year and earns a minimum annual commission of Taka 20,000.
    b. Active Unit Manager is one who employs at least 5 Active Financial Associates.
    c. Active Branch Manager is one who employs at least 3 Active Unit Managers.
    d. In addition to above criteria, from 01 January 2013, FA, UM and BM must earn renewal persistency bonus to maintain their 'active' status.
2. Special Commission (*) will be payable at the end of the year, only to active Unit Manager and active Branch Manager as defined below:
    a. For 2012 expected renewal persistency would be minimum 65% for 12 months cycle.
    b. For 2013 they must maintain renewal persistency of minimum 75% for 12 months cycle.
    c. From 2014 they must maintain renewal persistency of minimum 70% for 24 months cycle.
3. Each Unit Manager and Branch Managers' Special Commission shall be reviewed at the end of business year. To continue receiving special commission at least 75% renewal persistency should be maintained for 2013 and least 70% renewal persistency should be maintained for 2014 and onward.

C. OTHER COMPENSATION FOR FINANCIAL ASSOCIATES:

1. First Year Incentive Bonus:

| Eligibility Commission : Total Earned commission during 1st year | % of 1st year Earned Basic Commission |
|---|---|
| Taka. 20,000/= or above but less than Taka 50,000/= | 10 |
| Taka. 50,000/= or above but less than Taka 1,00,000/= | 20 |
| Taka. 1,00,000/= and above | 30 |

2. Persistency Bonus:

| Eligibility Persistency of second year renewal premium | % of 2nd year Renewal Commission |
|---|---|
| 70% or above but less than 80% | 10 |
| 80% or above but less than 90% | 12.5 |
| 90% and above | 15 |

D. OTHER COMPENSATION FOR EMPLOYER OF AGENTS (both UM and BM)

1. Persistency Bonus:

| Eligibility Persistency of second year renewal premium | % of 2nd year Renewal Commission of FA |
|---|---|
| 65% or above but less than 75% | 7.5 |
| 75% or above but less than 85% | 10 |
| 85% and above | 15 |

note: Bonus/incentives will be calculated at the end of business year:

E. PERSISTENCY:

Wherever mentioned, persistency will be based on 24 months' experience as follows:

$$\text{Persistency rate} = \frac{\textit{Total no of in-force policies during 24 months preceding the evaluation date}}{\textit{Total no of new policies issued during 24 months preceding the evaluation date}} \times 100$$

F. SUPERVISORY POSITIONS:

The companies which will introduce Supervisory positions above the commission based manpower will have to restrict the number of positions to maximum 5 levels as well as maintaining the expense limit specified by IDRA.

(a) Chief Coordinator (Development)only one position in a company
(b) Divisional Coordinator (Development)
(c) Regional Coordinator (Development)
(d) District Coordinator (Development)
(e) Branch Coordinator (Development)

G. RECRUITMENT POLICY:

No Company will recruit personnel in Supervisory Position (Dev.) from another company without clearance from the concerned company from the date of issuance of this Circular.

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৪৫১

তারিখ ঃ ১৮ চৈত্র, ১৪১৮ বং / ০১ এপ্রিল ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

## সার্কুলার নং-নন-লাইফ-৩২ /২০১২
## বিষয়ঃ নন-লাইফ বীমাকারীর জন্য কমিশন ব্যয়ের সীমা।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নন-লাইফ বীমাকারীর জন্য কমিশন ব্যয়ের সর্বোচ্চ সীমা নিম্নরূপ নির্ধারণ করা হলো:-

বাংলাদেশে কোন নন-লাইফ বীমা পলিসি ইস্যু করার ক্ষেত্রে কোন বীমাকারী পরিশোধযোগ্য প্রিমিয়ামের ১৫ (পনের) শতাংশের অধিক কমিশন অথবা অন্য কোন প্রকার পারিশ্রমিক কোন বীমা এজেন্টকে প্রদান অথবা প্রদানের চুক্তি এবং কোন বীমা এজেন্ট পরিশোধযোগ্য প্রিমিয়ামের ১৫ (পনের) শতাংশের অধিক কমিশন অথবা অন্য কোন প্রকার পারিশ্রমিক গ্রহণ করতে পারবে না। তবে শর্ত থাকে যে,

১। কমিশন, যদি থাকে, প্রতিক্ষেত্রে অবশ্যই লাইসেন্সকৃত এজেন্টের নাম সম্বলিত একাউন্ট পেয়ী চেকে প্রদান করতে হবে। পলিসি/কভারনোট অথবা অন্য কোন বীমা দলিলের বিপরীতে কোন অবস্থাতেই কমিশন সমন্বয়ের পরে প্রিমিয়াম গ্রহণযোগ্য হবে না।

২। প্রত্যেকটি ইন্স্যুরেন্স কোম্পানীর স্বীয় শাখা অফিস, প্রিন্সিপাল অফিস এবং হেড অফিসের ব্যাংক হিসাবের মাসিক বিবরণী (আদায় এবং প্রদান) এমনভাবে সংরক্ষণ করতে হবে যেন তা সহজেই নিরীক্ষণ/পরিদর্শন করা সম্ভব হয়। সকল ব্যাংক হিসাবের মাসিক বিবরণীতে প্রিমিয়াম আয় ও কমিশন ব্যয়, যদি থাকে, সুস্পষ্টভাবে প্রতিটি ক্ষেত্রে চিহ্নিত করতে হবে।

৩। সকল রেজিষ্টার (প্রিমিয়াম, কভারনোট, ব্যাংক পেটি ক্যাশ, কমিশন ইত্যাদি) এমনভাবে সংরক্ষণ করতে হবে যেন নিরীক্ষক সহজেই প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং দলিলাদি নিরীক্ষণ/পর্যবেক্ষণ করতে সমর্থ হন।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৫৫৫ তারিখ ঃ ২৯ চৈত্র, ১৪১৮ বং / ১২ এপ্রিল ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

## সার্কুলার নং-জিএডি-০৬/২০১২

**বিষয়ঃ বীমা এজেন্ট লাইসেন্স প্রাপ্তির আবেদনের সাথে বীমা এজেন্টের নামে ব্যাংক একাউন্ট, জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি, টিন নম্বর (যদি থাকে) দাখিল প্রসঙ্গে।**

সকল লাইফ এবং নন-লাইফ বীমাকারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল বীমাকারী প্রতিষ্ঠান কর্তৃক বীমা এজেন্ট এর লাইসেন্স অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদনপত্র প্রেরণকালে সংশ্লিষ্ট আবেদকারীর ব্যাংক একাউন্ট নম্বর ও ব্যাংকের নাম, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও টিন নম্বর (যদি থাকে) অবশ্যই দাখিল করতে হবে। অধিকন্তু ইতিমধ্যে যে সকল আবেদনকারীর বীমা এজেন্টের লাইসেন্স কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে তাদেরকেও উপরোক্ত তথ্যাদি/ডকুমেন্ট আগামী ২৬/০৪/১২ইং তারিখের মধ্যে দাখিল করতে হবে।

**মোঃ ফজলুল করিম**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৫৫৬ তারিখ ঃ ২৯ চৈত্র, ১৪১৮ বং / ১২ এপ্রিল ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

## সার্কুলার নং-নন-লাইফ ৩২ (ক)/২০১২

**বিষয়ঃ নন-লাইফ বীমাকারীর জন্য কমিশন ব্যয়ের সীমা।**

গত ০১ এপ্রিল ২০১২ ইং তারিখ সার্কুলার নং-নন-লাইফ-৩২/২০১২ এর মাধ্যমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নন-লাইফ বীমাকারীর জন্য শর্তাদি সম্বলিত কমিশন ব্যয়ের যে সীমা নির্ধারণ করা হয়েছে তা সকল নন-লাইফ বীমাকারীগণকে যথাযথভাবে পরিপালন করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে। কোন বীমাকারী কর্তৃক উক্ত নির্দেশনা লঙ্ঘন করা হলে সংশ্লিষ্ট লঙ্ঘনকারীর বিরুদ্ধে বিদ্যমান আইন অনুযায়ী কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/লাইফ/১০০৩(১)/২০১১-৮৬৭ তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৯ বং / ১১ জুন, ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

## সার্কুলার নং- লাইফ-০৪/২০১২

লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহকে জানানো যাচ্ছে যে, বীমা আইন ২০১০ এর ধারা ১৬০ এর উপধারা (২) এর দফা (ছ) অনুযায়ী রহিত বীমা আইন ১৯৩৮ এর অধীন পণীত কোন বিধি বা প্রবিধান, এই আইনের বিধানাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে এবং রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে এবং বীমা আইন, ২০১০ এর অধীনে প্রণীত হয়েছে বলে গণ্য হবে। বীমা আইন, ২০১০ এর অধীনে স্থিতিপত্র ও লাভ-ক্ষতি বিবরণী প্রস্তুতের কোন প্রবিধান এখনও প্রণয়ন করা হয়নি। এমতাবস্থায় লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহে, বীমা আইন ২০১০ এর অধীনে স্থিতিপত্র ও লাভ-ক্ষতি বিবরণী প্রস্তুতের কোন প্রবিধান প্রণয়ন না হওয়া পর্যন্ত রহিত বীমা আইন ১৯৩৮ এর অধীনে প্রণীত প্রবিধান অনুসরণ করে স্থিতিপত্র ও রেভিনিউ একাউন্ট প্রস্তুতের নির্দেশ দেয়া হলো।

রহিত বীমা আইন, ১৯৩৮ এর অধীনে প্রণীত প্রবিধানে রিয়েল এস্টেট পুণঃমূল্যায়ন এবং স্টক ও শেয়ার এর মূল্য হ্রাস-বৃদ্ধি স্থিতিপত্রে ও রেভিনিউ একাউন্টে প্রদর্শনের বিষয়ে সুস্পষ্ট নির্দেশাবলী না থাকায় কিছু কিছু লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর হিসাব প্রস্তুতে বিভ্রান্তি লক্ষ্য করা যাচ্ছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গত ৩০ মে, ২০১২ তারিখে লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালকদের সংঙ্গে এক মতবিনিময় সভায় অন্যান্য বিষয়ের সঙ্গে উল্লিখিত বিষয় আলোচনা করে। এরই ধারাবাহিকতায় "Guidelines for Preparation of Accounts and Finanacial Statements" তৈরী করা হয়েছে যা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহকে অনুসরণের জন্য এতদ্সংঙ্গে সংযুক্ত করা হলো।

লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহকে রহিত বীমা আইন, ১৯৩৮ এর অধীনে প্রণীত প্রবিধান এবং এতদ্সংঙ্গে সংযুক্ত "Guidelines for preparation of Accounts and Finanacial Statements" অনুসরণ করে স্থিতিপত্র, রেভেনিউ একাউন্ট এবং অন্যান্য আর্থিক বিবরণী প্রস্তুত করার নির্দেশ দেয়া হলো।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

**"Guidelines for preparation of Accounts and Finanacial Statements"**

**1. Basic of presentation of Accounts and Balance Sheet**

Regulations relating to accounts and preparation of financial statements have not yet been framed. Queries have recently been made by some of the life insurers regarding preparation of annual accounts and related financial statements as per the Insurance Act, 2010. We draw the attention of the insurers to section 160(2)(ছ) of the Insurance Act, 2010 wherein its is stated that any rules or regulations made under the Insurance Act, 1938, subject to being consistent with the provisions of the Insurance Act, 2010, shall continue to remain in force and shall be treated as specified under the Insurance Act, 2010 until these rules and regulations are repealed or amended.

In view of the above, until the relevant regulations are specified under the Insurance Act, 2010 life insurer shall, at the expiration of each calendar year, prepare with reference to that year a balance sheet in accordance with the regulations contained in Part I of the First Schedule in the form set forth in Part II of that Schedule, and a revenue account in accordance with the regulation contained in Part I of the Third Schedule in the forms set forth in Part II of that Schedule of the Insurance Act, 1938.

However, for convenience and drawing immediate attention of life insurance companies some of the sub-regulations as contained in Part I of the First Schedule of the Insurance Act, 1938 are reproduced below.

Sub-regulation 7(a) states that every balance sheet shall contain a certificate signed by the same persons as are required by the Insurance Act, 1938 to sign the balance sheet explaining how the values as shown in the balance sheet of the investment in stocks and shares have been arrived at, and how the market value thereof has been ascertained for the purpose of comparison with the values so shown.

Sub-regulation 7(b) states that every balance sheet shall contain a certificate signed by the same persons as are required by the Insurance Act, 1938 to sign the balance sheet and signed also, so far as respects the value of any items, shown in the balance sheet under the heading of "Reversions and Life Interests" by an actuary, certifying

that the values of all the assets have been reviewed as at the date of the balance sheet, and that in their belief the assets set forth in the balance sheet are shown in the aggregate at amounts not exceeding their realizable or market value under the several heading-"Loans", "Reversions and Life Interests", "Investments", "Agents", "Balances", "Outstanding Premiums", "Interests, Dividends and Rents accruing but not due", "Amounts due from other Persons or Bodies carrying on Insurance Business", "Sundry Debtors", "Bills Receivable", "Cash", and the several items specified under "Other Accounts".

As per sub-regulation 9(b) "market value" means as respects and assets the market value thereof as ascertained from published market quotations, or, if there is no such value, its fair value between a willing buyer and a willing seller.

Under the circumstances life insurers are advised not to show investment in stocks and shares in the balance sheet at amounts exceeding its market value. They are also advised that their balance sheet should contain a certificate signed by the same persons as are required by the Insurance Act, 1938 to sign the balance sheet, certifying that the values of all the assets have been reviewed as at the date of the balance sheet, and that in their belief the assets set forth in the balance sheet are shown in the aggregate at amounts not exceeding their realizable or market value under the several headings.

**2. Valuation of Assets**

Insurers have made queries how unrealized gains arising out of changes in the values of real estate and investment in stock and shares are to be shown in the balance sheet and revenue account. Regulation 7(b) of Part 1 of the First Schedule of the Insurance Act, 1938 states that the values of the assets set forth in the balance sheet are to be shown in the aggregate at amounts not exceeding their realizable or market value under the several headings. Existing accounting regulations do not clearly state how the unrealized gains arising out of the change in the value of assets are to be shown in the balance sheet. Until new accounting regulations are framed by the Insurance Development and Regulatory Authority (hereinafter referred to as Authority) insurers are advised to follow the following guidelines with regard to the treatment of the changes in the values of real estate and investment in stock and shares in the balance sheet and the revenue account:

## 2.1 Valuation of Real Estate

The value of real estate shall be determined at historical cost subject to revaluation. The change in the carrying amount of real estate shall be taken to revaluation Reserve. Unrealized gains/losses arising due to changes in the carrying amount of real estate should be taken under "Revaluation Reserve", The insurer shall assess at each balance sheet date whether any impairment of the value of real estate has occurred. An impairment loss shall be recognized as an expense in the revenue account unless the asset is carried at revalued amount. Any impairment loss of a revalued asset shall be treated as a revaluation decrease of that asset and if impairment loss exceeds the corresponding revaluation reserve, such excess shall be recognized as an expense in the Revenue Account. Carrying amount, for the purpose of these guidelines, is defined as the amount at which an asset is recognized in the balance sheet after deduction any accumulated depreciation and accumulated impairment losses thereon. The Authority may issue directives specifying the amount to be released from the revaluation reserve for declaring bonuses to the policyholders. No amount shall be released from the revaluation reserve and passed through the revenue account without the prior approval of the Authority. Except for the amount that is released to the policyholders as per the Authority's directives, no other amount shall be distributed to the shareholders out of Revaluation Reserve.

The profit on sale of real estate or loss on sale of real estate as the case may be, shall be passed through the Revenue Account and reflected in the changes in the carrying amount previously recognized under revaluation reserve.

## 2.2 Valuation of Equity Shares

Listed equity shares shall be measured at fair value at the balance sheet date. Fair value is the lowest of the quoted closing price at the balance sheet date.

Unrealized gains/losses arising due to changes in the fair value of the listed equity shares should be taken under Fair Value Change Account.

The insurer shall assess at each balance sheet date whether any impairment of the value of equity shares has occurred.

An impairment loss shall be recognized as an expense in the revenue account to the extent of the difference between the re-measured fair value of the shares and its acquisition cost as reduced by any previous impairment loss recognized in Revenue Account.

The Authority may issue directives specifying the amount to be released from the Fair Value Change Account for declaring bonuses to the policyholders. No amount shall be released from the revaluation reserve and passed through the revenue account without the prior approval of the Authority. Except for the amount that is released to the policyholders as per the Authority's directives, no other amount shall be distributed to the shareholders out of Fair Value Change Account.

The Profit on sale of equity shares or loss on sale of equity shares as the case may be, shall be passed through the Revenue Account and reflected in the changes in the carrying amount previously recognized under Fair Value Change Account.

Date: 11/06/2012

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-১১৩১ তারিখ ঃ ৩১ আষাঢ় ১৪১৯ বং / ১৫ জুলাই, ২০১২ খ্রিঃ

## সার্কুলার নং- জিএডি-০৭/২০১২

**বিষয়ঃ কোম্পানীতে নিয়োজিত উপদেষ্টাদের তালিকা কর্তৃপক্ষের নিকট প্রেরণ প্রসঙ্গে।**

এতদ্বারা সকল লাইফ ও নন-লাইফ বীমাকারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিজ নিজ কোম্পানীতে নিয়োজিত উপদেষ্টার তালিকা এবং উক্ত পদে যোগদানের তারিখ এবং কি শর্তে নিয়োজিত আছেন এতদ্‌সংক্রান্ত তথ্যাদি ও তাদের নিয়োগপত্রের অনুলিপি কর্তৃপক্ষ কর্তৃক পর্যবেক্ষন প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত তথ্যাদিসহ তাদের নিয়োগপত্রের অনুলিপি আগামী ৩০/০৭/২০১২ ইং এর মধ্যে কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল।

**মোঃ ফজলুল করিম**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-১২০৮

তারিখ ঃ শ্রাবণ ০৯, ১৪১৯ বং / জুলাই ২৪, ২০১২ খ্রিঃ

## সার্কুলার নং- জিএডি-১০/২০১২

### বিষয়ঃ বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন দালান/ ভূমি ক্রয়/আহরণ/ নির্মাণ না করা প্রসঙ্গে।

সম্প্রতি বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক দালান/ ভূমি ইত্যাদি স্থাবর সম্পত্তি ক্রয়/ আহরণ/ নির্মাণের ক্ষেত্রে অব্যবস্থাপনা লক্ষ্য করা যাচ্ছে। জীবন বীমা কোম্পানী/ কর্পোরেশন কর্তৃক এ ধরনের সম্পদ ক্রয়/ আহরণ/ নির্মাণের ক্ষেত্রে জীবন বীমা কোম্পানীসমূহের পলিসি হোল্ডারদের স্বার্থ সরাসরি সংশ্লিষ্ট থাকে। অন্যদিকে নন-লাইফ বীমা কোম্পানী/ কর্পোরেশন কর্তৃক এ ধরনের সম্পদ ক্রয়/ আহরণ/ নির্মাণের ক্ষেত্রে শেয়ার হোল্ডারদের স্বার্থ সংশ্লিষ্ট থাকে। সম্পদ ক্রয়/আহরণ/নির্মাণের ক্ষেত্রে নিয়মের ব্যত্যয় হলে পলিসি হোল্ডার এবং শেয়ার হোল্ডারদের স্বার্থ ক্ষুন্ন হয়। তা ছাড়া সম্পদ একই খাতে অতিরিক্ত কেন্দ্রীভূত হলে ঝুঁকির মাত্রাও বৃদ্ধি পায় যা প্রতিষ্ঠানের অস্তিত্বকে বিপদাপন্ন করতে পারে। এ প্রেক্ষিতে এখন থেকে বীমা কোম্পানী/ কর্পোরেশন কর্তৃক দালান/ ভূমি ইত্যাদি স্থাবর সম্পত্তি ক্রয়/ আহরণ/ নির্মাণের ক্ষেত্রে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এ নির্দেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**নব গোপাল বণিক**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-(১২৯০)    তারিখ : ০৭ ভাদ্র, ১৪১৮ / ২২ আগষ্ট, ২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

## সার্কুলার নংঃ- নন-লাইফ-৩৩/২০১২

**বিষয়ঃ নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের ২০১০,২০১১ এবং ২০১২ (৩০ জুন পর্যন্ত) সালের তালিকাভুক্ত সার্ভেয়ার কোম্পানীর নামসহ সংযুক্ত ছক অনুযায়ী তথ্যাদি প্রদান প্রসঙ্গে।**

আপনাদের কোম্পানীর তালিকাভুক্ত সকল সার্ভেয়ার কোম্পানী সংক্রান্ত ২০১০,২০১১ এবং ২০১২(৩০ জুন পর্যন্ত) ভিত্তিক তথ্যাদি এতদ্সংগে সংযুক্ত ছক অনুযায়ী আগামী ০৯/০৯/১২ তারিখের মধ্যে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। তালিকাভুক্ত সার্ভেয়ার কোম্পানীসমূহেরে মধ্যে যে সকল কোম্পানীকে সার্ভের কাজ দেওয়া হয়নি তাদের নাম এবং তথ্যাদিও সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, সংযুক্ত ছক মোতাবেক তথ্যাদি ষান্মাসিক ভিত্তিতে নিয়মিতভাবে ১৫ই জুলাই এবং ১৫ই জানুয়ারী মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

**নব গোপাল বণিক**
সদস্য

## তালিকাভুক্ত সার্ভেয়ার কোম্পানী সংক্রান্ত তথ্যাদি

ইন্স্যুরেন্স কোম্পানীর নামঃ---------------------------------------------- সাল ঃ------------------------

| ক্রমিক নং | সার্ভেয়ার কোং এর নাম ও ঠিকানা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তার নাম ও টেলিফোন নম্বর | লাইসেন্সভুক্তির তারিখ | সার্ভের শ্রেণী | সার্ভের সংখ্যা | সর্বমোট সার্ভের শতকরা অংশ (মোট সার্ভে/সর্বমোট সার্ভে ) x ১০০% | মোট প্রদত্ত ফি'র পরিমাণ | সর্বমোট প্রদত্ত ফি'র শতকরা অংশ (মোট প্রদত্ত ফি/সর্বমোট প্রদত্ত ফি) x ১০০% |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | | | অগ্নি | | | | |
| | | | নৌ-হাল্ক | | | | |
| | | | নৌ-কার্গো | | | | |
| | | | মটর | | | | |
| | | | এভিয়েশন, ইঞ্জিঃ, মেশিঃ, ইরেকঃ এবং ব্রেকডাউন | | | | |
| | | | বিবিধ | | | | |
| | | | মোট সার্ভে | | | | |
| | | | সর্বমোট সার্ভে | | ১০০% | সর্বমোট প্রদত্ত ফি= | ১০০% |

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-১৪৫৯ তারিখ ঃ ১২ আশ্বিন, ১৪১৯ বং / ২৭সেপ্টেম্বর, ২০১২ খ্রিঃ

## সার্কুলার নং- জিএডি-১১/২০১২

**বিষয়ঃ বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত জমি, দালনাসহ অন্যান্য স্থাবর সম্পত্তি বিক্রয়/ হস্তান্তর/ দান না করা প্রসঙ্গে।**

এখন থেকে কোন বীমা কোম্পানী/ কর্পোরেশন তাদের ও তাদের সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তি যথাঃ যে কোন জমি, দালান ও উহাতে দৃঢ় সংলগ্ন বস্তু প্রভৃতি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত বিক্রয়/হস্তান্তর/দান করতে পারবেনা। এই নির্দেশ জনস্বার্থে জারি করা হল এবং এই সার্কুলার নির্দেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

**মোঃ ফজলুল করিম**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(২)/২০১১-১৪৪১ তারিখ ঃ ০৯ কার্তিক, ১৪২০ বং / ২৪ অক্টোবর, ২০১৩ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী
ও
সার্ভেয়ার কোম্পানী

## সার্কুলার নং- নন-লাইফ-৩৭/২০১৩

**বিষয়ঃ জরিপ মাশুল ও অন্যান্য খরচাদি পুণঃনির্ধারণ প্রসঙ্গে।**

সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী এবং সার্ভেয়ার কোম্পানীসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল সার্ভেয়ার কোম্পানীর জরিপ মাশুল ও আনুষঙ্গিক খরচাদির তফসিল পুণঃনির্ধারণ করা হয়েছে যা ১ অক্টোবর ২০১৩ইং তারিখ হতে কার্যকর হবে। উক্ত পুণঃনির্ধারিত জরিপ মাশুল ও আনুষঙ্গিক খরচাদির তফশীল (অনুলিপি সংযুক্ত) যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

**নব গোপাল বণিক**
সদস্য

বিষয়ঃ জরিপ মাশুল ও আনুষঙ্গিক খরচাদির তফসিল-২০১৩ পুণঃনির্ধারণ।

| ক্রমিক নং | জরিপ শ্রেণী | পুণঃনির্ধারিত জরিপ মাশুল ও আনুষঙ্গিক খরচাদির তফসিল -২০১৩ |
|---|---|---|
| ০১। | অগ্নি | প্রতিটি অগ্নি (প্রতিটি ক্ষতির তারিখ ও সময় অনুযায়ী) নিরূপিত গ্রস লসকে ভিত্তি ধরে ক্ষয়ক্ষতির প্রথম ৬.০০ লক্ষ পর্যন্ত ৪% হারে এবং অবশিষ্ট প্রতি লক্ষ ৩% হারে সর্বোচ্চ মাশুল টাকা ৭৫,০০০ এবং সর্বনিম্ন ৭,৫০০/- মাত্র। |
| ০২। | মটর দাবী | সকল শ্রেণীর মটর জরিপের ক্ষেত্রে টাঃ ৭,৫০০/- মাত্র। |
| ০৩। | ইঞ্জিনিয়ারিং/বিবিধ/ অন্যান্য | প্রতিটি ইঞ্জিনিয়ারিং/ বিবিধ/ অন্যান্য ক্ষতির জরিপ মাশুল অগ্নি ক্ষতির মাশুল এর অনুরূপ হইবে। |
| ০৪। | (ক) নৌ দাবী | ক) প্রতিটি কনসাইনমেন্ট, প্রতি জরিপকারী প্রতি পিরিয়ড বা তার অংশ বিশেষ এর ক্ষেত্রে প্রথম পিরিয়ড টাঃ ৩,০০০/- পরবর্তি প্রতি পিরিয়ড টাঃ ১,৫০০/- হারে।<br><br>বিঃদ্রঃ<br>১) কনসাইনমেন্ট অর্থ প্রতি বি/এল, প্রতি আর/আর প্রতি এয়ারওয়ে বিল, প্রতি কনসাইনমেন্ট নোট।<br>২) প্রতি পিরিয়ড অর্থাৎ প্রতি ৮(আট) ঘন্টা বা তার অংশ বিশেষ।<br>৩) বন্দর এলাকায় জরিপ কাজ করা হলে প্রতি জরিপকারীকে প্রতি পয়েন্টে বা হুকে কাজ করার জন্য প্রতি কনসাইনমেন্ট ভিত্তিক পৃথকভাবে জরিপ ফি প্রদান করা হবে। তবে এভাবে ফি পেতে হলে সংশ্লিষ্ট জাহাজ কর্তৃপক্ষের কাছ থেকে জরিপকারীদের উপস্থিতির স্বপক্ষে সার্টিফিকেট গ্রহণ করে বিলের সাথে দাখিল করতে হবে। |
| | খ) হাল | প্রতিটি টোটাল লস টাঃ ৭,৫০০/- এবং প্রতিটি কনষ্ট্রাকটিভ টোটাল লস টাঃ ৯,০০০/- (স্যালভেজ খরচ বীমাকৃত টাকার উর্ধ্বে হলে) তবে স্যালভেজ করা সম্ভব হলে প্রতিটি জাহাজের আংশিক ক্ষতির জরিপ মাশুল অগ্নি ক্ষতির মাশুলের অনুরূপ হইবে। |

| | | |
|---|---|---|
| ০৫। | প্রি-রিস্ক | ক) বীমা অংক টাঃ ৫.০০ কোটির উর্ধ্বে ৪০.০০ কোটি পর্যন্ত জরিপ মাশুল টাঃ ১৫,০০০/-<br>খ) বীমা অংক টাঃ ৪০.০০ কোটির উর্ধ্বে হলে জরিপ মাশুল টাঃ ৩০,০০০/- |
| ০৬। | ভ্যালুয়েশন | নিরূপিত মূল্যের ০.০২% সর্বোচ্চ টাঃ ২,৫০,০০০/- সর্বনিম্ন টাঃ ১০,০০০/- |
| ০৭। | যাতায়ত খরচ স্থানীয় এবং দুরপাল্লা | স্থানীয় ঃ জিপিও হতে ৫০ কিঃমিঃ পর্যন্ত প্রতি কিঃমিঃ ১৫/- হারে। (ফেরৎ একই হারে প্রযোজ্য হবে)<br>দুরপাল্লা ঃ প্রতি কিঃমিঃ টাঃ ১০/- হারে। |
| ০৮। | আলোকচিত্র | ক) মটর ঃ প্রতি কপি টাঃ ৫০/- সর্বোচ্চ টাঃ ৫০০/-<br>খ) অন্যান্য ঃ প্রতি কপি টাঃ ৫০/-, সর্বোচ্চ টাঃ ১,০০০/- |
| ০৯। | অবস্থান ভাতা | ১) এম ডি বা ব্যবস্থাপনা অংশীদার বা প্রধান জরিপকারী (প্রতিদিন)ঃ<br>ক) বিভাগীয় শহরে টাঃ ১,৮০০/-<br>খ) জেলা শহরে টাঃ ১,২০০/-<br>২) ক্ষমতাপ্রাপ্ত জরিপকারী ঃ<br>ক) বিভাগীয় শহরে টাঃ ১,২০০/-<br>খ) জেলা শহরে টাঃ ৮০০/-<br>৩) শিক্ষানবিশ জরিপকারী ঃ<br>ক) বিভাগীয় শহরে টাঃ ১,০০০/-<br>খ) জেলা শহরে টাঃ ৭০০/- |
| ১০। | টিফিন ভাতা | যে ক্ষেত্রে অবস্থান ভাতা প্রদান করা হবে না সেক্ষেত্রে টাঃ ৩০০/- প্রতিদিন। |
| ১১। | বিশেষজ্ঞ ও ল্যাবরেটরি পরীক্ষা | ১) যদি কোন ক্ষেত্রে বিশেষজ্ঞ নিয়োগের প্রয়োজন হয় তাহলে জরিপকারীকে বিশেষজ্ঞ নিয়োগ এবং তার ফি নির্ধারণের জন্য বীমাকারীর নিকট থেকে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।<br>২) কোন প্রকার ল্যাবরেটরি পরীক্ষার প্রয়োজনীয়তা দেখা দিলে সেক্ষেত্রেও নিয়োগকারী/ বীমাকারীকে অবহিত করে ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং সেক্ষেত্রে ল্যাবরেটরি কর্তৃক দাখিলকৃত বিল নিয়োগকারী পরিশোধ করবে। |

বিশেষ দ্রষ্টব্য ঃ

১. অগ্নি বীমা পলিসির আওতায় ক্ষতির পরিমাণ ২০.০০ (বিশ) লক্ষ এবং বিবিধ ও নৌ-হাল (ইনল্যান্ড) ক্ষতির পরিমান ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে অনুমিত হলে বীমাকারী কর্তৃক বাধ্যতামূলক দ্বিতীয় জরিপকারী নিয়োগ করতে হবে।

২. উল্লেখিত পুণঃনির্ধারিত জরিপ মাশুল ও আনুষঙ্গিক খরচাদির তফসিল- ২০১৩ ১ অক্টোবর ২০১৩ ইং তারিখ হইতে কার্যকর হবে।

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(১)/২০১১-১৬৯১ তারিখ ঃ ০৯ পৌষ, ১৪২০ বং / ২৩ ডিসেম্বর, ২০১৩ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক
সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/ কর্পোরেশন

## সার্কুলার নং- লাইফ-০৬/২০১৩

**বিষয়ঃ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর বীমা পরিকল্প চালু করা প্রসঙ্গে।**

বীমা আইন ২০১০ এর ধারা ১৬(৩) মোতাবেক লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা পরিচালনাকারী কোন বীমাকারী নতুন কোন বীমা পরিকল্প চালু করতে চাইলে পরিকল্পটি বিপণন করার অন্যূন ৩০(ত্রিশ) দিন পূর্বে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। আবেদন পত্রের সঙ্গে উক্ত আইন এর চাহিদা মতে এবং নির্দেশনাবলী অনুযায়ী পূর্ণ বিবরণ সম্বলিত প্রসপেক্টাস বা প্রচারপত্র ও পলিসির নমুনা দাখিল করতে হবে। পরিকল্পটিতে বর্ণিত প্রিমিয়াম হার, সুবিধা ও শর্তাবলী গ্রহণযোগ্য বলিয়া একচ্যুয়ারি কর্তৃক প্রত্যায়িত না হলে কোন বীমাকারী লাইফ ইন্স্যুরেন্স পলিসি ইস্যু করতে পারবে না।

কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোন বীমাকারী পরিকল্পটি বাজারজাত করতে পারবে না।

সার্কুলারটি জারি করার তারিখ হতে কার্যকর হবে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-৭৭

তারিখ ঃ ২৬ পৌষ, ১৪২০ বং / ০৯ জানুয়ারী, ২০১৪ খ্রিঃ

# সার্কুলার

**বিষয়ঃ বীমা পলিসির আওতায় উত্থাপিত দাবীসমূহ দ্রুত নিষ্পত্তি প্রসঙ্গে।**

দেশের সার্বিক অস্থির পরিস্থিতির কারণে জনগণের জীবন, সম্পদ, যানবাহন ক্ষতির সম্মুখীন হচ্ছে। তাই স্বাভাবিক ভাবেই যে সমস্ত ক্ষতিগ্রস্ত সম্পদের বীমা ঝুঁকি আবরিত আছে, সে সমস্ত সম্পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বীমা গ্রাহকগণ কোম্পানীর নিকট দাবী উত্থাপন করছেন। এটা প্রত্যাশিত, বীমা গ্রহীতাদের এহেন বিপদের সময় বীমা কোম্পানীসমূহ সহায়তার মনোভাব নিয়ে এগিয়ে আসবে।

কিন্তু পরিতাপের বিষয় বীমা গ্রহীতাগণ তাদের উত্থাপিত দাবীর ক্ষেত্রে বীমাকারী কোম্পানীর নিকট থেকে কাঙ্ক্ষিত সহযোগীতা পাচ্ছেন না বলে বিভিন্ন মাধ্যমে কর্তৃপক্ষের গোচরীভূত করছেন। দাবী নিষ্পত্তির বিষয়ে বীমা কোম্পানীসমূহ অহেতুক কালক্ষেপণের পন্থা অবলম্বন করছে বলে বীমাগ্রহীতারা সরকারের উচ্চ পর্যায়েও অভিযোগ করেছেন। এমনকি কিছু কিছু ক্ষেত্রে দাঙ্গা-হাঙ্গামাজনিত ক্ষয় ক্ষতির দাবী উত্থাপনে নিরুৎসাহিত করা হচ্ছে, যা কোনভাবেই কাম্য নয়। এ ধরণের কার্যকলাপের মাধ্যমে বীমার উদ্দেশ্যই ব্যহত হচ্ছে। ফলশ্রুতিতে বীমা শিল্পের বিকাশ ক্ষতিগ্রস্ত হচ্ছে।

প্রসঙ্গক্রমে সকলকে স্মরণ করে দেয়া যাচ্ছে যে, দাঙ্গা-হাঙ্গামাজনিত ক্ষয়ক্ষতির জন্য R & SD ঝুঁকি গ্রহণের সুযোগ প্রচলিত আছে। তাই যে সমস্ত সম্পদের R & SD ঝুঁকি আবরিত আছে সে সমস্ত সম্পদের ক্ষয়ক্ষতির দাবীর ক্ষেত্রে জরীপকারী কর্তৃক নিরূপিত ক্ষতির অংক বিধি অনুযায়ী পরিশোধযোগ্য।

এহেন পরিস্থিতিতে সকল বীমা কোম্পানীকে বীমাগ্রাহকদের বীমা পলিসির আওতায় উত্থাপিত দাবীসমূহ সহযোগিতার মনোভাব নিয়ে দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-২১৫ তারিখ ঃ ২৪ মাঘ, ১৪২০ বং / ০৬ ফেব্রুয়ারী, ২০১৪ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সদস্য পদ প্রসঙ্গে।**

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের অবা-৬ শাখার স্মারক নং-এমসি/অবা-৬/এ-৪৩/৯০/৯২;
তারিখ ঃ ০৫/০৩/২০০২ ইং

উপর্যুক্ত বিষয় ও সংযুক্ত স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সদস্যপদ গ্রহণ সকল বীমা কোম্পানীর জন্য বাধ্যতামূলক। অতএব কোন বীমা কোম্পানী বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সদস্যপদ গ্রহণ না করে থাকলে অবিলম্বে তাদের সদস্যপদ গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হল। নিবন্ধন নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে বিআইএ'র সদস্যপদের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

**মোঃ ফজলুল করিম**
ভারপ্রাপ্ত চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-২১৬ তারিখ ঃ ২৪ মাঘ, ১৪২০ বং / ০৬ ফেব্রুয়ারী, ২০১৪ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ বীমা শিল্পে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ ও অব্যাহতি প্রসঙ্গে।**

বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সাথে গত ০৫.০২.২০১৪ইং তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বীমা শিল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীর ক্ষেত্রে নিয়োগ, পদত্যাগ, অব্যাহতি ইত্যাদি ক্ষেত্রে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে মত প্রকাশ করা হয়। বিষয়টি কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে বিবেচনা করে বীমা শিল্পে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগ ও অব্যাহতির বিষয়ে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের জন্য সকল বীমা কোম্পানীকে নির্দেশ দেয়া যাচ্ছেঃ

(১) সকল নিয়োগ স্ব স্ব কোম্পানীর অনুমোদিত চাকুরী বিধিমালা অনুসরণে স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে। নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী যদি ইতোপূর্বে কোন বীমা কোম্পানীতে নিয়োগপ্রাপ্ত হন বা কর্মরত থাকেন তবে যোগদানের সময় তাকে অবশ্যই প্রাক্তন বীমা কোম্পানী প্রদত্ত অব্যাহতি পত্র দাখিল করতে হবে। কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পূর্ববর্তী কোম্পানীর অব্যাহতি পত্র ছাড়া কোন ক্রমেই যোগদান করতে দেয়া যাবে না।

(২) কর্মকর্তা/কর্মচারী পদত্যাগের ইচ্ছা পোষণ করলে কোম্পানীর চাকুরী বিধি অনুসরণ করে যথাযথভাবে পদত্যাগ পত্র দাখিল করতে হবে।

(৩) নিয়োগকারী কোম্পানী পদত্যাগ পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে তাদের সিদ্ধান্ত জানাবেন এবং ঐ সিদ্ধান্তের একটি অনুলিপি অত্র কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

(৪) পদত্যাগ পত্র গ্রহণের পর অব্যাহতি পত্র প্রদানের জন্য কর্মকর্তা/কর্মচারীর পক্ষ থেকে কোন কার্যক্রম গ্রহণের আবশ্যকতা থাকলে তা জানিয়ে দিতে হবে।

(৫) অব্যাহতি পত্র প্রদানের সাথে সাথে পদত্যাগকারী কর্মকর্তা/কর্মচারীর দেনা-পাওনা মিটিয়ে দিতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং ইতোপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত সকল নির্দেশ বাতিল বলে গণ্য হবে।

**মোঃ ফজলুল করিম**
ভারপ্রাপ্ত চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৫৫৪

তারিখ ঃ ১১ বৈশাখ, ১৪২১ বং / ২৪ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ বিলাসবহুল যানবাহনে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে।**

সম্প্রতি বীমা কোম্পানীগুলো কর্তৃক যানবাহন ক্রয়/ ব্যবহারের ক্ষেত্রে পরিমিতি বোধের অভাব লক্ষ্য করা যাচ্ছে। যানবাহন খাতে উচ্চমাত্রায় ব্যয় পলিসি হোল্ডার/ শেয়ার হোল্ডারদের স্বার্থ ক্ষুন্ন করে। বীমা শিল্প, বীমা গ্রহীতা ও সর্বোপরি বৃহত্তর জনস্বার্থে বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, মুখ্য নির্বাহী এবং অফিসের/ব্যবসা পরিচালনার জন্য যানবাহন ক্রয়/ব্যবহারের নিমিত্তে নিম্নোক্ত নির্দেশনাসমূহ দেয়া যাচ্ছেঃ

১. পরিচালনা পর্ষদ চেয়ারম্যানের ও মুখ্য নির্বাহী কর্মকর্তার জন্য জীপ গাড়ীর ক্ষেত্রে সর্বোচ্চ ৮৫,০০,০০০/-(পঁচাশি লক্ষ) টাকা এবং কারের ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫,০০,০০০/-(পঁয়তাল্লিশ লক্ষ) টাকার অধিক মূল্যের মোটরযান বীমা কোম্পানীর অর্থে ক্রয় করা যাবেনা। শুধুমাত্র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান একটি মোটরযান সুবিধা প্রাপ্য হবেন এবং পরিচালনা পর্ষদের অন্য কোন সদস্য মোটরযান সুবিধা পাবেন না;

২. পর্ষদ চেয়ারম্যান ও মুখ্য নির্বাহী কর্মকর্তার জন্য সার্বক্ষণিক গাড়ীসহ সকল যানবাহন সাধারণভাবে অন্ততঃ ০৫ (পাঁচ) বছর ব্যবহারের পর প্রতিস্থাপন যোগ্য হবে;

৩. পুলের জন্য গাড়ী ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা নির্ধারণ করা হল এবং প্রধান কার্যালয়ের পুলে ০৪(চার)টির বেশি মোটরযান রাখা যাবে না;

৪. বীমা কোম্পানীর অর্থে ক্রয়কৃত মোটরযানবহরে যানবাহনের সংখ্যার প্রবৃদ্ধি কোম্পানীর জনবল ও অফিস/শাখার সম্প্রসারণের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে;

৫. বীমা কোম্পানীর মোটরযান ব্যবহার ও পরিচালন ব্যয়ের তথ্য ষান্মাসিকভাবে পরিচালনা পর্ষদ সভায় এবং কোম্পানীর বার্ষিক সাধারণ সভায় শেয়ার হোল্ডারদের অবগতির জন্য পরিচালক মন্ডলীর প্রতিবেদনে গাড়ীর সংখ্যা ও মোট মূল্য উল্লেখ থাকতে হবে।

৬. এ ব্যাপারে ইতিপূর্বেকার সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।

**মোঃ কুদ্দস খান**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-১০৮৬

তারিখ ঃ ১৬ ভাদ্র, ১৪২১ বং
৩১ আগস্ট, ২০১৪ খ্রিঃ

## সার্কুলার

লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা তাদের আয়কর কোম্পানীর তহবিল থেকে পরিশোধ করছেন, যা বিধিসম্মত নয়।

বিধি মোতাবেক আয়কর পরিশোধ ব্যক্তিগত দায়। বীমা কোম্পানী কর্তৃক তাদের মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপদেষ্টা, পরামর্শক বা কর্মকর্তা কর্মচারীদের আয়কর কোম্পানীর তহবিল থেকে পরিশোধ করা থেকে বিরত থাকার জন্য নির্দেশ দেয়া হলো।

বীমা খাতে স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিত করার নিমিত্তে উপরোক্ত নির্দেশনা কঠোরভাবে পরিপালনের জন্য নির্দেশ দেয়া হলো।

**মোঃ কুদ্দুস খান**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৫)/২০১১-১৫৫১ তারিখ ঃ ২৩ অগ্রহায়ণ, ১৪২১ বং / ০৭ ডিসেম্বর, ২০১৪ খ্রিঃ

## জিএডি সার্কুলার ১২/২০১৪

**বিষয়ঃ বীমা শিল্পের মানব সম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদের প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীমা আইন ২০১০ ধারা ১২৪(৪) এবং জাতীয় বীমা নীতি-২০১৪ এর অনুচ্ছেদ ১.৪.২ এর আলোকে বীমা শিল্পের উন্নয়নে দক্ষ মানব সম্পদ গড়ার লক্ষ্যে বীমা ব্যবসায় নিয়োজিত সকল এজেন্টদেরকে বীমা ব্যবসা আহরণের নিমিত্তে এজেন্ট লাইসেন্স সংগ্রহ/নবায়ন করার পূর্বে কর্তৃপক্ষের স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে বীমা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্দেশ দেয়া হলো। সংশ্লিষ্ট মুখ্য নির্বাহী কর্মকর্তা কমপক্ষে ৭২ ঘন্টার প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করবেন। কেবল প্রশিক্ষিত ব্যক্তিদেরই উপর্যুক্ত প্রমাণপত্রসহ লাইসেন্স ইস্যু করার জন্য সুপারিশ করবেন।

এই আদেশ ১লা জানুয়ারী ২০১৫ থেকে কার্যকর হবে।

**মোঃ কুদ্দুস খান**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৫)/২০১১-১৬৭৬ তারিখ ঃ ১৫ পৌষ, ১৪২১ বং / ২৯ ডিসেম্বর, ২০১৪ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ বীমা শিল্পের মানব সম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টেদের প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০৭/১২/২০১৪ ইং তারিখে জারীকৃত জিএডি সার্কুলার নং-১২/২০১৪ এর কার্যকারিতার তারিখ ০১লা জানুয়ারী ২০১৫ ইং হতে বর্ধিত করে ০১লা ফেব্রুয়ারী, ২০১৫ ইং করা হলো।

**মোঃ কুদ্দস খান**
সদস্য

---

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৫)/২০১১-১৬৯১ তারিখ ঃ ১৭ পৌষ, ১৪২১ বং / ৩১ ডিসেম্বর, ২০১৪ খ্রিঃ

জীবন বীমা কর্পোরেশন এবং
সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী
ঢাকা, বাংলাদেশ।

## সার্কুলার নং লাইফ-০৭/২০১৪

বীমা আইন ২০১০ এর নিম্নোক্ত ৫(৪) ধারার প্রতি সকল লাইফ ইন্স্যুরেন্স বীমাকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

"৫(৪) এই আইনের অধীন যে চুক্তির অন্যতম মুখ্য উদ্দেশ্য লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা পরিচালনা করা, সেই চুক্তিতে যদি নন-লাইফ ইন্স্যুরেন্স সংশ্লিষ্ট বা উহার সম্পূরক কোন বীমা ব্যবসার বিষয় অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলেও উক্তরূপ চুক্তি লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা পরিচালনার জন্য সম্পাদন করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।"
উক্ত ধারা থেকে ইহা সুস্পষ্ট যে লাইফ ইন্স্যুরেন্স বীমাকারীগণ লাইফ ইন্স্যুরেন্স চুক্তিতে নন-লাইফ ইন্স্যুরেন্স সংশ্লিষ্ট বা উহার সম্পূরক কোন বীমা ব্যবসার বিষয় অন্তর্ভুক্ত করিতে পারেন কিন্ত লাইফ ইন্স্যুরেন্স চুক্তি ব্যতীত স্বাধীনভাবে (Standalone) নন-লাইফ সংশ্লিষ্ট কোন বীমা ব্যবসার চুক্তি যথা কোন ব্যক্তির দুর্ঘটনাজনিত মৃত্যু বা মৃত্যু ব্যতীত দুর্ঘটনা, রোগ বা অক্ষমতাজনিত ক্ষতি ইত্যাদি করিতে পারিবেন না।

এমতাবস্থায়, লাইফ ইন্স্যুরেন্স বীমাকারীদের বীমা আইনের উপরোক্ত বিধান কঠোরভাবে প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা যাইতেছে।

**এম. শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-৩৩১ তারিখ ঃ ১৫-০২-২০১৫ খ্রিঃ

## সার্কুলার নং জিএডি-১৩/২০১৫

## বিষয়ঃ বীমা কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/ নবায়ন/ অপসারণ প্রসঙ্গে।

লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক বীমা কোম্পানীসমূহ তাদের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/নবায়ন অথবা তাদের অপসারণে বীমা আইন ২০১০ ও এ সংক্রান্ত প্রবিধানমালা যথাযথভাবে পরিপালন করছে না।

প্রায় বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ দানের সিদ্ধান্ত গ্রহণের পরপরই তাকে কোম্পানীতে যোগদানের সুযোগ দেন এবং তিনি মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে কাজ শুরু করেন এবং বেতন ভাতাদি গ্রহণ করতে থাকেন। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন ব্যক্তির বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করা ও বেতন ভাতাদি গ্রহণ করা বীমা আইন ২০১০ এর ৮০ ধারা এবং বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ প্রবিধানমালা-২০১২ এর পরিপন্থি। এমতাবস্থায়, কর্তৃপক্ষের অনুমোদনের (নিয়োগ বা নবায়ন ক্ষেত্রমতে) পূর্বে কেহ মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন বা বেতন ভাতা গ্রহণ করতে পারবেন না। বিশেষ ক্ষেত্রে প্রয়োজনে মুখ্য নির্বাহী কর্মকর্তার শূন্যপদে সংশ্লিষ্ট কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার অব্যবহিত নিম্নপদে নিয়োজিত কর্মকর্তা পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে ভারপ্রাপ্ত হিসাবে দায়িত্ব পালন করতে পারবেন, তবে এর মেয়াদ একাধারে ৩(তিন) মাসের অধিক হবে না।

অনেক কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা তাদের পদবী ব্যবহারের ক্ষেত্রে মুখ্য নির্বাহী কর্মকর্তার পরিবর্তে ব্যবস্থাপনা পরিচালক বা উভয় পদবীই ব্যবহার করে থাকেন। বীমা আইন ২০১০ এর ৮০ ধারা অনুযায়ী বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগের বিধান আছে এবং কর্তৃপক্ষ কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগই অনুমোদন করে থাকে। কর্তৃপক্ষ কোন ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ অনুমোদন দেয় না।

এমতাবস্থায়, বীমা কোম্পানীসমূহকে মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/ নবায়ন বা অপসারণের ক্ষেত্রে অতি অবশ্যই বীমা আইন ২০১০ এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ প্রবিধানমালা ২০১২ কঠোরভাবে পরিপালন করার নির্দেশ প্রদান করা যাচ্ছে।

**এম.শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৭৯১

তারিখ ঃ ০২ চৈত্র, ১৪২১ বং / ১৬ মার্চ, ২০১৫ খ্রিঃ

## সার্কুলার নং জিএডি-০৮/২০১৫

### বিষয়ঃ বীমা পলিসির আওতায় সম্পদ ও যানবাহনের ঝুঁকি গ্রহণ প্রসঙ্গে।

দেশের বিদ্যমান সার্বিক অস্থির পরিস্থির কারণে জনগণের জীবন, সম্পদ, যানবাহন অহরহই ক্ষতির সম্মুখীন হচ্ছে। তাই স্বাভাবিকভাবেই সম্পদ ও যানবাহনের মালিকরা বীমা পলিসির অধীনে বিভিন্ন ঝুঁকি আবরণ করতে আগ্রহী হয়ে বিভিন্ন বীমা কোম্পানীর দ্বারস্থ হচ্ছেন। কিন্তু দুঃখের বিষয় বীমা কোম্পানীসমূহের মধ্যে অনেকে ঝুঁকি গ্রহণ করতে সম্মত হচ্ছেন না মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে।

এ প্রসঙ্গে সকলকে স্মরণ করে দেয়া যাচ্ছে যে, বীমা কোম্পানীর দায়িত্ব ও কর্তব্য হচ্ছে আগ্রহীদের জীবন ও সম্পদের ঝুঁকি গ্রহণ করা। এ ক্ষেত্রে কোন রকম ব্যত্যয় করার সুযোগ নাই। আরও উল্লেখ্য যে দাঙ্গা হাঙ্গামাজনিত ক্ষয়ক্ষতির জন্য R&SD ঝুঁকি গ্রহণের সুযোগ আছে এবং এ ঝুঁকির ক্ষেত্রে বিভিন্ন সম্পদের জন্য প্রিমিয়াম হারও নির্ধারণ করা আছে। উল্লেখ্য যানবাহনের Comprehensive Insurance এর ক্ষেত্রে R&SD ঝুঁকি গ্রহণ বিধিসম্মত।

এমতাবস্থায়, বীমা গ্রহীতাদের চাহিদা অনুযায়ী ঝুঁকি আবরণ করে, বিশেষ করে বীমা পলিসিতে R&SD ঝুঁকি অর্ন্তভুক্ত করে বীমা পলিসি জারির জন্য নির্দেশনা দেয়া হলো।

**এম. শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৫)/২০১১-১৬৩৫ তারিখ ঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৩ বং
১৪ জুন, ২০১৬ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক/ মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল কর্পোরেশন/ সকল ইন্স্যুরেন্স কোম্পানী

## সার্কুলার নং জিএডি-১৩/২০১৬

**বিষয়ঃ সকল বীমা কোম্পানী/ কর্পোরেশন এর চেয়ারম্যান, উপদেষ্টা, কনসালটেন্ট এবং কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

জানুয়ারী, ২০১২ ইং তারিখ হতে এপ্রিল, ২০১৬ ইং তারিখ পর্যন্ত সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানী/ কর্পোরেশন এর চেয়ারম্যান, উপদেষ্টা, কনসালটেন্টসহ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি বর্ণিত নমুনা ছক-ক অনুযায়ী পূরণপূর্বক এবং সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানী/ কর্পোরেশন এর চেয়ারম্যান, উপদেষ্টা, কনসালটেন্টসহ মুখ্য নির্বাহী ও অন্যান্য কর্মকর্তাদের বিদেশ ভ্রমণের যান্মাষিক প্রতিবেদন বর্ণিত নমুনা ছক-খ অনুযায়ী পূরণপূর্বক যথাক্রমে জুলাই ও জানুয়ারী মাসে কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য নিদের্শনা দেওয়া হলো। উল্লেখ্য ছক-ক এর তথ্য আগামী ১৫(পনের) কার্যদিবসেরর মধ্যে প্রেরণ করতে হবে।

-কর্তৃপক্ষ

বিদেশ ভ্রমণ বিবরণী
জানুয়ারী, ২০১২ হতে এপ্রিল, ২০১৬ ইং পর্যন্ত
কোম্পানীর নামঃ

নমুনা ছক-ক

| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ভ্রমণকৃত দেশের নাম | বিদেশ ভ্রমণের সময়কাল (Period) সনসহ | ভ্রমণকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের সংখ্যা | ভ্রমণকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও পদবী | ভ্রমণের প্রকৃতি অফিসিয়াল/ব্যক্তিগত | ভ্রমণের ব্যয় নির্বাহের উৎস | ভ্রমণের কারণসহ সংক্ষিপ্ত বিবরণী | প্রত্যেক ভ্রমণের ক্ষেত্রে কোম্পানী/কর্পোরেশন এর মোট ব্যয়ের পরিমাণ |

বিদেশ ভ্রমণ বিবরণী (ষান্মাষিক)
প্রতিবছর জানুয়ারী হতে জুন এবং জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত
কোম্পানীর নামঃ

নমুনা ছক-খ

| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ভ্রমণকৃত দেশের নাম | বিদেশ ভ্রমণের সময়কাল (Period) সনসহ | ভ্রমণকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের সংখ্যা | ভ্রমণকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও পদবী | ভ্রমণের প্রকৃতি অফিসিয়াল/ব্যক্তিগত | ভ্রমণের ব্যয় নির্বাহের উৎস | ভ্রমণের কারণসহ সংক্ষিপ্ত বিবরণী | প্রত্যেক ভ্রমণের ক্ষেত্রে কোম্পানী/কর্পোরেশন এর মোট ব্যয়ের পরিমাণ |

**(জুবের আহমেদ খাঁন)**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১৭০৭/২০১৭-১৭৪৩

তারিখ ঃ ২৫ আষাঢ়, ১৪২৪ বং
০৯ জুলাই, ২০১৭ খ্রিঃ

সকল বীমা কোম্পানী

## সার্কুলার

বিষয়ঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েবসাইট এর URL পরিবর্তন।

সূত্রঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর স্মারক নং-৫৩.০০.০০০০.২০১.৩৯.০০৭.১৭/৪৮, তারিখঃ ২০ জুন, ২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে বিগত ২৭ এপ্রিল ২০১৭ ইং তারিখের রেজিস্টার্ড-ডি এ-১ নং প্রজ্ঞাপনের মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নাম পরিবর্তন করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ করা হয়েছে।

এমতাবস্থায়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েবসাইটের হালনাগাদ তথ্য পেতে URL হিসেবে www.bfid.gov.bd এর পরিবর্তে www.fid.gov.bd ব্যবহার করার জন্য সকল ইন্স্যুরেন্স কোম্পানী-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**খলিল আহমেদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

---

স্মারক নং- ৫৩.০২.০০০০.০০৯.১১.০০৩.১৭.০৩

তারিখঃ ২৭ সেপ্টেম্বর ২০১৭

## অফিস আদেশ

বীমা আইন, ২০১০ এর ধারা-১২৪ এর সংশ্লিষ্ট প্রবিধান চূড়ান্ত না হওয়া পর্যন্ত ‘বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০’ এর ধারা-২২ মোতাবেক বীমাকারীর এজেন্ট লাইসেন্স ইস্যু বা নবায়ন এর আবেদন নিষ্পত্তি করার লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পরিচালক জনাব আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হককে স্বাক্ষরের ক্ষমতা প্রদানপূর্বক দায়িত্ব প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং অতিদ্রুত এ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০০৯.১৮.০১৪.১৮.১২৩ তারিখঃ ৩১ মে, ২০১৮

## সার্কুলার

**বিষয়ঃ বেসরকারি বীমা কোম্পানীসমূহের পরিচালনা পর্ষদ/বোর্ড সভায় যোগদানের জন্য পরিচালকদের সম্মানী ভাতার সর্বোচ্চ সীমা পুণঃনির্ধারণ প্রসঙ্গে।**

বেসরকারি বীমা কোম্পানীসমূহের পরিচালনা পর্ষদ/বোর্ড সভায় যোগদানের জন্য পরিচালকদের সম্মানী ভাতা সর্বোচ্চ ৮,০০০/-(আট হাজার) টাকা হারে প্রদেয় হবে। এ হার পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

**কামরুল হক মারুফ**
পরিচালক (উপসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৬৮ তারিখঃ ২২ মে ২০১৯

# সার্কুলার নং ঃ জিএডি- ১/২০১৯

**বিষয় ঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত সাইনবোর্ড প্রতিটি শাখা কার্যালয়ের সামনে স্থাপনের নির্দেশনা প্রসঙ্গে।**

বীমা সংক্রান্ত বিভিন্ন অভিযোগ করার জন্য কর্তৃপক্ষের নাম ও ঠিকানা বীমা গ্রহীতাগণকে জানানোর লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানাসহ নিম্নোক্ত তথ্যাদি সম্বলিত ছক (২.৫ x ২.৫ ফুট) সাইনবোর্ড আকারে প্রতিটি শাখা কার্যালয়ের সামনে স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**বীমা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে করণীয় ঃ**

বীমা সংক্রান্ত অভিযোগর ক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদিসহ সরাসরি, ডাকযোগে অথবা ই-মেইলের মাধ্যমে নিম্নবর্ণিত ঠিকানায় আবেদন দাখিল করার জন্য সকল বীমা গ্রহীতাকে অনুরোধ করা হলোঃ

ঠিকানাঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
সাধারণ বীমা টাওয়ার (৯ম তলা)
৩৭/এ, দিলকুশা বা/এ , ঢাকা।
ফোন ঃ ৯৫৬৫৫৪৮; ৯৫৬৭৮৫১
ই-মেইল ঃ idra.bd@gmail.com
ওয়েব সাইট ঃ www.idra.org.bd

**বোরহান উদ্দিন আহমেদ**
সদস্য

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৭৮ তারিখঃ ০২ জুলাই ২০১৯

# সার্কুলার নং- নন-লাইফ ৬৪/২০১৯

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৬১ তারিখ: ৩০ এপ্রিল ২০১৯ এর মাধ্যমে জারিকৃত সার্কুলার নং-নন-লাইফ ৬১/২০১৯ এবং কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৭১ তারিখ: ০৩ জুন ২০১৯ এর মাধ্যমে জারিকৃত সার্কুলার নং- নন-লাইফ ৬২/২০১৯ রহিতক্রমে সার্কুলার নং- নন-লাইফ ৬৪/২০১৯ এতদ্বারা জারি করা হলো।

**বিষয়ঃ নন-লাইফ বীমা কোম্পানীসমূহের আর্থিক ব্যবস্থাপনা প্রসঙ্গে।**

বীমা গ্রাহকগণের যথাযথ স্বার্থ সংরক্ষণের নিমিত্তে বীমা কোম্পানিসমূহে Good Governance তথা সুদৃঢ় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করণের লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে:

(১) আদায়কৃত প্রিমিয়াম জমাকরণের জন্য যেকোন পৃথক ০৩ (তিন)টি তফসিলি ব্যাংকে প্রতিটি ব্যাংকে ০১ (একটি) করে সর্বোচ্চ পৃথক ০৩ (তিন)টি হিসাব রাখা যাবে। কোনক্রমেই ০১ (একটি) ব্যাংকে ০১ (একটি) সর্বমোট ০৩ (তিন)টির বেশি ব্যাংক হিসাব প্রিমিয়াম জমাকরণের জন্য খোলা যাবে না। বর্তমানে প্রিমিয়াম জমাকরণের জন্য প্রয়োজন অনুযায়ী উল্লেখিতভাবে ০৩ (তিন)টি ব্যাংক হিসাব রেখে বাকিগুলো আগামী ৩১ জুলাই ২০১৯ এর মধ্যে বন্ধ করে দিতে হবে।

(২) প্রয়োজন অনুযায়ী (ক) মূলধন সংরক্ষণের জন্য ১ (এক)টি ব্যাংক হিসাব এবং (খ) অন্যান্য আয় জমাকরণের জন্য অপর ১ (এক)টি ব্যাংক হিসাব রাখা যাবে।

(৩) দাবি পরিশোধের জন্য ১ (এক)টি ও ব্যবস্থাপনা ব্যয়ের জন্য ১ (এক)টি ব্যাংক হিসাব রাখতে হবে। সেক্ষেত্রে প্রিমিয়াম জমাকরণ (কালেকশন) হিসাব থেকে প্রয়োজনীয় অর্থ উক্ত হিসাব দু'টিতে ফান্ড ট্রান্সফার করে নিতে হবে।

(৪ কোন অবস্থাতেই দাবি, কমিশন ও বেতন-ভাতাদির টাকা নগদে পরিশোধ করা যাবে না।

(৫) শাখা কার্যালয়ের খরচসমূহ নির্বাহের ক্ষেত্রে প্রতিটি শাখায় একটি করে ব্যাংক হিসাব রাখা যাবে। সেক্ষেত্রে কেন্দ্রীয় প্রিমিয়াম জমাকরণ (কালেকশন)

হিসাবসমূহ (১ নং দফায় বর্ণিত) থেকে ক্রসড চেক বা ফান্ড ট্রান্সফার ব্যতীত অন্য কোন অর্থ উক্ত ব্যাংক হিসাবসমূহে জমা করা যাবে না।

(৬) শাখা কার্যালয়ের অন্য যে কোন আয়, কমিশন ফেরত ইত্যাদি ২(খ) নং ব্যাংক হিসাবে জমাকরণের ব্যবস্থা করতে হবে।

(৭) সকল লেনদেন ক্রসড চেকের মাধ্যমে করতে হবে। দাপ্তরিক বিশেষ প্রয়োজনে ১০,০০০/-(দশ হাজার) টাকা পর্যন্ত নগদ উত্তোলন করা যেতে পারে। তবে কোম্পানীর পরিচালনা পর্ষদ সভার সম্মানী ও তদসংক্রান্ত অন্যান্য ব্যয় নগদে করা যাবে।

(৮) উপর্যুক্ত নির্দেশনার আলোকে ব্যাংক হিসাবসমূহ বিন্যাস করে আগামী ১২ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

(৯) বিনিয়োগ সংক্রান্ত FDR এর জন্য ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদনের প্রয়োজন নেই। এক্ষেত্রে জনগণের অংশের শেয়ার/IPO, রাইটস ইস্যু এবং লভ্যাংশ প্রদানে পৃথক ব্যাংক হিসাব খোলার জন্য পরিচালনা পর্ষদের অনুমোদন নিতে হবে এবং ওই ব্যাংক হিসাব এর বিস্তারিত তথ্য কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। তবে অন্য যেকোন বিষয়ে কোম্পানীর ব্যাংক হিসাব খোলার পূর্বে কর্তৃপক্ষের পূর্বানুমোদন নিতে হবে।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৮১ তারিখ: ০৪ জুলাই ২০১৯

## সার্কুলার নং- নন-লাইফ ৬৫/২০১৯

**বিষয়ঃ নন-লাইফ বীমা কোম্পানীসমূহের বীমা পলিসির স্ট্যাম্প শুল্ক আদায় প্রসঙ্গে।**

বীমা পলিসির স্ট্যাম্প শুল্ক খাতে সরকারি রাজস্ব আদায় নিশ্চিত করণের নিমিত্ত "বীমা পলিসির উপর প্রদেয় স্ট্যাম্প শুল্ক পরিশোধ বিধিমালা ২০০২" ও অন্যান্য বিধি বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে স্ট্যাম্প শুল্ক পরিশোধ বিধিমালার ৩(২) অনুযায়ী পরিশোধিত চালানে বর্ণিত তথ্যসমূহ যথা বীমা গ্রাহকের নাম, ঠিকানাসহ বীমা পলিসি নম্বর বা নম্বরসমূহ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। যে কোন বীমা পলিসিতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার উপর বীমা স্ট্যাম্প প্রদেয় হলে তা অন্য বীমা পলিসির চালানের সাথে একত্রিত না করে পৃথক চালানের মাধ্যমে প্রদান করতে হবে।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৮২ তারিখ: ১৮ জুলাই ২০১৯

## সার্কুলার নং- জিএডি- ২/২০১৯

**বিষয় ঃ বীমাকারীর কার্যালয়ে কলসেন্টার স্থাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের বীমা খাতকে জনপ্রিয় এবং এর প্রতি জনমনে আস্থা সৃষ্টি করার উদ্যোগের অভাব রয়েছে। বীমা বিষয়ে জনসাধারণের অনেক জিজ্ঞাসা রয়েছে। জনসাধারণ জানতে চায় যে, তারা কোথায় বীমা করবে, কিভাবে বীমা করবে, কি ধরণের পলিসি ক্রয় করবে, অভিযোগ থাকলে কোথায় ও কিভাবে অভিযোগ করবে, বীমা করলে কি কি সুবিধা পাবে, যথাসময়ে বীমা প্রিমিয়াম পরিশোধ না করলে ও পলিসি সারেন্ডার করলে কী অসুবিধা হবে এবং বীমা গ্রাহকের বীমা দাবি ও অভিযোগ কিভাবে নিষ্পত্তি হবে। জনসাধারণকে এসকল বিষয়ে স্বচ্ছ ও সাবলীল ধারণা প্রদান করতে প্রত্যেক বীমাকারীর স্ব-স্ব কার্যালয়ে কলসেন্টার স্থাপন করা একান্ত আবশ্যক।

এমতাবস্থায়, প্রত্যেক বীমাকারীকে আগামী ১৪ আগষ্ট ২০১৯ তারিখের মধ্যে বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) হতে হটলাইন নম্বর সংগ্রহপূর্বক স্ব-স্ব প্রতিষ্ঠানে কলসেন্টার স্থাপন করতে অনুরোধ করা হল। তাছাড়া, বিটিআরসি কর্তৃক প্রদত্ত হটলাইন নম্বর প্রত্যেক বীমাকারী প্রতিষ্ঠানকে তাদের স্ব-স্ব ওয়েবসাইটে প্রদর্শনসহ প্রচারের ব্যবস্থা করতে এবং নিজস্ব হটলাইন নম্বরসহ কলসেন্টার স্থাপনের বিষয়টি আগামী ২০ আগস্ট, ২০১৯ তারিখের মধ্যে অত্র কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৮৪ তারিখ: ২১ জুলাই ২০১৯

## সার্কুলার নংঃ জিএডি- ৪/২০১৯

**বিষয়ঃ বীমা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/ মুখ্য নির্বাহী কর্মকর্তার ছুটির বিষয়টি কর্তৃপক্ষকে অবহিতকরণ সংক্রান্ত।**

বীমা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা ব্যক্তিগত প্রয়োজনে ছুটিতে গেলে (দেশ/বিদেশ) তিনি কতদিন, কোথায় ছুটিতে থাকবেন এবং তার অবর্তমানে কে দায়িত্ব পালন করবেন তা উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা ছুটিতে যাওয়ার পূর্বেই কর্তৃপক্ষকে নিয়মিত অবহিত করতে হবে।

উক্ত সার্কুলার অনতিবিলম্বে কার্যকর হবে এবং একইসাথে কর্তৃপক্ষ কর্তৃক বিগত ৫ মে ২০১৪ তারিখে ইস্যুকৃত পত্র (নং-বীঃউঃনিঃকঃ/লাইফ/৪২৭০/২০১৪-৬০৫) বাতিল বলে গণ্য হবে।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৮৩ তারিখঃ ২১ জুলাই ২০১৯

## সার্কুলার নং- জিএডি- ৩/২০১৯

**বিষয়ঃ বীমা শিল্পে দক্ষ মানবসম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদের প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গত ০৭ ডিসেম্বর ২০১৪ তারিখে জিএডি সার্কুলার-১২/২০১৪ (সুত্রঃ বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৫)/ ২০১১-১৫৫১) এর মাধ্যমে বীমা শিল্পে দক্ষ মানবসম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদের প্রশিক্ষন সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু সার্কুলারটি যথাযথ অনুসরণ করা হচ্ছে না। বীমা এজেন্টদের প্রশিক্ষণ প্রদানের জন্য বর্ণিত সার্কুলারের পাশাপাশি কর্তৃপক্ষ কর্তৃক নিম্নে প্রণীত নীতিমালা যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

নীতিমালাসমূহ নিম্নরূপ ঃ

১. প্রশিক্ষনটি কমপক্ষে ৬ (ছয়) দিনব্যাপী হতে হবে (তিন দিন শ্রেণিকক্ষে ও তিন দিন মাঠপর্যায়ে);

২. স্ব স্ব বীমা কোম্পানীর নিজস্ব প্রশিক্ষক দ্বারা পরিচালনা করা যাবে না;

৩. প্রশিক্ষককে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে এবং বীমা পেশায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

৪. বীমা কোম্পানীর সাথে স্বার্থসংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠান থেকে ঐ বীমা কোম্পানীর এজেন্টদের প্রশিক্ষণ প্রদান করা যাবে না;

৫. প্রশিক্ষণ সম্পন্ন করে প্রশিক্ষণ সার্টিফিকেটসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে কর্তৃপক্ষ বরাবর লাইসেন্স ইস্যু (নতুন/নবায়ন) করার জন্য আবেদন করতে হবে;

৬. প্রশিক্ষণ ভেন্যু ও অন্যান্য সুযোগ সুবিধা মানসম্পন্ন হতে হবে;

৭. প্রত্যেক প্রশিক্ষণার্থীর ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি সংরক্ষণ করা বাধ্যতামূলক;

৮. প্রশিক্ষণার্থীকে বিভিন্ন পরিকল্পের সুবিধা বোঝাতে সক্ষম করে তুলতে হবে;

৯. আইনগত দিক সমূহের উপর প্রাথমিক ধারণা থাকতে হবে;

১০. প্রশিক্ষণার্থীকে পরিকল্প বিক্রয়ের সংশ্লিষ্ট কাগজপত্র সংরক্ষণ সম্পর্কিত ধারণা প্রদান করতে হবে;

১১. বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মডিউলের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে;

১২. শ্রেণিকক্ষে প্রশিক্ষণের পাশাপাশি মাঠপর্যায়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানকে উৎসাহিত করতে হবে;

১৩. প্রশিক্ষণের যথাযথ মান নিশ্চিত করে প্রশিক্ষণ ফি নির্ধারণ করতে হবে যা নূন্যতম ২,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ৩,০০০/- টাকার সীমার মধ্যে রাখতে হবে;

১৪. এজেন্ট লাইসেন্সটি নবায়নের ক্ষেত্রে পুণরায় প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে সেক্ষেত্রে প্রশিক্ষণটি ২ (দুই) দিনব্যাপী হবে (একদিন শ্রেণিকক্ষে এবং একদিন মাঠপর্যায়ে);

১৫. প্রশিক্ষণ বিহীন সনদ প্রদান একটি গুরুতর অপরাধ হিসেবে পরিগণিত হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বীমা কোম্পানী এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে শাস্তিমূলক ব্যবস্থার আওতায় আনা হবে; এবং

১৬. প্রতি তিন মাস অন্তর নিম্নোক্ত ছকে প্রশিক্ষণ বিবরণী কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

ফরম -ক (বীমাকারী কর্তৃক পূরণীয়)

| ক্রমিক নং | প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

ফরম -খ (প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়)

| ক্রমিক নং | বীমাকারী | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীর নাম | বয়স | শিক্ষাগত যোগ্যতা | জাতীয় পরিচয়পত্র |
|---|---|---|---|---|
| | | | | |

এই নীতিমালা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৮৫ তারিখ: ২৪ জুলাই ২০১৯

# সার্কুলার নং- নন-লাইফ ৬৬/২০১৯

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীমা আইন, ২০১০ এর ধারা ৫৯ "নন-লাইফ বীমাকারীর জন্য কমিশন ব্যয়ের সীমা" এর সাথে পঠিতব্য সার্কুলার নং- নন-লাইফ-৩২/২০১২ (স্মারক নং: বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৪৫১ তারিখ ১ এপ্রিল ২০১২) অনুযায়ী বাংলাদেশে কোন নন-লাইফ বীমা পলিসি ইস্যু করার ক্ষেত্রে পরিশোধিত প্রিমিয়ামের ১৫% (পনের শতাংশ) এর অধিক কমিশন অথবা অন্যকোন পারিশ্রমিক বীমা এজেন্ট কর্তৃক গ্রহণ করার ক্ষেত্রে বিধি নিষেধ রয়েছে।

নন-লাইফ বীমা কোম্পানীসমূহের আর্থিক ব্যবস্থাপনা সুবিন্যস্ত করণের মাধ্যমে বীমা এজেন্টকে ১৫% কমিশন প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে সার্কুলার নং- নন-লাইফ-৬৪/২০১৯ (স্মারক নং : ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৭৮ তারিখঃ ২ জুলাই ২০১৯) ইস্যু করা হয়েছে। উক্ত সার্কুলার অনুযায়ী ১ আগস্ট ২০১৯ থেকে উল্লিখিত সুবিন্যস্ত আর্থিক ব্যবস্থাপনায় প্রিমিয়াম কালেকশন, কমিশন প্রদান ও দাবি নিষ্পত্তি করা হবে বিধায় ৩১ জুলাই ২০১৯ তারিখের (Cut off date) প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল কার্যালয়/ শাখা কার্যালয় কর্তৃক ইস্যুকৃত সর্বশেষ কভারনোট/ পলিসি নম্বর/ সার্টিফিকেট/ এন্ডোর্সমেন্ট/ এডেন্ডাম আগামী ৭ আগস্ট ২০১৯ এর মধ্যে সংযুক্ত ফরমেট অনুযায়ী প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.২০২ তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০১৯

# সার্কুলার নং নন-লাইফ ৬৮/২০১৯

নন-লাইফ বীমা কোম্পানীর আর্থিক ব্যবস্থাপনা প্রসঙ্গে বীমাগ্রাহকগণের যথাযথ স্বার্থ সংরক্ষণের নিমিত্তে বীমা কোম্পানীসমূহে Good Governance তথা সুদৃঢ় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৭৮ তারিখ ২ জুলাই ২০১৯ এর মাধ্যমে জারিকৃত সার্কুলার নং নন-লাইফ ৬৪/২০১৯ এর সাথে পঠিতব্য অত্র সার্কুলার জারি করা হল।

১) কোন বীমা কোম্পানী বা কোম্পানীর সাথে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা/ কর্মচারী বীমা গ্রহীতার পক্ষে প্রিমিয়াম প্রদান করে বীমা গ্রহীতাকে বীমা কাভারনোট/ পলিসি/ সার্টিফিকেট প্রদান করবে না। কেবলমাত্র প্রস্তাবিত বীমাগ্রহীতার ব্যাংক হিসাব হতেই চেক/ পে অর্ডার/ ক্রেডিট এডভাইস/ বিএফটিএন এর মাধ্যমে প্রিমিয়ামের টাকা পরিশোধ করাকে প্রাধান্য দিতে হবে।

২) সরকারি রাজস্ব (অগ্রিম আয়কর, আয়কর,ভ্যাট, বীমা স্ট্যাম্প, শুল্ক ও অন্যান্য উৎসে প্রদেয় কর ইত্যাদি) ট্রেজারি চালানের মাধ্যমে দ্রুত প্রদানের জন্য সোনালী ব্যাংকে একটি হিসাব খোলা যাবে। উক্ত হিসাবে প্রিমিয়াম সংগ্রহের জন্য নির্ধারিত ৩(তিন)টি ব্যাংক হিসাব হতে প্রয়োজনীয় অর্থ ক্রসড চেক বা ফান্ড ট্রান্সফারের মাধ্যমে উক্ত ব্যাংক হিসাবে ক্রেডিট করে নিতে হবে।

৩) দেশে বা বিদেশে পুণঃবীমা সংক্রান্ত যাবতীয় আর্থিক লেনদেন (প্রিমিয়াম পরিশোধ, দাবি আদায়, সরকারি রাজস্ব ইত্যাদি) সম্পাদন করার জন্য যে কোন তফসিলি ব্যাংকে ১টি পৃথক ব্যাংক হিসাব খুলতে হবে। উক্ত প্রিমিয়াম সংগ্রহের জন্য নির্ধারিত ৩(তিন)টি ব্যাংক হিসাব হতে প্রয়োজনীয় অর্থ ক্রসড চেক বা ফান্ড ট্রান্সফারের মাধ্যমে উক্ত ব্যাংক হিসাবে ক্রেডিট করে নিতে হবে।

উপর্যুক্ত নির্দেশনার আলোকে ব্যাংক হিসাবদ্বয় (১. সরকারি রাজস্ব প্রদানের জন্য, ২. পুণঃবীমা সংক্রান্ত যাবতীয় আর্থিক লেনদেনের জন্য) খুলে আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.২০৪ তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০১৯

## সার্কুলার নং নন-লাইফ ৬৯/২০১৯

বীমাযোগ্য সম্পদের ঝুঁকি আবরণ যথাযথভাবে নিশ্চিত করে দেশের ব্যবসা ও শিল্পায়নের অগ্রগতিকে নিরবচ্ছিন্নভাবে আরও বেগবান করার স্বার্থে Open Covernote বা Open Policy ইস্যু পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাময়িকভাবে স্থগিত থাকবে।

তবে ইতোমধ্যে ইস্যুকৃত Open Cover Note বা Open Policy সমূহ মেয়াদপূর্তি পর্যন্ত বহাল থাকবে। এইক্ষেত্রে বীমাকারী কর্তৃক পণ্য জাহাজীকরণের তথ্য যথাসময়ে প্রাপ্তি সাপেক্ষে যথাযথ Document issue নিশ্চিত করবে।

যে সকল Open Cover Note বা Open Policy বহাল আছে তার যাবতীয় তথ্য ছক আকারে (নম্বর, বীমা গ্রহীতার নাম, মেয়াদ, ব্যাংক গ্যারান্টির পরিমান, ব্যাংক গ্যারান্টির মেয়াদ, ডিপোজিট প্রিমিয়াম/ব্যাংক গ্যারান্টি ইত্যাদি) পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

তবে সরকারি ব্যবসা (Public Sector Business-PSB) এর ক্ষেত্রে Open Cover Note ইস্যু করার জন্য উপরোক্ত নির্দেশনা প্রযোজ্য হবে না।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.                    তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২০

# সার্কুলার নং-নন-লাইফ ৭৫/২০২০

শুধুমাত্র বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্সধারী এজেন্টকে ৫% অগ্রিম কর কর্তন করে ১৪.২৫% কমিশন পরিশোধ নিশ্চিত করার স্বার্থে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য অত্র সার্কুলার জারি করা হলঃ

(১) ১ মার্চ ২০২০ তারিখ থেকে নন-লাইফ বীমা কোম্পানীসমূহে ব্যবসা আহরণের নিমিত্ত সকল উন্নয়ন কর্মকর্তাগণকে কমিশনের ভিত্তিতে বীমা এজেন্ট হিসেবে পদায়ন করতে হবে।

(২) বীমা আইন, ২০১০ এর ৫৮(১) ধারা অনুযায়ী নন-লাইফ বীমা কোম্পানীর বীমা এজেন্ট ব্যতীত অন্য কারও কমিশন বা অন্য কোন নামে পারিশ্রমিক বা পারিতোষিক পরিশোধ না করার যে আইন রয়েছে তা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে।

(৩) নন-লাইফ বীমা কোম্পানীসমূহের বেতন-ভাতা (Salary and allowance) খাতে বাৎসরিক ভিত্তিতে নীট প্রিমিয়ামের উপর ১০% এর বেশি ব্যয় করা যাবে না।

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

# ৩য় খন্ড

# পত্র মারফত নির্দেশনা

| ক্রঃ নং | বিষয় | তারিখ | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| | **২০১১** | | |
| ১ | বীমা আইন, ২০১০ এর ৬৫(২) ও (৩) ধারার বিধান অনুযায়ী বীমাকারী কর্তৃক বিভিন্ন ব্যক্তির পারিশ্রমিক প্রদানের বিবরণী দাখিল প্রসঙ্গে | ৩/৩/১১ | ১২১ |
| ২ | বীমা আইন, ২০১০ এর ৭৮ ধারার বিধান অনুযায়ী পরিচালক কর্তৃক চাকুরী করার ক্ষেত্রে বিধি-নিষেধ প্রসঙ্গে | ৩০/৩/১১ | ১২২ |
| ৩ | বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা যথাসময়ে নিয়োগ প্রসঙ্গে | ১৩/৪/১১ | ১২৩ |
| ৪ | জীবন বীমাকারী প্রতিষ্ঠানসমূহের Actuarial Valuation Report এর সাথে একচ্যুয়ারি কর্তৃক বর্তমান ও ভবিষ্যৎ আর্থিক অবস্থার বিবরণী সম্বলিত ব্যবস্থাপনা প্রতিবেদন দাখিল করা প্রসঙ্গে | ১৫/৬/১১ | ১২৪ |
| ৫ | বীমা আইন, ২০১০ মোতাবেক নিবন্ধন সনদ এবং ফি প্রদান প্রসঙ্গে | ১৭/৭/১১ | ১২৫ |
| ৬ | জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্ব প্রসঙ্গে | ১৭/৮/১১ | ১২৬ |
| ৭ | Request for data/information for construction of Mortality Table | 2/11/11 | ১২৭ |
| ৮ | ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতাদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে | ১৬/১১/১১ | ১২৮ |
| | **২০১২** | | |
| ৯ | কোম্পানী/কর্পোরেশনের মালিকানাধীন ভূমি, দালান, ফ্ল্যাট ইত্যাদি স্থাবর সম্পদ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে | ১৭/৫/১২ | ১২৯ |
| ১০ | বীমা কোম্পানীর গাড়ী ব্যবহার সংক্রান্ত তথ্যাদি দাখিল প্রসঙ্গে | ৭/৬/১২ | ১৩২ |
| ১১ | কোম্পানীর একচ্যুয়ারিয়াল বিভাগের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে | ২/৭/১২ | ১৩৭ |
| ১২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ব্যতীত অন্যান্য কর্মকর্তার স্বাক্ষরে কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ প্রসঙ্গে | ৬/৮/১২ | ১৩৮ |
| ১৩ | বীমা কোম্পানীর বিভিন্ন সভার (পরিচালনা পর্ষদ এবং পর্ষদ কর্তৃক গঠিত নির্বাহী কমিটি, অডিট কমিটি, ক্লেইমস্ কমিটিসহ অন্যান্য সকল কমিটির) কার্যবিবরণী দাখিল প্রসঙ্গে | ২৫/১০/১২ | ১৩৯ |

| | | | |
|---|---|---|---|
| **২০১৩** | | | |
| ১৪ | বীমা কোম্পানী (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২-এর ৬(২) উপ-প্রবিধান পরিপালন প্রসঙ্গে | ২৯/১/১৩ | ১৪০ |
| ১৫ | বীমা আইন, ২০১০-এর ২৩ এবং ২৪ ধারা পরিপালন প্রসঙ্গে | ১৭/২/১৩ | ১৪১ |
| ১৬ | বীমা আইন, ২০১০ এর ধারা ৮(৩) পরিপালন প্রসঙ্গে | ৪/৩/১৩ | ১৪১ |
| ১৭ | বীমা কোম্পানীর বিরুদ্ধে দাখিলকৃত বিভিন্ন অভিযোগ প্রসঙ্গে | ২৪/৩/১৩ | ১৪২ |
| ১৮ | ডিপোজিট পেনশন স্কিম বা এর অনুরূপ পরিকল্পের প্রিমিয়ামের হার, একচ্যুয়ারিয়াল ফর্মুলা ও সার্টিফিকেশন কর্তৃপক্ষের নিকট প্রেরণ প্রসঙ্গে | ১৮/৭/১৩ | ১৪৩ |
| ১৯ | মাতৃত্বকালীন ছুটির মেয়াদ নির্ধারণ প্রসঙ্গে | ২৪/১০/১৩ | ১৪৪ |
| **২০১৪** | | | |
| ২০ | বীমা শিল্পে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ ও অব্যাহতি প্রসঙ্গে | ৬/২/১৪ | ১৪৬ |
| ২১ | জীবন বীমা কোম্পানীসমূহের সাবসিডিয়ারি কোম্পানীর তালিকা ও পরিচালকদের শেয়ার সংক্রান্ত তথ্যাদি এবং পরীক্ষা নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথি প্রেরণ প্রসঙ্গে | ১১/৩/১৪ | ১৪৭ |
| ২২ | বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ কর্তৃক ভূমি/ দালানকোঠা বা স্থাবর সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের নিকট আবেদন করার সময় প্রয়োজনীয় নথি প্রেরণ প্রসঙ্গে | ৯/৪/১৪ | ১৪৮ |
| ২৩ | Actuarial Basis for Valuation এর অনুমোদন সংক্রান্ত আবেদন পত্রের সাথে ০৫ (পাঁচ) বছরের তথ্য সম্বলিত Selected Financial Indicators ও Reconciliation of Data সংক্রান্ত বিবরণী প্রতিবছর প্রেরণ প্রসঙ্গে | ৩০/৪/১৪ | ১৪৯ |
| ২৪ | মুখ্য নির্বাহী কর্মকর্তার ছুটির বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করণ প্রসঙ্গে | ৫/৫/১৪ | ১৫০ |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | কোম্পানী/ কর্পোরেশনসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাগণের পদত্যাগপত্রের অনুলিপি কর্তৃপক্ষের নিকট প্রেরণ প্রসঙ্গে | ২৬/৫/১৪ | ১৫১ |
| ২৬ | বীমা আইন, ২০১০ এর ৬৫(২) ও (৩) ধারা অনুযায়ী পারিশ্রমিক প্রদানের বিবরণী দাখিল প্রসঙ্গে | ১৮/৬/১৪ | ১৫২ |
| ২৭ | বীমা কোম্পানীসমূহের Corporate Social Responsibility (CSR) হিসেবে জঙ্গীবাদ বিরোধী চলচ্চিত্র/ বিজ্ঞাপন নির্মাণ ও পুস্তক প্রকাশ প্রসঙ্গে | ১৫/৭/১৪ | ১৫৩ |
| ২৮ | জীবন বীমার মুনাফার উপর করারোপ প্রসঙ্গে | ১২/৮/১৪ | ১৫৪ |
| ২৯ | বীমা কোম্পানীসমূহ কর্তৃক Corporate Social Responsibility (CSR) এর আওতায় অর্থ ব্যয় | ১৫/১০/১৪ | ১৫৫ |
| ৩০ | বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত রীট পিটিশন নং ১৬৯৬/২০১৪ এর আদেশ বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রসঙ্গে | ১/১২/১৪ | ১৫৬ |
| | **২০১৫** | | |
| ৩১ | Enquiry Form-1 এর সংঙ্গে জাতীয় পরিচয় পত্র এবং আয়কর প্রত্যয়ণ পত্রের অনুলিপি প্রেরণ প্রসঙ্গে | ১৭/২/১৫ | ১৫৭ |
| ৩২ | কোম্পানীর পরিচালকবৃন্দের ঋণখেলাপি সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে | ৫/৩/১৫ | ১৫৮ |
| ৩৩ | দেশের গুরুত্বপূর্ণ স্থানে বিলবোর্ড স্থাপন প্রসঙ্গে | ২২/৩/১৫ | ১৫৯ |
| ৩৪ | সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন | ২০/৯/১৫ | ১৬০ |
| | **২০১৬** | | |
| ৩৫ | দরিদ্র জনগোষ্ঠীকে বীমা খাতে সেবাভুক্তির লক্ষ্যে তাদের জন্য বিশেষভাবে ডিজাইনকৃত বীমা পরিকল্প সংক্রান্ত তথ্যাদি দাখিল করা প্রসঙ্গে | ১০/১/১৬ | ১৬২ |
| ৩৬ | কোম্পানীসমূহের/ কর্পোরেশনের ৭ (সাত) বছরের তথ্য সম্বলিত Selected Financial Indicators ও Statement of Reconciliation সংক্রান্ত বিবরণী প্রেরণ প্রসঙ্গে | ১৪/১/১৬ | ১৬৩ |
| ৩৭ | কর্পোরেশন/ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর এজেন্ট ও এমপ্লয়ার অব এজেন্টদের (ইউনিট ম্যানেজার ও ব্রাঞ্চ ম্যানেজার) বিভিন্ন তথ্যাদি সংক্রান্ত বিবরণী প্রদান প্রসঙ্গে | ১৪/২/১৬ | ১৬৬ |

| | | | |
|---|---|---|---|
| ৩৮ | কোম্পানীর প্রিমিয়াম সংগ্রহের মাধ্যম বিষয়ে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে | ১৯/৪/১৬ | ১৭০ |
| ৩৯ | লাইফ ইন্স্যুরেন্স পুনঃবীমা (শর্তাদি নির্ধারণ) প্রবিধানমালা, ২০১৫ প্রসঙ্গে | ২৭/৪/১৬ | ১৭০ |
| ৪০ | Supervisory Position এ জনবলের সংখ্যা ও ব্যয়ের সীমা নির্ধারণের জন্য কমিটি গঠন | ৬/৬/১৬ | ১৭১ |
| ৪১ | বার্ষিক হিসাব প্রতিবেদনে Key Financial Indicators শিরোনামে তথ্যাদি সন্নিবেশন প্রসঙ্গে | ২২/৬/১৬ | ১৭২ |
| ৪২ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে | ২৬/৭/১৬ | ১৮১ |
| ৪৩ | মূল্য সংযোজন কর (মূসক)/ উৎসে মূসক কর্তন প্রসঙ্গে | ২/১১/১৬ | ১৮৪ |
| ৪৪ | জীবন বীমা কোম্পানী/ কর্পোরেশনের ৩১শে ডিসেম্বর, ২০১৬ইং তারিখ পর্যন্ত বীমা ব্যবসায় হিসাব সমাপ্ত করে নির্ধারিত ছক (Form A, B ও C) মোতাবেক কর্তৃপক্ষের নিকট তথ্যাদি দাখিল এবং এ বিষয়ে সভা প্রসঙ্গে | ৬/১২/১৬ | ১৮৫ |
| | **২০১৭** | | |
| ৪৫ | জঙ্গিবাদ বিরোধী প্রচারণা ও বিভিন্ন সভা-সমাবেশ প্রসঙ্গে | ২/১/১৭ | ১৯০ |
| ৪৬ | বীমা খাতে প্রো-একটিভ মনিটরিং ব্যবস্থা গ্রহণ | ২১/৩/১৭ | ১৯১ |
| ৪৭ | জীবন বীমা কর্পোরেশন ও লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের Actuarial Valuation এর জন্য Supplementary Guideline প্রদান প্রসঙ্গে | ৩/৪/১৭ | ১৯৩ |
| ৪৮ | বিনিয়োগকারীগণকে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের লক্ষ্যে একটি সময়বদ্ধ সাধারণ কার্যপ্রণালী প্রস্তুতকরণ | ২৩/৪/১৭ | ১৯৫ |
| ৪৯ | জীবন বীমা কর্পোরেশন ও জীবন বীমা কোম্পানীসমূহের Actuarial Valuation এর ক্ষেত্রে Supplementary Guideline পরিপালন | ১৯/৬/১৭ | ১৯৬ |
| ৫০ | বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহের জন্য Uniform KYC Profile Form জারীকরণ | ২০/৯/১৭ | ২০১ |

| | | | |
|---|---|---|---|
| ৫১ | ২০১৬-১৭ অর্থবছরের মোট দেশজ উৎপাদন (জিডিপি) নিরূপনের জন্য তথ্য সরবরাহ প্রসঙ্গে | ২৫/৯/১৭ | ২০৬ |
| ৫২ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির অগ্রগতি মুল্যায়ন এর মাসিক প্রতিবেদন প্রেরণ | ০৩/১০/১৭ | ২০৭ |
| ৫৩ | ML/ TF প্রতিরোধকল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ | ১০/১০/১৭ | ২১০ |
| ৫৪ | AML/ CFT বিষয়ক আইন ও সংশ্লিষ্ট বিধিবিধান পরিপালন | ১০/১০/১৭ | ২১১ |
| ৫৫ | CAMLCO সম্মেলন-২০১৭ এর বিষয়ে কোম্পানীর পরিচালনা পর্ষদকে অবহিতকরণ | ১০/১০/১৭ | ২১২ |
| ৫৬ | বীমা শিল্পের দক্ষ মানব সম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদেরকে প্রশিক্ষণ প্রদান | ১০/১০/১৭ | ২১৩ |
| ৫৭ | বীমা কোম্পানীতে বর্তমানে নিয়োজিত উপদেষ্টা/ পরামর্শকের তথ্য প্রেরণ | ২৯/১০/১৭ | ২১৪ |
| ৫৮ | বীমা কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা/ উপদেষ্টা পদে নিয়োগ বা পুনঃনিয়োগ, ভূমি/ দালান/ ফ্ল্যাট/ অফিস স্পেস ক্রয়/ উদ্যোক্তা শেয়ার হোল্ডারদের শেয়ার ক্রয় বিক্রয়/ শাখা কার্যালয় খোলার স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ | ৬/১২/১৭ | ২১৫ |
| | **২০১৮** | | |
| ৫৯ | বিভিন্ন আদালতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত নিষ্পত্তির অপেক্ষমান মামলার তথ্য প্রেরণ | ১৫/১/১৮ | ২২০ |
| ৬০ | বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত বাংলাদেশের বীমা শিল্পের বর্তমান অবস্থা বিরাজমান সমস্যা ও সম্ভাব্য সমাধান শীর্ষক গোলটেবিল আলোচনা প্রসঙ্গে | ১৪/৩/১৮ | ২২১ |
| ৬১ | বীমা কর্পোরেশন/ লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের সকল বীমা চুক্তিপত্র দ্বিভাষিক (Bilingual) করণ এবং সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত | ১৮/৩/১৮ | ২২৪ |
| ৬২ | ২৭.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত ECNEC সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | ৩/৪/১৮ | ২২৫ |

| | | | |
|---|---|---|---|
| ৬৩ | সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত | ১৫/৪/১৮ | ২২৬ |
| ৬৪ | 'স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণ পরবর্তীতে বীমা শিল্পের করণীয়' শীর্ষক সেমিনারের কার্যবিবরণী এবং সুপারিশসমূহ | ১৫/৫/১৮ | ২২৭ |
| ৬৫ | লাইফ বীমা কোম্পনীর পরিচালনা পর্ষদ গঠন প্রসঙ্গে | ২/৮/১৮ | ২৩৩ |
| ৬৬ | বীমা শিল্পে কর্মরত সকল কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগ ও অব্যাহতি প্রসঙ্গে | ১/১১/১৮ | ২৩৪ |
| ৬৭ | জীবন বীমা কোম্পানী/ কর্পোরেশনের ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত বীমা ব্যবসায় হিসাব সমাপন করে নির্ধারিত ছক (Form A, B ও C) মোতাবেক কর্তৃপক্ষের নিকট তথ্যাদি দাখিল | ১৯/১২/১৮ | ২৩৫ |
| | **২০১৯** | | |
| ৬৮ | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত বিলবোর্ড প্রতিটি উপজেলা কার্যালয়ের সামনে এবং মহাসড়কের দৃশ্যমান জায়গায় স্থাপনের নির্দেশনা প্রসঙ্গে | ১/১/১৯ | ২৩৬ |
| ৬৯ | আসন্ন বীমা মেলা-২০১৮ উপলক্ষ্যে কোম্পানীর জনপ্রিয় বীমা পরিকল্প (Product) বিষয়ে একটি Video Clip নির্মাণ প্রসঙ্গে | ২/১/১৯ | ২৩৭ |
| ৭০ | প্রিমিয়াম সংগ্রহ সংক্রান্ত | ২/১/১৯ | ২৩৮ |
| ৭১ | লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন প্রসঙ্গে | ২/১/১৯ | ২৩৯ |
| ৭২ | লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স বীমাকারীর ওয়েবসাইটে অনিষ্পন্ন বীমা দাবির তথ্য প্রদর্শন সংক্রান্ত | ২/১/১৯ | ২৪০ |
| ৭৩ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে Master of Insurance and Risk Management (MIRM) বিষয়ে বীমাকারীর কর্মকর্তাদের ভর্তি প্রসঙ্গে | ২৪/১/১৯ | ২৪১ |
| ৭৪ | SMS এর মাধ্যমে Notification প্রেরণের নিমিত্ত Unified Messaging Platform (UMP) বাস্তবায়নে বীমা কোম্পানীর করণীয় সম্পর্কে নির্দেশনাবলী | ২৮/১/১৯ | ২৪২ |

| | | | |
|---|---|---|---|
| ৭৫ | বীমা শিল্পের গতিশীলতা বৃদ্ধি ও এ শিল্পের নেতিবাচক ভাবমুর্তি দূরীকরণের লক্ষ্যে বীমা বিষয়ক আন্তর্জাতিকভাবে স্বীকৃত পেশাগত ACII ডিগ্রি মুল্যায়ন সংক্রান্ত | ১৬/৫/১৯ | ২৪৭ |
| ৭৬ | বাংলাদেশে বীমা শিল্পকে জনপ্রিয় করার উদ্দেশ্যে নতুন উদ্ভাবনী পরিকল্প প্রচলন | ১৯/৫/১৯ | ২৪৮ |
| ৭৭ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে Master of Insurance and Risk Management (MIRM) বিষয়ে বীমাকারীর কর্মকর্তাদের ভর্তি প্রসঙ্গে | ১৫/৭/১৯ | ২৪৯ |
| ৭৮ | বীমা কোম্পানীসমূহের পলিসিপত্র/ কভার নোটে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানা সম্বলিত সীল সংযুক্তকরণ প্রসঙ্গে | ১৮/৮/১৯ | ২৫০ |
| ৭৯ | বীমাকারীর কার্যালয়ে কলসেন্টার স্থাপন প্রসঙ্গে | ২০/৮/১৯ | ২৫১ |
| ৮০ | দেশের বহুতল ভবনসমূহ বীমার আওতায় আনয়ন প্রসঙ্গে | ২৭/৮/১৯ | ২৫২ |
| ৮১ | বীমা শিল্পের গতিশীলতা বৃদ্ধি ও এ শিল্পের নেতিবাচক ভাবমূর্তি দূরীকরণের লক্ষ্যে বীমা বিষয়ক পেশাগত ডিপ্লোমার মূল্যায়ন প্রসঙ্গে | ১/১০/১৯ | ২৫৩ |
| ৮২ | বীমাকারীর সকল কর্মকর্তা-কর্মচারী এবং এজেন্টদেরকে পেনশন বীমা ও গ্রুপ বীমার আওতাভুক্তকরণের নির্দেশনা | ১০/১০/১৯ | ২৫৪ |
| ৮৩ | বীমাকারীর চেয়ারম্যান, পরিচালক, পরামর্শক, প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়ের সকল কর্মকর্তার তালিকা স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের নির্দেশনা | ১০/১০/১৯ | ২৫৫ |
| ৮৪ | বীমাকারীর এজেন্টদের হালনাগাদ তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে নির্দেশনা | ১০/১০/১৯ | ২৫৬ |
| ৮৫ | বীমা কোম্পানীসমূহের পলিসিপত্র/ কভার নোটে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানা সম্বলিত সীল সংযুক্তকরণ প্রসঙ্গে | ৩০/১০/১৯ | ২৫৮ |
| ৮৬ | বীমা শিল্পের উন্নয়ন, স্বচ্ছতা ও আস্থা আনয়ন, জঙ্গিবাদে অর্থায়ন রোধ এবং মানিলন্ডারিং প্রতিরোধকল্পে সরকারের নির্দেশনা মোতাবেক অনতিবিলম্বে Unified Messaging Platform (UMP) চালুকরণ প্রসঙ্গে | ৩১/১০/১৯ | ২৫৯ |

| | | | |
|---|---|---|---|
| ৮৭ | মাননীয় অর্থমন্ত্রীর নির্দেশনা মোতাবেক দেশের সকল ভবন (অফিস ভবন/ বাণিজ্যিক ভবন/ বাসভবন) বীমার আওতায় আনয়ন প্রসঙ্গে | ১৪/১১/১৯ | ২৬০ |
| ৮৮ | বীমা আইন, ২০১০ এর সংশোধন প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে | ২৪/১১/১৯ | ২৬১ |
| ৮৯ | বীমা কোম্পানী কর্তৃক বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন হতে প্রত্যয়নপত্র গ্রহণ করা প্রসঙ্গে। | ২৪/১২/১৯ | ২৬২ |
| ২০২০ | | | |
| ৯০ | বীমা কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/ নবায়ন/ অপসারণের বিধান যথাযথভাবে পরিপালন প্রসঙ্গে | ৭/১/২০ | ২৬৩ |
| ৯১ | বীমা শিল্পকে জনপ্রিয় করার লক্ষ্যে এবং সরাসরি বীমা পরিকল্প ক্রয়ের সুযোগ সৃষ্টি ও প্রিমিয়াম সম্পর্কে ধারণা প্রদানের উদ্দেশ্যে বীমা প্রতিষ্ঠানসূহের নিজস্ব ওয়েবসাইটে প্রিমিয়াম ক্যালকুলেটরের লিঙ্ক প্রদান প্রসঙ্গে | ২১/১/২০ | ২৬৫ |

স্মারক নং- বীঃউঃনিঃক/জিএডি-১০১৫/২০১১-২২

তারিখ ঃ ১৯ ফাল্গুন ১৪১৭ বং
৩ মার্চ ২০১১ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক

**বিষয়ঃ বীমা আইন, ২০১০ এর ৬৫(২) ও (৩) ধারার বিধান অনুযায়ী বীমাকারী কর্তৃক বিভিন্ন ব্যক্তির পারিশ্রমিক প্রদানের বিবরণী দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বীমা আইন, ২০১০ এর ৬৫(২) ধারার বিধান অনুযায়ী প্রত্যেক বীমাকারী কর্তৃক প্রতি বছর ১ মার্চের পূর্বে পূর্ববর্তী পঞ্জিকাবর্ষে কোন ব্যক্তিকে ন্যূনতম আয়করযোগ্য আয় সীমার অতিরিক্ত কমিশন বা অন্য কোন প্রকারে তাহার প্রদত্ত পারিশ্রমিক সর্ম্পকীত একটি বিবরণী নির্ধারিত ছকে কর্তৃপক্ষের নিকট দাখিল করার বিধান রয়েছে। কিন্তু আপনাদের প্রতিষ্ঠানকর্তৃক উক্ত বিবরনী অদ্যাবধি দাখিল করা হয়নি।

উক্ত ধারার (৩) উপ-ধারা মোতাবেক বীমাকারী কোন ব্যক্তির সঙ্গে সম্পাদিত চুক্তির অধীনে আয়কর আইনে নির্ধারিত আয়করযোগ্য বার্ষিক আয় সীমার অতিরিক্ত পারিশ্রমিক প্রদান করিলে উক্ত চুক্তির সত্যায়িত অনুলিপি দাখিল করার জন্য নির্দেশ দেয়া গেল।

এমতাবস্থায়, বর্ণিত বিবরণী/সত্যায়িত অনুলিপি আগামী ২০ মার্চ, ২০১১ তরিখের মধ্যে কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো।

**নব গোপাল বণিক**
সদস্য

| ক্রমিক নং | নাম | পদবী | মূল বেতন | বাড়ী ভাড়া | চিকিৎসা ভাতা | অন্যান্য | সর্বমোট বেতন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-১৭

তারিখ ঃ ১৬ চৈত্র ১৪১৭ বং / ৩০ মার্চ ২০১১ খ্রিঃ

চেয়ারম্যান
পরিচালনা পর্ষদ
সকল লাইফ/ নন-লাইফ ইন্স্যুরেন্স প্রতিষ্ঠান

**বিষয়ঃ বীমা আইন, ২০১০ এর ৭৮ ধারার বিধান অনুযায়ী পরিচালক কর্তৃক চাকুরী করার ক্ষেত্রে বিধি-নিষেধ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বীমা আইন, ২০১০ এর ৭৮ ধারার বিধান অনুযায়ী কোন ব্যক্তি বীমাকারীর চাকুরীতে উপদেষ্টা, নিরীক্ষক, পরামর্শক বা অন্য কোন লাভজনক পদে নিয়োজিত থাকলে তিনি উক্ত বীমাকারীর পরিচালক হবার বা থাকবার যোগ্য হবেন না। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে কোন কোন প্রতিষ্ঠান উক্ত বিধান লঙ্ঘন করে তাদের কার্যক্রম পরিচালনা করছে।

এমতাবস্থায়, সকল লাইফ/নন-লাইফ ইন্স্যুরেন্স প্রতিষ্ঠানকে উক্ত বিধান অনুযায়ী চলার নির্দেশ দেয়া হলো।

**চেয়ারম্যান**
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-২৪১

তারিখ ঃ চৈত্র ৩০, ১৪১৭ বং
এপ্রিল ১৩, ২০১১ খ্রিঃ

চেয়ারম্যান
পরিচালনা পর্ষদ
সকল লাইফ/ নন-লাইফ ইন্স্যুরেন্স প্রতিষ্ঠান

**বিষয়ঃ বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা যথাসময়ে নিয়োগ প্রসঙ্গে।**

লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক কোম্পানী মুখ্য নির্বাহীর (ব্যবস্থাপনা পরিচালক) পদ শূন্য রেখে মুখ্য নির্বাহী নিয়োগ না করে বীমা ব্যবসা পরিচালনা করছে। বীমা কোম্পানীতে মুখ্য নির্বাহী কর্মকর্তার পদ অত্যাবশ্যকীয় এবং কোম্পানীর সুষ্ঠু ও যথাযথ পরিচালনা এবং বীমা শিল্পের উন্নয়নের স্বার্থে মুখ্য নির্বাহী কর্মকর্তার যথাসময়ে নিয়োগ অবশ্য প্রয়োজন।

এ সম্পর্কে বীমা আইন, ২০১০ এর ৮০ ধারার প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত ধারার (৪) উপধারা অনুযায়ী একাধারে ৩ মাসের অধিক সময়ের জন্য মুখ্য নির্বাহীর পদ শূন্য রাখা যাবে না। তবে শুধুমাত্র কর্তৃপক্ষ অপরিহার্য পরিস্থিতিতে উক্ত সময়সীমা আরো ৩ মাস বর্ধিত করতে পারবে। অতএব, বীমা আইন, ২০১০ এর উপরোক্ত বিধানের প্রতি যথাযথ গুরুত্ব আরোপ করতঃ যথাসময়ে মুখ্য নির্বাহী কর্মকর্তার পদ পূরণ করার বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। অন্যথায় উপরোক্ত আইনের ব্যত্যয়ের ক্ষেত্রে একই আইনের (৫) উপধারার বিধানমতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**এম, শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৪০৭

তারিখ ঃ আষাঢ় ০১, ১৪১৮ বং / জুন ১৫, ২০১১ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক
সকল জীবন বীমাকারী প্রতিষ্ঠান
ঢাকা।

**বিষয়ঃ জীবন বীমাকারী প্রতিষ্ঠানসমূহের Actuarial Valuation Report এর সাথে একচ্যুয়ারি কর্তৃক বর্তমান ও ভবিষ্যৎ আর্থিক অবস্থার বিবরণী সম্বলিত ব্যবস্থাপনা প্রতিবেদন দাখিল করা প্রসংঙ্গে।**

উপরোক্ত বিষয়ে বাংলাদেশে ব্যবসারত সকল জীবন বীমাকারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীমা আইন, ২০১০ এর ৩০ ধারার আলোকে ২০১০ সাল হতে একচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন প্রতিবেদন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে দাখিল করার সময় একচ্যুয়ারি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বর্তমান ও ভবিষ্যৎ আর্থিক অবস্থার বিস্তারিত বিবরণ সম্বলিত ব্যবস্থাপনা প্রতিবেদনও দাখিল করতে হবে, যার কপি সংশ্লিষ্ট বীমাকারীর চেয়ারম্যান বরাবরও প্রেরণ করতে হবে।

প্রসঙ্গত উল্লেখ্য, প্রত্যেক জীবন বীমাকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতি বছর অন্ততঃ একবার একচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন সম্পাদন করতে হবে এবং দাখিলকৃত ভ্যালুয়েশন সম্পর্কিত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে তা প্রদানের জন্য সংশ্লিষ্ট একচ্যুয়ারিকে প্রয়োজনে তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**মোঃ নুরুল ইসলাম মোল্লা**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০১০/২০১১-৫৪৪

তারিখ ঃ শ্রাবণ ০২, ১৪১৮ বং
জুলাই ১৭, ২০১১ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক

**বিষয়ঃ বীমা আইন, ২০১০ মোতাবেক নিবন্ধন সনদ এবং ফি প্রদান প্রসঙ্গে।**

বীমা আইন, ২০১০ মোতাবেক বিদ্যমান বীমা কোম্পানীসমূহকে নিবন্ধন সনদের জন্য আবেদন করতে হবে। এ বিষয়ে বীমা আইন, ২০১০ এর সংশ্লিষ্ট ৮ (২), (৩) ও (৪) ধারার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লেখ্য যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ২৬/০১/২০১১ ইং তারিখে গঠিত হওয়ার পরিপ্রেক্ষিতে বিদ্যমান বীমাকারীগণ ব্যবসা অব্যাহত রাখিতে চাহিলে আইনের বাধ্যবাধকতা পূরণের নিমিত্তে ২৫/০৭/২০১১ ইং তারিখের মধ্যে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। বীমা আইন, ২০১০ মোতাবেক নির্ধারিত ফরম, পদ্ধতি ও ফি সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে প্রদান করা হবে।

০২। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালনের জন্য জানানো হলো।

**মোঃ ফজলুল করিম**
সদস্য

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/লাইফ/২১৭০/২০১১-

তারিখ ঃ কার্তিক ৩, ১৪১৮ বং / ১৭ আগস্ট, ২০১১ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক
সকল বীমা কোম্পানী (লাইফ এবং নন-লাইফ)

**বিষয় ঃ নবম জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্ব প্রসঙ্গে।**

নবম জাতীয় সংসদে চলতি অধিবেশনে ২৭/১০/১১ তারিখে তারকা চিহ্নিত প্রশ্নের জবাব দানের জন্য নিম্নে লিখিত তথ্য জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হল।

২০১০-২০১১ অর্থ বছরে বীমা কোম্পানীসমূহ সরকারকে কি পরিমাণ রাজস্ব দিয়েছে তাহার বিবরণ।

১. আয়কর
২. ভ্যাট
৩. স্ট্যাম্প
৪. কর্তৃপক্ষকে ফি ও জরিমানা বাবাদ ও অন্যান্য।

বিষয়টি রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ।

**মোঃ নুরুল ইসলাম মোল্লা**
সদস্য

Memo No – IDRA/GAD/**1003/2011-872** Date: 02 November 2011

Managing Director
Delta Life Insurance Company Limited
Popular Life Insurance Company Limited
Meghna Life Insurance Company Limited
Fareast Islami Life Insurance Company Limited
Jibon Bima Corporation
Metlife Alico-International Life Insurance Company Limited
National Life Insurance Company Limited
Padma Islami Life Insurance Company Limited

**Subject: Request for data/information for construction of Mortality Table.**

This is to inform you that, the IDRA is going to construct Mortality Table for the insurance industry of Bangladesh under the project 'Enhancement of Governance and Capacity Building of Insurance Sector' being financed by ADB. To facilitate the international actuary who is engaged to undertake this assignment, please send us the soft copy of credible data/information of your company format by 15 November 2011.

Please treat this as urgent and send the CD of the data/information within the stipulated date.

**Md. Nurul Islam Mollah**
Member

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩/২০১১-৯২৬

তারিখ ঃ অগ্রহায়ণ ০২, ১৪১৮ বং / নভেম্বর ১৬, ২০১১ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা/ ম্যানেজিং ডাইরেক্টর

**বিষয়ঃ ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতাদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং ০৮, তারিখ নভেম্বর ০১, ২০১১।

**মোঃ ফজলুল করিম**
সদস্য

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

বিআরপিডি সার্কুলার নং -০৮

তারিখ ঃ নভেম্বর ০১, ২০১১ খ্রিঃ / অগ্রহায়ণ ১৭, ১৪১৮ বং

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

**ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতাদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।**

ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতাদের ব্যাংকিং খাতে অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন পত্র এবং ৳১,৫০,০০০/- (টাকা এক লক্ষ পঞ্চাশ হাজার) পর্যন্ত বীমা পলিসি গ্রহীতাগণ প্রিমিয়াম জমার বই/ জীবন বীমা দলিল এর বিপরীতে ৳১০০/-(টাকা একশত) জমা প্রদানপূর্বক ব্যাংক হিসাব খুলতে পারবে। এ সকল ব্যাংক হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না।

এমতাবস্থায়, ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতাদের ব্যাংকিং সেবা নিশ্চিতকরণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।
অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন।

**চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম**
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/**১০০৩(৩)/২০১১-৭২৯** তারিখ ঃ ০৩/০২/১৪১৯ বং / ১৭/০৫/২০১২ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/ কর্পোরেশন

**বিষয় ঃ কোম্পানী/ কর্পোরেশনের মালিকানাধীন ভুমি, দালান, ফ্ল্যাট ইত্যাদি স্থাবর সম্পদ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

বীমা আইন, ২০১০ এর ৪৯ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আপনাদের কোম্পানী/ কর্পোরেশনের মালিকানাধীন ভূমি, দালান, ফ্ল্যাট ইত্যাদি স্থাবর সম্পদ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আগামী ৩০ জুন, ২০১২ তারিখের মধ্যে সংযুক্ত 'ছক' অনুযায়ী কর্তৃপক্ষ বরাবরে দাখিল করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, যদি আপনাদের কোম্পানী/ কর্পোরেশনের মালিকানাধীন ভূমি, দালান, ফ্ল্যাট ইত্যাদি স্থাবর সম্পদ না থাকে তাহলে তৎমর্মে কোম্পানী/ কর্পোরেশনের মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং হিসাব শাখার প্রধান কর্তৃক স্বাক্ষরকৃত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

**মোঃ ফজলুল করিম**
সদস্য

## Annex: 1

## Details of Land, Building, Space and Flat

Owned by ------------------------------------

| SL. No. | Description of Land/Building/Space/Flat Including size of Land/Building/Flat | Full address of the Land/Building/Space/Flat | Deed no & Regn. Date | Deed Value (payment made in cash and cheque, DD or PO) | Registration & other cost (payment made in cash and cheque, DD or PO) | Total Purchase Cost | Name & Address of Seller With ID Number | Date of Mutation in Favour of purchaser | Current Use of the land/building/space/flat | Target Use of Office, residential or others | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4 | 5 | 6(4+5) | 7 | 8 | 9 | 10 | 11 |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

Note:

1. Provide further details of land in Annex:2
2. Provide copy of the Registration Deed of the Land/Building/Space/Flat
3. Provide approved Drawing Design of the constructed buildi ng/commercial space/flat, as approved by RAJUK and/or appropriate
4. Copy of DCR (Duplicate Carbon Receipt) and Mutation Documents of all Land and Building/Space/Flat
5. All sheets/pages must be signed by the Managing Director and Head of Finance & Accounts of the Company with seal
6. You may use additional sheet/page, if required to provide complete information
7. Item-wise break down of cost
8. Attach valuation report, if any, by professional valuer

## Annex: 2
## Schedule of Properties

| SL No | CS Record (1) | | | | SA Record (2) | | | | RS Record (3) | | | | City Jorip (4) | | | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | JL No | Mouza | Daag | Khatian | JL No | Mouza | Daag | Khatian | JL no | Mouza | Daag | Khatian | JL No | Mouza | Daag | Khatian | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |